শিক্ষা।

দ্বিতীয় ভাগ

(অষ্টাদশ শতাব্দীর [illegible] হইতে কলিকাতা
বিশ্ববিদ্যালয় স্থাপন পর্য্যন্ত।)

শ্রীউপেন্দ্র নাথ মুখোপাধ্যায়।

প্রকাশক

শ্রীশ্রীকালী ঘোষ।

৫৮নং মৃজাপুর ষ্ট্রীট, কলিকাতা।

১৯১৪

সূচীপত্র।

সূচনা।

পৃষ্ঠা।

শিক্ষা

বাঙ্গালীরা ও শিক্ষা।

(১৮৩০—৪০)

১৮৩৫ সাল পর্য্যন্ত এদেশের গবর্ণমেণ্ট, ইংরেজী শিক্ষার পক্ষপ ছিলেন না—গবর্ণমেণ্ট স্কুলে ইংরেজী শিক্ষা দেওয়া হইবে না তাহাই স্থির ছিল। এসময় বাঙ্গালীরা নিজেরাই অসংখ্য ইংরেজী স্কুল খুলিয়াছিল : এসকল স্কুলের তালিকা সংগ্রহ অথবা সংখ্যা নিরূপন করা অসম্ভব। অনেক স্কুল অল্পকাল মাত্র স্থায়ী হইত ; অনেকস্থানে সামান্য মাত্র সংখ্যায় ছাত্র পড়িত। এ নিয়মের অনেক ব্যতিক্রমও ছিল সে সময়ের স্থাপিত স্কুল একটি এখনও দেখিতে পাওয়া যায়। গৌর মোহন আঢ্যের স্থাপিত ওরিয়েণ্টাল সেমিনারী (Oriental Seminary) এখনও কলিকাতার একটী প্রধান বিদ্যালয়

স্কুলের সংখ্যা নিরূপিত করিতে না পারিলেও বাঙ্গালীদের মধ্যে সে সময়ে ইংরেজী শিক্ষার কিরূপ প্রচলন ছিল তাহা নির্দ্ধারণ করা কঠিন নয়। ১৮৩০ সালে যখন পাদরীগণ এদেশে ইংরেজী শিক্ষা প্রদানের প্রস্তাব করেন, তাঁহারা স্বীকার করেন যে তখন কলিকাতা নগরে অন্যূন দুই সহস্র বাঙ্গালী ছাত্র বাঙ্গালীদের স্থাপিত স্কুলে পড়িতেছে। তাঁহারা আরও বলেন যে সমগ্র ভারতবর্ষে তখন যাহারা ইংরেজী পড়িতেছে তাহাদের সংখ্যা এরূপ হইবে না। ১৮৩৫ সালে ট্রেভিলিয়ান সাহেব (Sir Charles Travelyan) হিসাব করেন যে অন্যূন ছয় সহস্র বাঙ্গালী বালক ইংরেজী শিখিতেছিল।

"In Calcutta where there are at last six thousand

boys learning English." ট্রেভিলিয়ান সাহেব সাধারণ শিক্ষা সমিতির (General Committee of Pubiic Instruction) একজন বিশিষ্ট সভ্য ছিলেন।

আর এক উপায়ে সে সময়কার ইংরেজী শিক্ষার প্রচলন সম্বন্ধে আভাস পাওয়া যাইবে। ১৮৩৪,৩৫ সালে কলিকাতা স্কুলবুক ডিপজিটরী হইতে ৩১৬৪৯ খণ্ড ইংরেজী পুস্তক বিক্রয় হয় —

"The people are greedy for European knowledge and crowd to our seminaries in greater number than we can teach them."

এই সময়ে Boutros বলিয়া একজন অধ্যাপক দিল্লি কলেজের প্রিন্সিপাল ছিলেন। তখন দিল্লি কলেজে প্রায় সকল বালকই অপরাপর গবর্ণমেন্ট স্থাপিত কলেজের ন্যায়, পড়িতে মাসহারা চাহিত। Boutros সাহেব সেই সময়ে কলিকাতায় ইংরেজী শিক্ষার প্রচলন সম্বন্ধে লিখিয়াছেন :—

"Tna English language itself has thus become not only of material advantage but it is fashionable in Indian metropolis; a Native gentleman does not like to confess his ignorance of it; it seems as if he would lose caste in the eyes of an Englishman of rank by addressing him in Bengalee. From the operation of the causes above enumerated, in ten or fifteen years more, it will be difficult to find in Calcutta, a man under 30, above the rank of a Palkee bearer, unable to speak English.

বাঙ্গালা দেশের জমিদারগণ সে সময়ে কিরূপ আগ্রহের সহিত শিক্ষা বিস্তারে সহায়তা করিতেন নিম্ন লিখিত অংশ হইতে তাহা কতকটা প্রকাশ পাইবে।

"The Chowdhury Baboos of Taki became anxious that the children in their own zemindary should participate in these benefits. They accordingly set about vigorously doing their part. They erected a spacious school room and school house for the teacher. The latter of which they furnished in the European fashion in a very neat and substantial manner, and they added the liberal allowance of 250 Rs. per month to the salary allowed to the master from the funds of the mission. Thus encouraged, a gentleman who had been employed as an Usher in the parent institution at Calcutta undertook the charge of the Taki school, which soon consisted of upwards of 150 scholars, and in 1835 when visited by the writer of these remarks, the progress of the pupils in the English Language, Geography, General and Bible History, Mathematics and Geometry, was everything gratifying and creditable. Such moreover was the zeal, with which the youths entered into this scheme for their instruction that, at the Annual Examination at Calcutta of the Parent school, a number of them were brought all the way from their native villages to contend for prizes there given, and were not unsuccessful.

দেশের সাধারণ লোকও শিক্ষা লাভের নিমিত্ত সে সময়ে লালায়িত হইয়াছিল। কলকারখানার শ্রমজীবিদিগের পর্য্যন্ত ইংরেজী শিক্ষা লাভের নিমিত্ত আগ্রহ জন্মিয়াছিল।

"Another proof of the value set upon education which we are now bestowing, and of the readiness—of the natives to obtain it for their children, is found in the

fact of ihe native superintendents, employed at the Gloucester Cotton Works in the neighbourhood of Calcutta having applied in 1836 to obtain a schoolmaster from the Assembly's Institution, who shonld be under the immediate control of the missionaries themselves. This was the more easily attainable as the Cotton Works was within twenty miles of Calcutta; and the public spirited superintendent at that time Mr. William Patrick entering at once and heartily into the view of his native workmen, the school was established; and a young native who had for several years been a monitor at the parent institution, was placed in charge of it. It is not the least remarkable circumstance attending this school that several Christian children who had been brought out from Glasgow and Paisley, before their education had been completed, were placed nnder this Native Schoolmaster."

দেশমধ্যে সে সময়ে পল্লীগ্রামের বালকদিগের পর্য্যন্ত ইংরেজী শিক্ষার নিমিত্ত কিরূপ আগ্রহ হইয়াছিল নিম্ন লিখিত অংশ হইতে প্রকাশ হইবে।

"Some gentlemen coming to Calcutta were astonished at the eagerness with which they were pressed for books by a troop of boys who boarded the Steamer from an obscure place called Komercolly (কুমারখালী), A Plato was lying on the table and one of the party asked a boy whether that would serve his purpose. 'O yes, he exclaimed, "give me any book." The gentleman atlast hit upon the expedient of cuttiug up an old Quarterly Review and distributing ths articles among them. In

the evening when some of the party went ashore, the boys of the town flocked round them, expressing their regret that why there was no English School in the place and saying that they hoped that the Governor General to whom they made an application on the subject when on his why up the country, will establish one."

উপরে গৌর মোহন আঢ্যের স্থাপিত স্কুলের কথা বলিয়াছি। সময়ে স্কুলটী কলিকাতার মধ্যে একটী প্রধান বিদ্যালয় হয়। তখন কি ভাবে বাঙ্গালীরা স্কুল স্থাপন করিত, স্কুলে কি পড়ান হইত, তাহা বুঝিবার নিমিত্ত স্কুলের রিপোর্ট হইতে নিম্ন লিখিত সংক্ষিপ্ত বিবরণ সংকলন করিয়া দিলাম।

গৌর মোহন আঢ্যের নিবাস চুঁচুড়ায় ছিল। তিনি সুবর্ণবণিক সম্প্রদায় ভুক্ত ছিলেন। তাঁহার বাল্যাবস্থায় দেশে ইংরেজী স্কুলের সংখ্যা বড় অধিক ছিল না। পরে নিজ চেষ্টায় তিনিইংরেজী ভাষায় ও সাহিত্যে বিশেষ বুৎপত্তি লাভ করেন। ১৮২৯ সালে কলিকাতায় অনেকগুলি ইংরেজী স্কুল বাঙ্গালীরা প্রতিষ্ঠা করেন। হিন্দুস্কুলের বিবরণ লিখিবার পরিচ্ছেদে কি কারণে এরূপ ঘটিয়াছিল তাহা উল্লেখ করিয়াছি। এই সময় গৌরমোহন আঢ্য কলিকাতায় একটী ইংরেজিস্কুল খুলিতে সংকল্প করেন। বাঙ্গালী বালকেরা অল্প মাহিনায় পড়িতে পারে তাহাই তাঁহার উদ্দেশ্য ছিল। বাগবাজারে বসু মল্লিকের ঘাটের নিকট বৈশোহাটা নামকস্থানে তিনি একটী শিশুদের নিমিত্ত বিদ্যালয় (Infant School) খুলেন। এই শুভ অনুষ্ঠানে তিনি তৎকালীন অনেক সম্ভ্রান্ত ও সিশিষ্ট বাঙ্গালীর সাহায্য পাইয়াছিলেন। রাজা রাধাকান্ত দেব, নড়ালের খ্যাতনামা জমিদার রামরতন রায়, রাজা কালীকৃষ্ণ বাহাদুর, কাশীনাথ ঘোষ, বৈষ্ণব দাস মল্লিক ইঁহারা সকলেই নব স্থাপিত স্কুলের পৃষ্টপোষক ছিলেন ও যথাসাধ্য গৌরমোহন আঢ্যকে সহায়তা করিতেন। পঞ্চাশটী ছাত্র লইয়া প্রথমে স্কুলটী স্থাপিত হয়। চারটীমাত্র শ্রেণী ছিল উচ্চতম

শ্রেণীতে Murray's Sequel to the English Reader পড়ান হইত। গৌরমোহন আঢ্য নিজে পড়াইতেন। স্কুলটীর অবস্থা ক্রমশঃ উন্নত হইতে লাগিল, ছাত্র সংখ্যার বৃদ্ধি হেতু বেঁশোহাটার ক্ষুদ্র গৃহটি শীঘ্র পরিত্যাগ করিতে হয়। ৷৷৹ আট আনা হইতে ২৲ দুই টাকা মাহিনা করা হইল; স্থানাভাব হেতু ২।৩ বার বাটী পরিবর্ত্তন করিতে হয়; পরে স্কুলটীর নিজের গৃহ নির্ম্মান হয় ও মূলস্কুল ব্যতীত দুইটী শাখা স্কুল খুলিতে হয়। গৌরমোহন আঢ্য নিজ স্থাপিত স্কুলের চরম উন্নতির অবস্থা দেখিতে পান নাই। ১৮৪৫ সলে ১৩ই ফেব্রুয়ারী তারিখে স্কুলের একটী শিক্ষকের অনুসন্ধানে তিনি শ্রীরামপুর গিয়াছিলেন; কলিকাতায় ফিরিবার সময় নৌকাডুবি হইয়া তাঁহার কাল হয়।

আমাদের মধ্যে অনেকেরই মনে ধারণা আছে যে বিনা সাহায্যে বাঙ্গালীরা কোন বড় উদ্যোগের ভার লইতে পারে না। ১৮৫৪ সালের স্কুলের রিপোর্ট হইতে সে সময়ের শিক্ষক দিগের নাম, পাঠ্য সামগ্রী ছাত্র সংখ্যার তালিকা নীচে উদ্ধৃত করিয়া দিলাম। নিজ চেষ্টায় শিক্ষাপ্রাপ্ত সে সময়কার একজন বাঙ্গালীর স্থাপিত ইংরেজী স্কুলের অবস্থা পাঠ করিলে এ দেশের শিক্ষা বিস্তার সম্বন্ধে অনেক ভুল ধারণা আমাদিগের মন হইতে দূর হইতে পারে।

এই সময়ে স্কুলে তিন প্রকার শিক্ষক পড়াইত। নিম্নকার শ্রেণীতে ফিরিঙ্গী অথবা ইয়োরোপীয়গণ শিক্ষা দিত। ইংরেজী উচ্চারণ ও ইংরেজী ভাষায় জ্ঞান যাহাতে বালকদিগের সহজে হয় সেই অভিপ্রায়ে এই শ্রেণীর শিক্ষকগণ শিক্ষা প্রদান করিত। তাহার উপর কয় শ্রেণীতে ইংরেজী সাহিত্য, ইতিহাস, ভূগোল, অঙ্কশাস্ত্র প্রভৃতি পাঠ্য সামগ্রী শিক্ষিত বাঙ্গালী শিক্ষকগণ পড়াইত। উচ্চতম শ্রেণীতে বিশেষ পারদর্শী ইংরেজ শিক্ষকগণ শিক্ষা প্রদান করিত। তখন উচ্চশ্রেণীতে কি পড়ান হইত নিম্নে তাহার তালিকা দিলাম—

Literature—Shakespeare's plays, Othello, Macbeth, Hamlet, King Lear, Richard II, and The Merchant of Venice ; Young's Night Thoughts to four nights ; Bacon's Essays, the whole ; Burke on the Sublime and Beautiful. History :—Hume's History of England, Reign of Elizabeth, and Robertson's State of Europe and Charles V. Five books. Mental Philosophy : –Stewart as far as the Association of Ideas. Moral Philosophy :—Smith's Moral Sentiments. Natural Philosophy :—Mechanics Hydrostatics, Pneumatics Optics and Astronomy. Mathematics : Six Books of Euclid : Algebra, Quadratic Equations and Proportions. English composition:—Essays. Bengali :—Probode Chandrika and Essays.

THE ORIENTAL SEMINARY.

Twenty fifth year, 1854.

Baboo Hurrakisto Addy — Proprietor and Manager Secretary.

Establishment on the 1st of May, 1854.

Reverend J. Nash D. D, — Principal.

Reverend J. Leigh Spencer, A. M. — Professor of Literature.

ASSISTANTS IN THE SENIOR DEPARTMENT.

1. Pascal De Rozario ; 2, J. De Souza ; 3. A. Wilson and T. D. Lace Esquires.

ASSISTANTS IN THE JUNIOR DEPARTMENT.

1. Baboo Sree Nath Banerjee ; 2. Baboo Rassick Lall Sirkar ; 3. Mr. J. Vallis ; 4. Baboo Ram Sebak Burral ; 5. Baboo Brindabon Biswas ; 6.

Mr. J. Martyn ; 7. Subal Chandra Day ; and 8 Baboo Bostom Charan Day.

Pandit Modoosudhan Chutamani.	Pandit,
Bostom Charan Dey.	Librarian.
Issen Chandra Banerjee,	Writer.

PATSHALA.

Narshing Chandra Bhattacharjia.	Head Pundit.
Ram Jeban Mookerjee.	Assistaut Ditto.
J. De Souza, Esquire.	Headmaster,
Baboo Kaylas Chandra Bosu	First Assistant.
„ Russick Lal Chander.	Second Ditto.
„ Govind Chandra Ghosal.	Third Ditto.
„ Omes Chandra Banerjee.	Fourth Ditto.
„ Dino Nath Mukerjee.	Fifth Ditto.
„ Giridhari Para.	Sixth Ditto.
„ Gopal Chandra Sen.	Seventh Ditto.
Pandit Issur Chandra Nayratna.	Pandit.

BHOWANIPUR BRANCH SCHOOL.

First year, 1854.

J. D. Lace Esquire,	Head Master.
Baboo Goopee Mohan Dutt.	First Assistant.
„ Kaylas Chandra Banerjee.	Second Ditto.
„ Juggut Dallal Bysack.	Third Ditto.
Pandit Bhola Nath Saraswati.	Pandit.

	Pupils.
In the Oriental Seminary	510
Chitpore Road Branch School	335
Patshala	86
Total	931

The number attending the Bhowanipur Branch School. 130

Total 1061

পূর্ব্বে লিখিয়াছি ১৮১৬ সালে গঙ্গাধর ভট্টাচার্য্য বেঙ্গল গেজেট্ প্রকাশ করেন। তাহার পর ১৬ বৎসর, যে সকল বাঙ্গালা সংবাদপত্র প্রকাশ হইয়াছিল, লং (Long) সাহেবের তালিকা হইতে উদ্ধৃত করিয়া দিলাম।

Names of Newspapers r Periodicals.	When first published	How long continued	Names of the writers.	Monthly Price
Bengal Gazette	1816	1 Year	গঙ্গাধর ভট্টাচার্য্য	1-0-0
সমাচার দর্পন	1818	21 Years	J. Marshman	1-0-0
সংবাদ কৌমুদী	1819	33 Years	তারাচাদ দত্ত ও ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়	1-0-0
সমাচার চন্দ্রিকা	১৮২২		ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়	1-0-0
সংবাদ তিমির নাশক		10 Years	কৃষ্ণমোহণ দাস	
বঙ্গদূত		10 Years	নীলরত্ন হালদার	
সংবাদ প্রভাকর	১৮৩০	২৫ বৎসর	ঈশ্বরচন্দ্র গুপ্ত	1-0-0
সংবাদ সুধাকর		৩ ,,	প্রেমচাঁদ রায়	
অনুবাদীক		২ ,,		
জ্ঞানান্বেষণ	১৮৩১	১৩ ,,	দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়	
সুধাকর			রসিক মল্লিক	
সংবাদ-রত্নাকর		১ ,,	P. Roy.	
সমাচার শুভ রাজেন্দ্র		১ ,,	ব্রজমোহন সিংহ	
শাস্ত্র প্রকাশ		১ ,,	দুর্ল্লভচন্দ্র চট্টোপাধ্যায় লক্ষ্মীনারায়ণ বন্দোপাধ্যায়	

কৌতুকের সামগ্রী বলিয়া কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের বার্ষিক বিবরণ (Calender) হইতে নিম্নাংশ উদ্ধৃত করিয়া দিলাম।

THE GENERAL ASSEMBLY'S INSTITUTION, CALCUTTA.

Affiliated, 1864.

This institution was established in 1830, by the General Assembly of the Church of Scotland. It is the oldest (তখন হিন্দুকলেজ ১৪ বৎসর স্থাপিত হইয়াছে) Institution of the kind in India; for it was here that the system, now all but universally followed, was first tried,—of imparting the highest forms of knowledge, including sound Christian instruction, through the medium of the English language. Before this experiment, Bengali or Sanskrit had been exclusively favoured in Bengal by the Government, by Oriental Scholars, and even by Missionaries themselves. The new system was introduced by Dr. Duff, who began his Missionary labours by founding this Institution. Valuable help in the way of procuring pupils was given at the commencement by the famous Rajah Ram Mohon Ray!

গভর্ণমেণ্ট ও শিক্ষা।

(১৮৩০—৪০)

১৮২৯ সালে লর্ড আমহার্ষ্ট এ দেশ হইতে স্বদেশে প্রত্যাবর্ত্তন করেন। সেই বৎসর লর্ড উইলিয়াম বেণ্টিঙ্ক শাসনকর্ত্তা নিযুক্ত হইয়া এ দেশে আসেন। তাঁহার সময়ে এ দেশে প্রকৃত শিক্ষা প্রদান

আরম্ভ হয়। ছয় বৎসর শাসন কার্য্য করিয়া ১৮৩৫ সালে লর্ড বেণ্টিঙ্ক স্বদেশে ফিরিয়া যান।

১৮৩০ সালে সেপ্টেম্বর মাসে কোর্ট অব ডিরেক্টরগণ (Court of Directors) শিক্ষা সম্বন্ধে যাহা ভারত গভর্ণমেণ্টকে লিখিয়াছিলেন তাহা পূর্ব্বে লিখিত হইয়াছে। "এক শ্রেণীর এরূপ লোক প্রস্তুত হওয়া উচিত যে তাহারা বুদ্ধি ও চরিত্রগুণে দেশের দেওয়ানী সংক্রান্ত কাজ করিতে পারিবে"।

"To raise a class of persons qualified by their in elligence and morality for high employments in the civil administration of India." ইহা করিতে গেলে ইউরোপীয় সাহিত্য ও বিজ্ঞানের সহিত ভালরূপে পরিচিত হওয়া উচিৎ। "As the means of bringing about this most desirable object we rely chiefly on their becoming through a familiarity of European literature and science conversant with the ideas and feelings of civilized Europe."

"এ দেশের লোক দিগকে সন্তুষ্ট রাখিবার নিমিত্ত গভর্ণমেণ্ট সংস্কৃত, আরবী, ও ফারসী পড়াইবার নিমিত্ত কলেজ খুলিয়াছিলেন। গভর্ণমেণ্ট প্রাচীন শিক্ষার প্রতি সম্মান প্রদর্শন করিতেছে তাহা দেখিয়া তাহারা সন্তুষ্ট হইবে। বিশেষ পণ্ডিত ও মৌলবীরা সন্তুষ্ট হইবে। যখন আমাদের রাজত্ব নূতন ছিল সেই সময়ের নিমিত্ত এইরূপ রাজনীতি অনুমোদিত, এখন ইহা তত আবশ্যক নহে।"

"The Oriental Colleges were founded as a means of conciliating the people by showing respect for the ancient learning, more especially as a means of conciliating the Pundits and Moulavis. This was politic in the early stage of our Empire in India. It is much less now."

১৮৩০ সাল পর্য্যন্ত বাঙ্গালীরা নিজ চেষ্টায় ইংরেজী শিক্ষার সম্বন্ধে কি করিয়াছিল তাহা পূর্ব্ব-পরিচ্ছেদে লিখিত হইয়াছে। ১৮৩০ সালের পর মিশনারীগণ এদেশে ইংরেজী শিক্ষা বিস্তার করিতে ব্যগ্র হয়, তাহারা কি ভাবে চেষ্টা করিতে ছিল, সে কথাও পূর্ব্বে বলা হইয়াছে। ইংরেজীতে অভিজ্ঞ এদেশীয় কর্ম্মচারীর অভাব (Court of Directors) কোর্ট অফ্ ডিরেক্টর দিগের ভাবিবার বিষয় হইয়াছিল। এ দেশে সে সময় এ অভাব কিরূপ বোধ হইতেছিল তাহা নিম্নে লিখিত উদ্ধৃত অংশ হইতে বুঝা যাইবে!

"Another great change has of late years been made in our Indian Administration which ought alone to excite us to corresponding exertions for the education of the natives. The system established by Lord Cornwallis was based upon the principle of doing everything by European agency. Europeans are no doubt superior to the natives in some of the most important qualities of administration, but the public revenue did not admit of the employment of sufficient number of them. The wheels of Government thus soon became clogged. More than half of the business of the country remained unperformed and at last it became necessary to abandon a plan which after a fair trial had become completely broken down. The plan which Lord William Bentinck substituted for this, was to transact the public business by native agency under European superintendence." Sir Charles Trevelyan.

প্রাচীন ভাষায় পাশ্চাত্য জ্ঞান শিক্ষার সম্বন্ধে বাঙ্গালীরা তখন কিরূপ ভাবিত নিম্নে উদ্ধৃত অংশ হইতে কতকটা প্রকাশ হইবে।

"That we did not succeed in giving to those systems a more effectual impulse was not owing to any want of exertion in our part. We pushed them as far or farther than they would go, and it was only because the natives would not buy the books printed by us, or read them without being paid to do so, that a change was at last resolved on." Ibid.

পাদরিদিগের উত্তেজনাতেই হউক, কোর্ট অফ্ ডিরেক্টরগণের আদেশেই হউক, শাসনকার্য্যের সুবিধার নিমিত্তই হউক, বা অপর কোন কারনেই হউক লর্ড উইলিয়ম বেণ্টিঙ্ক এ দেশে গভর্ণমেণ্ট পরিচালিত স্কুলে ইংরেজী শিক্ষা প্রচলন করিবার সঙ্কল্প করেন। এই সঙ্কল্পটী ৭ই মার্চ্চ ১৮৩৫ সালে তিনি একটী আদেশপত্র আকারে সাধারণ শিক্ষাসমিতির সদস্য-গণের নামে প্রকাশ করেন। মন্তব্যটি প্রকাশ হইবার দিন কয়েকের মধ্যেই শাসনকার্য্য পরিত্যাগ করিয়া লর্ড উইলিয়ম বেণ্টিঙ্ক স্বদেশে প্রত্যাগমন করেন। নিম্নে মন্তব্যটির অনুবাদ ও মূল লিখিত হইল।

LORD BENTINCK'S RESOLUTION.

of 7 March 1835.

His Lordship in Council is of opinion that the great object of the British Governmen t ought to be the promotion of European Literature and science amongst the natives of India and that all the funds appropriated for the purpose of education would be best employed on English education alone.

It is not the intention of his Lordship to abolish any college or school of uative learning, which the native population shall appear to be inclined to avail themselves of the advantages it affords. His Lordship in Council decidedly objects te the practice which has hitherto prevailed of supporting the students during the period of their education. He canceives that the only effect of such a system can be, to give artificial encouragement to branches of learning which, in the natural course of things, would he superseded by more useful studies, and he directs that no stipend shall be given to any student who may hereafter enter at any of these institutions, and that that when any Professor of oriental learning sh all vacate his situation the Committee shall report to the Government the number and state of the class, in order that the Government may be able to decide upon the expediency of appointing a successor.

It has come to the knowledge of his Lordship in Council that a large sum has been expended by the Committee in the printing of oriental works. His Lordship in Council directs that no portion of the funds shall hereafter be so employed.

His Lordship in Council directs that all the funds which these reforms will leave at the disposal of the

Committee, be henceforth employed in imparting to the native population a knowledge of English literature and science through the medium of the English language.

"বড় লাট সাহেবের ইচ্ছা নহে যে এদেশীয় প্রাচীন শিক্ষার নিমিত্ত যে সমস্ত স্কুল বা কলেজ আছে তাহা উঠিয়া যায়। যতদিন পর্য্যন্ত এদেশীয় লোকেরা এই সকল বিদ্যালয় প্রদত্ত শিক্ষা লাভ করিতে ইচ্ছা করিবে ততদিন পর্য্যন্ত এ শ্রেণীর বিদ্যালয়ে প্রতিষ্ঠিত থাকিবে। কিন্তু এই সকল বিদ্যালয়ে পাঠ করিবার সময় ছাত্রদিগের ভরণ পোষণের ভার গ্রহণ করিতে বড়লাট সাহেব সম্পূর্ণ বিরোধী।

তিনি বিবেচনা করেন যে এই প্রথা জারী রাখিলে শিক্ষা প্রদানে এক প্রকার অস্বাভাবিক উৎসাহ প্রদান করা হয়। সে প্রকার শিক্ষার স্থলে নিশ্চয়ই সময়ে অন্য প্রকার প্রয়োজনীয় শিক্ষা প্রচলিত হইবে। তিনি আদেশ করেন যে ভবিষ্যতে এই সকল বিদ্যালয়ে যে সকল ছাত্র ভর্ত্তি হইবে তাহাদিগকে আর মাসহারা দেওয়া হইবে না। আর এই সকল বিদ্যালয়ের অধ্যাপকগণ যখন কার্য্য হইতে অবসর গ্রহণ করিবেন তখন সাধারণ শিক্ষা সমিতির সদস্যগণ ঐ অধ্যাপকের নিকট কত ছাত্র পড়িত ও ছাত্রদিগের শ্রেণীর সংক্রান্ত অপরাপর সংবাদ তালিকা করিয়া গভর্ণমেণ্টের নিকট দাখিল করিবেন। সেই অধ্যাপকের স্থলে অন্য অধ্যাপক নিযুক্ত হইবেন কি না, তালিকা দেখিয়া গভর্ণমেণ্ট স্থির করিবেন। গভর্ণর জেনারেল আরও অবগত হইয়াছেন যে পাশ্চাত্য ভাষায় গ্রন্থ মুদ্রিত করিতে সাধারণ শিক্ষা সমিতি অনেক অর্থ ব্যয় করিয়াছেন। গভর্ণর জেনারেল আদেশ করেন যে ভবিষ্যতে সরকারী আয় হইতে এই উদ্দেশ্যে আর অর্থ না ব্যয় হয়।

গভর্ণর জেনারেল আদেশ করেন যে এইরূপ সংস্কারের ফলে যে অর্থ

উদ্বৃত্ত হইবে সেই অর্থে এ দেশীয় লোকদিগকে ইংরেজী ভাষার সাহায্যে ইংরেজী সাহিত্য ও দর্শন শিক্ষা দেওয়া হইবে।"

গভর্ণমেণ্ট স্থাপিত সাধারণ শিক্ষা সমিতি (General Committee of Public Instruction) তখন শিক্ষা সম্বন্ধে গভর্ণমেণ্টের বেনামি বিভাগ ছিল। ছয় সাত জন উচ্চ পদস্থ ইংরেজ কর্ম্মচারী ইহার সভ্য ছিলেন। তাঁহাদের নিকট হইতে এ সম্বন্ধে মতামত সংগৃহীত হইলে, ইংরেজী শিক্ষা দিবার মতই সাব্যস্ত হইল। একজন কর্ম্মচারী ইহার বিপক্ষে ছিলেন। তিনি তখন সমিতির সভাপতি ছিলেন। তিনি পদ ত্যাগ করিলেন; মেকলে সেই পদে বসিলেন। "গভর্ণর জেনারেলের মত যে এদেশবাসী দিগের মধ্যে ইউরোপীয় সাহিত্য ও বিজ্ঞান শিক্ষা প্রদান ও বিস্তার ইংরেজ রাজ্যের মহান্ উদ্দেশ্য হওয়া উচিত; ও যে সমস্ত অর্থ শিক্ষার নিমিত্ত ব্যয় হয় তাহা কেবল মাত্র ইংরেজী শিক্ষার ব্যয় হওয়া বাঞ্ছনীয়।"

লর্ড বেণ্টিঙ্কের মন্তব্যের ফলে দেশে হুগলি কলেজ, ঢাকা কলেজ, কৃষ্ণ নগর কলেজ স্থাপিত হয়। কলিকাতায় মেডিকেল কলেজও এই সময় খোলা হয়। এই সকল কলেজগুলির উৎপত্তির কথাও সে সময়ে তাহাদের যে অবস্থা ছিল তাহার সংক্ষেপ বৃত্তান্ত নিম্নে লিখিতেছি:--

হুগলি কলেজ।

মহম্মদ মহসীন নামক সিয়ামতাবলম্বী একজন ধর্ম্মপরায়ন মুসলমান ভদ্র লোক হুগলিতে বাস করিতেন। তিনি একজন নিকট আত্মীয়া হইতে অনেক আয়ের ভূসম্পত্তির উত্তরাধিকারী হন। ১৮০৬ সালে মহম্মদ মহসীনের কাল হয়। তাঁহার পুত্র কন্যা অথবা নিকট আত্মীয় কুটুম্ব কেহ ছিল না। মৃত্যুকালে তিনি তাঁহার সম্পত্তি ভগবানের সেবায় (To the service of God) সমর্পণ করিতে সঙ্কল্প করেন ও সেই মর্ম্মে উইল রাখিয়া যান

যশোহর জেলায় তাঁহার সৈয়দ পুরস্থ জমিদারী হইতে বার্ষিক ৪৫০০০, হাজার টাকা আয় হইত ; এতদ্ভিন্ন হুগলির ইমামবারা ও হুগলি জেলায় ইমাম বাজার তাঁহার সম্পত্তি ছিল। তিনি উইলে নির্দ্দেশ করিয়া যান যে তাঁহার সম্পত্তি নয় ভাগ করা হইবে। তিন ভাগ ধর্ম্ম সেবায় ও চার ভাগ কতকগুলি বৃত্তি ও পরিচারক দিগের বেতনের নিমিত্ত ব্যয় হইবে ; বাকি দুই ভাগ একসিকিউটরগণ (Executor) পাইবেন, দুই জন মুসলমান ভদ্রলোক Executors নির্দ্ধারিত হন। সময়ে অর্থ তসরূপ করিবার অভিযোগে গভর্ণমেণ্ট স্বয়ং এক্‌সিকিউটর (Executor) হইলেন ও সম্পত্তি পরিচালনার নিমিত্ত একজন কর্ম্মচারী নিযুক্ত করিলেন ; ইহার ফলে দীর্ঘকাল ব্যাপী মোকদ্দমা চলে ; প্রিভিকাউন্সিলে (Privy Council) পর্য্যন্ত সকল আদালতেই গভর্ণমেণ্টের জয় হয়। যতদিন মোকদ্দমা চলিতে ছিল ততদিন মহম্মদ মহসীনের সম্পত্তির আয় প্রায় সমস্তই জমিতেছিল। তাহার ফলে ১৮৩৫ সালে আট লক্ষ একষট্টি হাজার এক শত টাকা (৮৬১১০০৲) সঞ্চিত হয়। সেই বৎসর এপ্রিল মাসে গভর্ণমেণ্ট হুগলিতে সে অর্থ হইতে কলেজ স্থাপন করিতে সঙ্কল্প করেন।

"The Governer General desires to provide instructions for all classes of the population in every possible branch of useful knowledge"

চুঁচড়ায় নদীতীরে ফরাসী জেনারেল লেপেরন (General Le Perron) ১৮১০ সালে যে অট্টালিকা নির্ম্মান করেন সেই গৃহ খরিদ করিয়া ১৮৩৬ সালে ১লা অগাষ্ট হুগলি কলেজ খোলা হয়। কলেজ খুলিবার তিন দিনের মধ্যে বার শত ছাত্র ইংরেজী বিভাগে ভর্ত্তি হইবার নিমিত্ত উপস্থিত হয়। অনেকে নদীর উভয় পারের তিন চারি ক্রোশ দূরস্থ গ্রাম হইতে আসে, এতদ্ব্যতীত তিন শত জন মুসলমান বালক আরবী ও ফারসী বিভাগে ভর্ত্তি হয়।

প্রথম তিনবৎসর কোনরূপ বেতন গ্রহণ করা হইত না। ছাত্রদিগের পড়িতে পুস্তকাদিও দেওয়া হইত। ১৮৩৯ সালে ছাত্রদিগের মাহিন প্রদানের নিয়ম হইল। অভিভাবকদিগের অবস্থানুসারে ।৷০ আনা হইতে ৫৲ টাকা পর্য্যন্ত মাহিনা স্থির হইল। অনেক দিন পর্য্যন্ত কিন্তু অনেক বালক বিনা বেতনে পড়িত। ১৮৪৬ সালে নিয়ম হইল যে সকল বালককেই মাহিনা দিয়া পড়িতে হইবে। "The two hundred Mahomedan students attending the Madrassa do not pay a single rupee for their education; whereas in the English Department, which is under the same roof, the Hindu students pay eight thousand rupees yearly in tuition fees." হুগলি কলেজের বার্ষিক আয় তখন প্রায় ৫৪ হাজার টাকা ছিল; ব্যয় হইভ ৬২ হাজার টাকা। যে টাকা অনাটন হইত গভর্ণমেণ্ট সাহার্য্য করিতেন। যখন হুগলি Branch school ব্র্যাঞ্চ স্কুল স্থাপিত হয়, তখন হুগলি জেলার জমিদারগণ স্কুল গৃহ নির্ম্মানের ও স্কুলের খরচের নিমিত্ত অনেক টাকা চাঁদা দেন। ব্র্যাঞ্চ স্কুল স্থাপিত হইবার পর সেই টাকা হইতে কিছু বাঁচে; সেই টাকার সুদে মাসিক ৮৲ টাকা হিসাবে হুগলি কলেজে দুটী জলপানি দেওয়া হয়; এতদ্ব্যতীত রাণী কাত্যায়ণী ৫০০০৲ টাকা কলেজে দান করেন; তাহার উপসত্ব হইতে মাসিক ১৬৲ টাকার জলপানি আছে।

প্রথম বৎসরের শেষে ইংরেজী ও ফারসী বিভাগে হুগলি কলেজে ১২৭১ জন ছাত্র পড়িত; তাহার মধ্যে ১০৬৮ জন হিন্দু ইংরেজী বিভাগে পড়িত। ১৬৯ জন মুসলমান ছাত্র আরবী ও ফারসী শিখিত; আর ৩৪ জন ফিরিঙ্গী বালক হিন্দুদিগের সহিত ইংরেজী বিভাগে পড়িত। হুগলি কলেজে বালকের সংখ্যা ক্রমে অনেক হ্রাস হইয়া যায়। যখন কলেজ খোলা হয় তখন স্থির হইয়াছিল যে ৬০০ শত বালকের অধিক

ভর্ত্তী হইবেনা ; তাহার কারণ ছিল, মিশনারীগণ হুগলি ও চুঁচড়ায় অনেকগুলি স্কুল খোলেন, সেই সব স্কুলে বালকেরা বিনা বেতনে অথবা অতি অল্প বেতনে পড়িতে পারিত ; তাহার পর বাঙ্গালীরা চুঁচড়াতে ও নিকটবর্ত্তী গ্রামে স্কুল খুলিতে আরম্ভ করে, এই সকল কারণে পরে বালকের সংখ্যা চারি পাঁচ শতের অধিক হইত না।

ঢাকা কলেজ।

১৮৩৫ সালে (General Committee of Public Instruction) সাধারণ শিক্ষা সভা ঢাকাতে একটী স্কুল খুলিতে সঙ্কল্প করেন। প্রায় ৫০০০৲ টাকা চাঁদা উঠে। মনমোহন ঘোষের পিতা রামলোচন ঘোষের নিবাস ঢাকা জিলায় ছিল। তখন তিনি কলিকাতায় Board of Revenue আফিসে সেরেস্তাদারের কাজ করিতেন। তিনি স্কুল খুলিতে ১০০০৲ টাকা দান করেন। সাধারণ শিক্ষা সভার নিকট তিনি যে পত্র লিখেন তাহা নীচে উদ্ধৃত করিতেছি।

"For the accomplishment of an object so laudable it is, I am persuaded, the bounden duty of every one having the least regard for the prosperity of his own country, to contribute as far as lies in his power and this sentiment induces me to subscribe for the institution to the extent of Rupees one thousand a sum too much for an individual in my circumstances to afford without inconvenience, but which I have ventured to appropriate for the benefit of my countrymen, considering that every person, whether rich or poor ought to advance so far as lies in his power, the cause of education."

কিছুপরে রামলোচন ঘোষ ঢাকা কলেজ সংশ্লিষ্ট কেবল হিন্দু বালক দিগের শিক্ষার নিমিত্ত একটী পাঠশালা খুলিতে ৩০০০৲ টাকা প্রদান করিতে প্রস্তাব করেন। এ টাকা গৃহীত হয় নাই। যে বৎসর ঢাকা কলেজ খোলা হয় সেই বৎসর কলেজে দেড়শত বালক ভর্ত্তী হইয়াছিল। তিন বৎসরের মধ্যে বালকের সংখ্যা প্রায় ৩১০ জন হয়। প্রথম তিন বৎসর কোনরূপ মাহিনা লওয়া হইত না। ১৮৩৮ সালে প্রথম মাহিনা লইবার চেষ্টা হয়;। কিন্তু শীঘ্রই সে চেষ্টা পরিত্যাগ করিতে হইল। ১৮৪৫ সাল হইতে বালকের নিয়মিত বেতন দিতে আরম্ভ করে।

ঢাকা কলেজ যখন খোলা হয় তখন উহা নামে মাত্র কলেজ ছিল। শিক্ষার সীমা অতি সামান্যই ছিল। ১৮৩৭ সালে "The most advanced pupils were reading Goldsmith's History of England and understood some of the propositions of the 1st Book of Euclid."

১৮৪২ সালে স্কুলটী কলেজে পরিণত হয়। England হইতে আনীত Ireland নামক একজন ইংরেজ কলেজের Principal নিযুক্ত হন।

যখন সিনিয়র স্কলারসিপ্ (Senior Scholarship) পরীক্ষা হইত তখন ঢাকা কলেজের ছাত্রেরা হিন্দু ও হুগলি কলেজের ছাত্রদিগের সহিত ঐ পরীক্ষায় প্রতিযোগিতা করিত। বলা বাহুল্য প্রতিযোগিতায় সমকক্ষ হইত।

যখন ঢাকায় স্কুল খোলা হয় তখন ১৪৪ জন ছাত্রের মধ্যে ১২৮ জন হিন্দু, ১০ জন মুসলমান ও ৬ জন খৃষ্টান বালক পাঠ করিত। ১৮৫০ সালে ৩৮৩ জন ছাত্রের মধ্যে ৩২৩ জন হিন্দু, ২৯ জন মুসলমান ও ৩১ জন খৃষ্টান বালক পাঠ করিত।

কৃষ্ণনগর কলেজ।

কৃষ্ণনগরে মিশনারীগণ অনেক দিন হইতেই আড্ডা করিয়াছিলেন ও তৎসঙ্গে স্কুল স্থাপন করিয়াছিলেন। ১৮৪৩ সালে কৃষ্ণনগরে ইংরেজী স্কুল খুলিতে তথাকার সম্ভ্রান্ত বাঙ্গালীরা সঙ্কল্প করেন; সেই উদ্দেশ্যে চাঁদা তোলা হয়। ৩৬০০৲ টাকা সংগৃহীত হইয়াছিল। অর্থ পর্য্যাপ্ত না হওয়ায় সাহায্যের নিমিত্ত গভর্ণমেণ্টের নিকট আবেদন করা হয়; গভর্ণমেণ্ট সাহায্যদানে অস্বীকৃত হন; যে টাকা স্কুল খুলিতে চাঁদা উঠিয়াছিল বাঙ্গালীরা সেই টাকা তথায় মিশনারীগণের স্থাপিত স্কুলে প্রদান করেন।

১৮৪৫ সালে গভর্ণমেণ্ট কৃষ্ণনগরে একটী ইংরেজী কলেজ খুলিতে অভিপ্রায় প্রকাশ করেন "The object of Government in thus providing tha means of a liberal and cheap education, for the inhabitants of these populous Districts, is to advance their moral and intellectual condition, and to fit them for taking that part in the administratiou of public affairs which it is the declared intention of the Legislature to give them, and which on every consideration of sound policy, it is obviously desirable they should possess."

এ সময় (নভেম্বর, ১৮৪৫ সালে) গভর্ণমেণ্টের আদেশে বাঁকুড়া ও বর্দ্ধমানে জেলা স্কুল স্থাপিত হয়, যশোহরে পূর্ব্বেই জেলা স্কুল খোলা হইয়াছিল। এই তিনটি স্কুলের নিমিত্ত চারিটী নিম্নবৃত্তী (Junior Scholarship) মাসিক ৮৲ টাকা হিসাবে নির্দ্ধারিত হইল। বৃত্তিভোগীদিগের কৃষ্ণনগর কলেজে পড়িতে হইত।

১৮৪৬ সালে জানুয়ারী মাসের ১লা তারিখে একটী বাটী ভাড়া লইয়া কৃষ্ণনগর কলেজে স্থাপিত হয়, অল্প দিনের মধ্যেই গৃহ নির্ম্মাণের নিমিত্ত ১৫০৯০৲ টাকা চাঁদা উঠে; নবদ্বীপের মহারাজা ও কাশীম বাজারের রাজা ইঁহারা উভয়েই কলেজ নির্ম্মাণের নিমিত্ত জমি প্রদান করেন। গোয়াড়ির যে অংশকে এখন হরিনাথের বেড় বলে সেই অংশের একভাগ কলেজের নিমিত্ত কাসিমবাজারের রাজা দান করেন। প্রথম বৎসরেই ছাত্র সংখ্যা ২৮৯ জন হয়। বালকদিগের ৩৲ তিন টাকা ও ও ২৲ টাকা হিসাবে মাহিনা দিতে হইত। প্রথম বৎসর যাহারা ভর্ত্তী হইয়াছিল তাহাদিগের মধ্যে ৩ জন মুসলমান, ৩ জন খৃষ্টান, অবশিষ্ট ২৮৩ জন হিন্দু ছিল। উচ্চবৃত্তি (Senior Scholarship) পরীক্ষায় কৃষ্ণনগর কলেজের ছাত্রগণ অন্যান্য কলেজের ছাত্রগণের সহিত প্রতিযোগিতা করিত। ১৮৪৮ সালে গুণানুসারে কৃষ্ণনগর কলেজ হইতে একজন ছাত্র এ পরীক্ষায় প্রথম স্থান অধিকার করে।

সংস্কৃত কলেজ।

১৮৩০ হইতে ১৮৪০ সাল পর্য্যন্ত সংস্কৃত কলেজের শিক্ষার ইতিহাস অনুসন্ধান করিলে অনেক কৌতুকের সামগ্রী পাওয়া যায়। কলেজের Superintendent (তত্ত্বাবধারক) হইলেন একজন ইংরেজ সৈনিক পুরুষ (Captain Price.) ; ডাঃ উইলসন্ (Dr : Wilson) হইলেন প্রধান সম্পাদক। টাকশালের কর্ম্মচারী রস সাহেব (Ross) প্রাকৃতিক বিজ্ঞান স ন্ধে শিক্ষা দিতেন। "They were delivered in English." ছাত্রেরা ই ে জী বুঝিত না। বহু কর্ম্মভার নিপীড়িত ডাক্তর টিট্‌লার (Dr. Tytler) ১৮২৬ সাল হইতে ইয়োরোপীয় চিকিৎসা শাস্ত্রের উপর বক্তৃতা দিতেন। ৫ বৎসর পরে ডাক্তার গ্রাণ্ট (Dr. Grant) সাহেব এনাটমি ও ফিজিওলজি পড়াইতেন। এতদ্ভিন্ন ইয়োরোপীয় মতে রোগ

ও অস্ত্রচিকিৎসা শিক্ষা দেওয়া হইত। ভালরূপে চিকিৎসা শাস্ত্র শিক্ষা দিবার নিমিত্ত কলেজের সংশ্লিষ্ট একটী ছোট হাসপাতাল খোলা হইল। তথায় ত্রিশটি রোগী থাকিবার ব্যবস্থা হয়। তথায় ব্যাকরণ, সাহিত্য, দর্শন ও সনাতন ধর্ম্ম শাস্ত্র অধ্যায়ী, সংস্কৃত কলেজের চিকিৎসা শাস্ত্র অধ্যয়ন ঈপন্সু ছাত্রেরা, ইউরোপীয় মতে রোগ চিকিৎসা ও অস্ত্র ব্যবহার করিতে শিক্ষালাভ করিত। চিকিৎসা শিক্ষা এখানেও শেষ হইত না; তাহাদিগকে সুশ্রুত, চরক, ভাবপ্রকাশ প্রভৃতি সনাতন চিকিৎসা শাস্ত্র উপযুক্ত শিক্ষকের নিকট পাঠ করিতে হইত। এইরূপ মিশ্রিত শিক্ষায় একটু গোল বাধে। কোন কোন ইংরেজ ডাক্তার বলিলেন সে এইরূপ সঙ্কর শিক্ষার প্রয়োজন নাই ও একপ্রকার শিক্ষা দেওয়া উচিত। "Dr. Tytler was very far from recommending any such innovation." ডাঃ টিটলার উভয় শিক্ষার ঘোর পক্ষপাতি ছিলেন। এই মতভেদ লইয়া সাধারণ শিক্ষা সমিতিতে (General Committee of Public Instruction) ঘোর আন্দোলন উপস্থিত হইয়াছিল। তাহারই ফলে পর বৎসর কলিকাতায় মেডিকেল কলেজ স্থাপিত হয়।

সংস্কৃত কলেজে প্রথম হইতেই বেদ পাঠ নিষিদ্ধ ছিল। প্রথম কারণ পড়াইবার লোক পাওয়া সহজ নহে, দ্বিতীয় কারণ পাছে দ্বিজাতী ভিন্ন অপরে ইহা পাঠ করে এই আশঙ্কায় এইরূপ নিয়ম হয়। বাঙ্গলা ভাষার চর্চ্চা প্রথমে আদৌ হইত না। ১৮৩০ সালে ছাত্রগন বাঙ্গলা ভাষা, শিক্ষা ও পরীক্ষার নিমিত্ত ব্যবহার করিতে অনুমতি পায়। ১৮৩৮ সালে পাশ্চাত্য প্রথায় গণিত, ভূগোল, ইতিহাস বাংলা ভাষায় শিক্ষা দিবার নিমিত্ত একজন শিক্ষক নিযুক্ত হন। ইংরেজী শিক্ষা লইয়া বড়ই গোল হইত। ১৮২৭ সালে ইংরেজী ক্লাশ খোলা হয়; কিন্তু এ ক্লাশে বড় সুবিধা হইল না। ১৮৩৫ সালে এ ক্লাশ বন্ধ করিতে হয়। ১৮৪০ সালে Court of Directors দিগের তাড়নায় আবার ইংরেজী ক্লাশ খোলা হয়।

১৮২৩ সালে ১লা জানুয়ারী সংস্কৃত কলেজ খোলা হয়। তখন ৪৯ ছাত্র ভর্ত্তী হয়; দশ বৎসর পরে ছাত্রের সংখ্যা ১৩৫ জন হয়। ১৮৫০ সালে ৩০০ জন বালক পড়িত। বলা বাহুল্য কেহই ইহাদের মধ্যে বেতন দিয়া পড়িত না। সকলেই বিনা বেতনে পড়িত; পরন্তু অনেকে মাসহারা পাইত; ৫৲ টাকা হইতে ৮৲ টাকা মাসহারার নিয়ম ছিল।

সংস্কৃত কলেজের উপর পাদ্রীরা কখনই সদয় ছিলেন না; যখন কলেজ স্থাপন করিবার প্রথম কথা হয়, তখন তৎকালীন সরকারী খ্রীষ্টান ধর্ম্মের প্রধান কর্ম্মচারী বিসপ্ হিবার (Bishop Heber) এ প্রস্তাবে খর্গহস্ত হইয়াছিলেন। সে কথা পূর্ব্বে বলিয়াছি। ১৮৩১ সালে যখন গভর্ণমেণ্ট স্থির করিলেন যে এদেশে সংস্কৃত, আরবী, ও ফারসী শিক্ষা দিবার পরিবর্ত্তে ইংরেজী শিক্ষা দেওয়া হইবে তখন পাদ্রীগণ সংস্কৃত কলেজের বিপক্ষে আর একবার খেপিয়া উঠেন। তাঁহারা বলেন যে সংস্কৃত কলেজের নিমিত্ত গভর্ণমেণ্টের যে অর্থ ব্যয় হয় সে অর্থ ইংরেজী শিক্ষার নিমিত্ত ব্যয় হওয়া উচিত। পাদ্রী ডফ্ এই চেষ্টার মুখপাত্র ছিলেন। এদেশের শিক্ষার সম্বন্ধে লর্ড অকল্যাণ্ডের নিকট ডফ সাহেব তিন খানি পত্র লিখেন। পত্র গুলি এখনও রক্ষিত আছে। এক খানি পত্র হইতে পরে কিছু উদ্ধৃত করিয়া দিয়াছি। ফলে পাদরী সাহেবের জয় হয় নাই।

হিন্দু কলেজ। (১৮৩০-৪০)

১৮৩০ হইতে ১৮৪০ সালের হিন্দু কলেজের শিক্ষার ইতিহাস বিস্তারিত ভাবে লিখিবার প্রয়োজন নাই। পরিদর্শক ডঃ উইলসন কলেজের অভাব সম্বন্ধে জেনারেল কমিটির (General Committee) নিকট রিপোর্ট (report) (সমালোচনা পত্র) পাঠাইতেন। তাঁহারা হিন্দু কলেজের অভিভাবক দিগকে সেই অভাব পূরণ করিতে আদেশ

করিতেন ; অর্থের অভাব হইলে শিক্ষাসমিতির অনুমোদন অনুসারে গভর্ণমেণ্ট সাহায্য করিতেন ও গভর্ণমেণ্ট প্রদত্ত সাহায্যের অনুপাত অনু-সারে কলেজের উপর কর্তৃত্ব প্রসারিত হইত। ১৮৩৫ সালে যখন এদেশের বালকগণকে ইংরেজী শিক্ষা দিবার অভিমত গর্ভর্ণমেণ্ট প্রকাশ করেন, তখন হিন্দু কলেজ গভর্ণমেণ্ট হইতে নিয়মিত সাহায্য পাইতেছিল, নামে ইহা সাহায্যপ্রাপ্ত কলেজ ছিল ; প্রকৃত পক্ষে ইহা তখনই গভর্ণমেণ্ট কলেজ হইয়া দাড়াইয়াছিল। ১৮৪১ সালে ইহা সম্পূর্ণরূপে গভর্ণমেণ্ট কলেজে পরিণত হয়। সেই বৎসর হইতে দেশীয় অভিভাবক গণের সহিত কলেজের সম্পর্ক প্রকৃত পক্ষে এককালে লোপ হয়।

১৮৩২ সালে কোর্ট অফ ডিরেক্টরস্ (Court of Directors) ডাঃ এডামসন্ (Dr. Adamson) নামক একজন পাদ্রীকে ইংলণ্ড হইতে হিন্দু কলেজের প্রধান অধ্যাপক করিয়া পাঠাইতে মনস্থ করেন। এ কথায় হিন্দু কলেজের অভিভাবকগণ আপত্তি করেন ; তাহার ফলে Dr. Adamsonএর নিয়োগ রহিত হয়। ১৮৩০ সালে পরিদর্শক ডাঃ উইলসন্ হিন্দু কলেজের একজন আইন ও নীতি দর্শনের (Law and Moral Philosophy) অধ্যাপকের অভাব জ্ঞাপন (report) করেন। তিনি বলিলেন "a course of lectures on morality might partly, however imperfectly, supply the want of religious instructions and would have a tendency to improve the sentiments and elevate the character of the students. He stated further that the want of such instructions had been felt by the students and that they had formed a society under the superintendence of Mr. De Rozio with the idea of discussing among themselves questions on morals and metaphysics." এই নীতিদর্শনের অধ্যাপক অভাবের

মূলে একটী কথা আছে। এই সময়ের হিন্দু কলেজের বালকগণের মধ্যে, স্বধর্ম্ম বিদ্বেষ রোগ দেখা দেয়। তাহার ফলে ধর্ম্ম ও নীতি সম্বন্ধে তাহাদের মধ্যে তুমুল আন্দোলন উঠে।

ডিরোজিও নামক ফিরিঙ্গী যুবক নিম্নশ্রেণীর একজন শিক্ষক ছিলেন, তিনি, এই দলের গুরু হন। অনেক বিচার ও তর্ক চলিত। "It is understood that these discussions took a very sceptical turn and it may be doubted if their tendency was on the whole beneficial." "Several of the members of the General Committee thought it would be well to encourage this feeling among the students and to give it a right direction. Mr. W. W. Bird was decidedly of opinion that in the absence of religious instruction, which the constitution of the College involved, a course of lectures on morality might be most beneficial" ফলে এ বিচিত্র ইচ্ছা কার্য্যে পরিণত হয় নাই। ডিরোজিওর চাকরী যায় ও অনেক বাঙ্গালী ছাত্র কলেজ পরিত্যাগ করে, একথা পূর্ব্বে বলিয়াছি।

আইন শিক্ষার সম্বন্ধে ১৮৩২ সালে T. Dickens নামক একজন ব্যারিষ্টার আইনের অধ্যাপক নিযুক্ত হন। তিনি তিন মাসের পর কার্য্য পরিত্যাগ করেন। তার পর বৎসর সার জন পিটার গ্রাণ্ট (Sir John Peter Grant) ঐ পদে নিযুক্ত হন। নিযুক্ত হইবার দুই মাস পরে তিনি সুপ্রিম কোর্টের (Supreme Court) জজ হন। সেই কারণে তাঁহাকে ঐ পদ ত্যাগ করিতে হয়। তাহার পর বৎসর, ফারম্যান (Firman) বলিয়া আর এক জন ব্যারিষ্টার ঐ পদে নিযুক্ত হইবার কথা হয়। অনেক দিন পর্য্যন্ত উপযুক্ত ব্যক্তির অভাবে ঐ পদটি খালি থাকে।

১৮৪৪ সালে তখনকার এডভোকেট জেনারেল (Lyall) লায়েল সাহেব বিনা পারিশ্রমিকে ঐ কাজ করিতে স্বীকৃত হন। প্রথমে স্থির হইয়াছিল ফোর্ট উইলিয়ম কলেজের নবাগত সিভিলিয়ান যুবকগণ হিন্দু কলেজের ছাত্রগণের সহিত এক সঙ্গে আইন সম্বন্ধে পাঠ (lectures) শুনিবেন। Court of Directors এই সংবাদ পাইবামাত্র এ বন্দোবস্ত রহিত করিয়া দেন। হুগলি ও হিন্দু কলেজের বালকেরা একসঙ্গে লেক্‌চার শুনিত। হুগলি কলেজের ছাত্রদিগের সপ্তাহে একবার করিয়া কলিকাতায় আসিয়া লেক্‌চার শুনিয়া যাইবার বন্দোবস্ত হইল।

হিন্দু কলেজে ড্রইং শিখাইবার নিমিত্ত একজন শিক্ষক নিযুক্ত হয় একথা বলিয়াছি। ১৮৩৬ সাল হইতে সার্ভেইং (Surveying) শিক্ষা দেওয়া হয়। অনেক দিন হইতেই সিভিল ইঞ্জিনিয়ারিং (Civil Engineering) শিক্ষা দিবার কথা হইতেছিল। কিন্তু এদেশে উপযুক্ত শিক্ষকের অভাবে হিন্দু কলেজে ইঞ্জিনিয়ারিং (Engineering) শিক্ষা কখনও দেওয়া হয় নাই।

১৮৩৯ সাল পর্য্যন্ত হিন্দু কলেজের ইংরেজ শিক্ষকগণ এই দেশ হইতেই নিযুক্ত হইত। সৈনিক ও চিকিৎসা বিভাগের কর্ম্মচারীগণ প্রধানতঃ এই কাজ করিতেন। ১৮৪১ সালে প্রথমে দুইজন ইংরেজ এদেশে শিক্ষক নিযুক্ত হইয়া আসেন। ১৮৫০ সাল পর্য্যন্ত আর চারিজন ইংরেজ শিক্ষক ইংলণ্ড হইতে নিযুক্ত হইয়াছিলেন। ইহাঁরা সকলেই কেমব্রিজ (Cambridge) বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট ছিলেন।

প্রথমে ইহাদের বেতন মাসিক ২৫০ টাকা নির্দ্ধারিত হয়; পরে উহা ৪০০ টাকা হারে পরিবর্দ্ধিত হয়। হিন্দু কলেজে অনেক রকম শিক্ষার চেষ্টা হইয়াছিল; একসময়ে (১৮৩৪ সালে) Lessons on object সম্বন্ধে শিক্ষা দেওয়া হইত। চারি বৎসর পর এই বিফল চেষ্টা পরিত্যাগ হয়। এক সময়ে সঙ্গীত-বিদ্যা শিক্ষা দিবার পর্য্যন্ত চেষ্টা হইয়াছিল।

১৮৪৪ সালে Mr. Harradane নামক একজন ইংরেজ ইউরোপীয় সঙ্গীত শাস্ত্র শিখাইতে ক্লাশ খোলেন। "A class was formed with the sanction of the Committee of management on the understanding that the pupils attending it should pay an additional fee sufficient to remunerate the teacher; but they were not prepared both to learn it and to pay for it." অল্প সময়ের মধ্যেই এ ক্লাশ বন্ধ হইয়া যায়।

হিন্দু কলেজে বাংলা ভাষার দুর্দ্দশা চিরকালই ছিল। যদিও কলেজে বাংলা পড়াইবার যথেষ্ট আয়োজন ছিল, তথাপি নব্য শিক্ষিত যুবকদিগের মধ্যে বাঙ্গলা শিখিতে কেহই রাজি হইত না। ইংরেজ পরিদর্শক প্রতিবৎসরই রিপোর্টে বাঙ্গালী ছেলেদিগের বাঙ্গলা ভাষায় অজ্ঞতা সম্বন্ধে তীব্র কটাক্ষ করিতেন। দেওয়ান রাম কমল সেন ১৮৪১ সালের রিপোর্টে লেখেন "in short they appear to understand English better than their own language to which they attach little or no interest in comparison with English." ১৮৩৭ সালে হিন্দু কলেজের অভিভাবকগণ পাঠশালা নাম দিয়া কলেজের সংলগ্ন একটী বাংলা বিদ্যালয় খুলেন।

জেনারেল কমিটির (General Committee of Educations) সভ্যগণ চিরদিনই হিন্দু কলেজের বালকদিগের সহিত সৎ ব্যবহার করিতেন। তাঁহারা সকলেই ভিন্ন ভিন্ন সরকারী বিভাগেয় প্রধান কর্ম্মচারী ছিলেন, তথাপি নানা কর্ম্ম স্বত্তে ও তাঁহারা কলেজের সহিত ঘনিষ্ঠ সম্পর্ক রাখিতেন ও সময়ে সময়ে কলেজ পরিদর্শন করিতেন, বালকদিগকে পরীক্ষা করিতেন এবং পারিতোষিক বিতরণের সময় উপস্থিত থাকিতেন। লর্ড মেকলে, (Macaulay) এক সময় এই কমিটির সভাপতি ছিলেন—তিনিও প্রায় কলেজে আসিতেন ছাত্রদিগের

শিক্ষা সম্বন্ধে তত্ত্ব গ্রহন করিতেন ও বৎসরের শেষে ছাত্রদিগকে পরীক্ষা করিতেন। তাঁহার পরীক্ষার ফলে (এক বৎসরের) মন্তব্য নিম্নে উদ্ধৃত করিয়া দিলাম। তাঁহার মন্তব্যের সহিত সিনিয়ার বৃত্তি পরীক্ষা সম্বন্ধে কর্ণেল সাইকসের (Sykes) মন্তব্যটি (পরে প্রদত্ত হইয়াছে) তুলনা করিলে মেকলে কতদূর ছিদ্রান্বেষী ও অপরিনামদর্শী ছিলেন তাহা বুঝা যাইবে।

Mr. Macaulay examined the 1st class in general literature and composition in 1836. The following is his report :—

"I have to report to the Committee that I examined the 1st, Class of the students of the Hindu College, and that I was on the whole exceedingly gratified by the manner in which they acquitted themselves.

"I tried them in a very simple passage of Swift, and in another, much more complicated and artificial, from Cowley's dialogue on Oliver Cromwell ; I gave them also a passage, which none of them had ever read, from Shakespeare's King John.

"After they had been examined, I again called up two or three of the most advanced, and gave them passages of considerable difficulty from Lord Bacon's essays. They all read with ease, and most of them with great intelligence. I asked them numerous questions about the writers in whose works I examined them, and about the subjects which these writers had

treated. If I found them well informed, I prosecuted the examination further, and attempted to get to the bottom of what they knew of Western literature and history.

"The young lad Rajnarain Dutt appeared to be well read in English Poetry and answered questions about Shakespeare and Pope better then any of the others, but seems to have paid little attention to other snbjects.

"Indeed, I should be inclined to say that a dispro-portionable degree of attention has been bestowed on this branch of studies, by almost all the students. They all had by heart the names of all the dramatists of the time of Elizabeth and James the First, dramatists of whose works, they in all probability will never see a copy ; Marlow, Ford, Massinger, Decker, and so on. But few of them knew that James the Second was deposed. I have no doubt that Captain Richardson, who seemes most zealous and assiduous in the discharge of his duty, will direct their attention hereafter to the grave as well the lighter parts of English literature."

সেকালের নিম্ন ও উচ্চ বৃত্তির (Junior and Senior scholar-ship) কথা সকলেই শুনিয়াছি। ১৮৩৯ সালে এই বৃত্তির নিমিত্ত পরীক্ষা আরম্ভ হয়। ইহার কথা পরে বলিব। হিন্দু কলেজ গভর্ণমেণ্টের তত্ত্বাবধানে আসিলে গভর্ণমেণ্ট যথেষ্ট অর্থ সাহায্য করিতেন ; কিন্তু

ছাত্রেরাও যথেষ্ট মাহিনা দিত। ১৮৪০ হইতে ১৮৫০ সাল পর্য্যন্ত হিন্দু কলেজের উন্নতির চরম অবস্থা হয়। সেই সময়ে বার্ষিক প্রায় ৬০ হাজার টাকা ব্যয় হইত তাহার মধ্যে ছাত্রদিগের মাহিনা হইতেই প্রায় ৩০ হাজার টাকা উঠিত। সময় সময় ছাত্র সংখ্যা সাড়ে পাঁচ শতের (৫৫০) ও উপর হইত। হিন্দু কলেজে হিন্দু ছাত্রের পড়িবার নিয়ম ছিল, মুসলমান বা খৃষ্টান ছাত্র ভর্ত্তী করা হইত না। "and even the Hindoos who do not belong to the respectable castes."

আর একটী কথা বলিয়া এই অংশ শেষ করিব। হিন্দু কলেজের সহিত, ছাত্র দিগের চিকিৎসার নিমিত্ত একটী ডাক্তার খানা (Dispensary) সংশ্লিষ্ট ছিল। "The Committee have recently with large-hearted benevolence, directed that medicines shall be dispensed and medical aid afforded also to the wives and children of the students." তখন জামাই ষষ্টীর উপলক্ষে কলেজে তিন দিন ছুটির বন্দোবস্ত হইত।

কলিকাতা মেডিকেল কলেজ।

সংস্কৃত কলেজে ডাক্তারী শিক্ষা দেওয়া হইত একথা বলিয়াছি। সে সময় আরও একটী ডাক্তারী শিক্ষা দিবার স্কুল ছিল। সিপাইপল্টনের হাসপাতালে ঔষধ তৈয়ারী করা, বেণ্ডেজ বাঁধা, অল্প সামান্য ডাক্তারী করিবার নিমিত্ত কম্পাউণ্ডার (Compounder) ও ড্রেসার (Dresser) থাকিত। তাহারাই এই স্কুলে শিক্ষা পাইত; যাহারা পড়িত তাহারা সকলেই উত্তর পশ্চিম অঞ্চল বাসী পল্টনের সিপাই হাবিলদার দিগের পুত্র অথবা আত্মীয়। এই স্কুলে অতি সামান্যই ডাক্তারী শিক্ষা দেওয়া হইত; হিন্দিতে লিখিত ছোট ছোট পুস্তক পড়ান হইত; ছাত্রেরা ছাগল কুকুর কাটিয়া শরীর বিদ্যা (Anatomy) শিখিত। ডাক্তার ব্রিটন ও

তাহার পরে অশেষ কর্ম্মপটু ডাক্তার টিটলার (Tytler) শিক্ষকতা করিতেন ; একজনই শিক্ষক থাকিত, তিনি সকল শাস্ত্র পড়াইতেন।

১৮৩৩ সালে এদেশে চিকিৎসা শিক্ষার কথা উঠে। একটী কমিটী গঠিত হয় ; ডাক্তার গ্রাণ্ট (Grant) তাহার সভাপতি হন। স্থির হইল যে সমগ্র চিকিৎসা শাস্ত্র ইংরেজী ভাষায় শিক্ষা দেওয়া হইবে। কমিটীর এই মন্তব্যের ফলে ১৮৩৫ সালের জানুয়ারী মাসে গভর্ণমেণ্ট আদেশ প্রকাশ করেন যে সংস্কৃত কলেজে ও মাদ্রাসায় যে চিকিৎসা শিক্ষা দেওয়া হয়, তাহা বন্ধ হইবে ও তাহার পরিবর্ত্তে কমিটির মন্তব্যানুযায়ী একটী মেডিকেল কলেজ খোলা হইবে। ১৮৩৫ সালের ২০ শে ফেব্রুয়ারী কলিকাতার মেডিকেল কলেজ খোলা হয়। ভর্ত্তী হইবার নিয়ম হইল, যে বালকদিগকে ইংরেজী বাঙ্গালা কিম্বা হিন্দি ও গণিত এই সকল বিষয়ে পরীক্ষা দিতে হইবে ও পরীক্ষার ফল অনুসারে তাহারা ভর্ত্তী হইবে। এই সকল বালকেরা ৭৲ টাকা হইতে ১২৲ টাকা পর্য্যন্ত মাসহারা পাইবে। এতদ্ভিন্ন অপর বালকে বিনা বেতনে পড়িতে পারিবে।

প্রথম বৎসর (১৮৩৫ সালে) পরীক্ষার ফলে ৪৯ জন বৃত্তি প্রাপ্ত ছাত্র ভর্ত্তী হয়, ইহাদের মধ্যে ৪৮ জন হিন্দু ও একজন খৃষ্টান ছিল। ইহা ব্যতীত আরও আটটি হিন্দু বালক বিনা বেতনে পড়িবার নিমিত্ত ভর্ত্তী হয়। ১৮৩৯ সালে দুই জন মুসলমান বালক ভর্ত্তী হয়। দশ বৎসর পরে(১৮৫০ সালে) মেডিকেল কলেজে আশী জন হিন্দু ও নব জন মুসলমান ছাত্র পড়িত। ইহারা কেহই মাহিনা দিতনা। মেডিকেল কলেজে পরীক্ষা চিরকালই কঠিন, সেই বৎসর ৮ জন মাত্র ছাত্র পরীক্ষায় উত্তীর্ণ হয়।

১৮৩৫ সালের ২০শে ফেব্রুয়ারী মেডিকেল কলেজ খোলা হয়, তখন পর্য্যন্ত বর্ত্তমান গৃহ নির্ম্মান হয় নাই। সেই বৎসর মে মাসে যে বাটীতে এখন মেডিকেল কলেজ আছে তাহা বাসোপযোগী হয় ও সেই স্থানে কলেজ উঠিয়া আসে। মেডিকেল কলেজে প্রথম শবচ্ছেদ সম্বন্ধে

অনেক গল্প আছে। গল্পগুলি প্রায় সমস্তই অমূলক। যে বৎসর বাঙ্গালী বালকেরা মেডিকেল কলেজে প্রবেশ করে সেই বৎসর প্রথমে তাহারা নর অস্থি লইয়া অস্থি শাস্ত্র (Osteology) পাঠ করে; পরে শীত ঋতু আসিলে শবচ্ছেদ আরম্ভ করে। এই নিয়ম এখন ও আছে। উপরে লিখিয়াছি পশ্চিম দেশীয় বালকগণ কুকুর কাটিয়া ছাগল কাটিয়া শরীর বিদ্যা শিখিত. ইংরেজ অধ্যাপকগণের আশঙ্কা হইয়াছিল যে বাঙ্গালি বালকেরা নরদেহ চিরিতে অস্বীকৃত হইবে। পরে দেখা গেল এই আশঙ্কার কোন ভিত্তি ছিলনা। ১৮৩৫ সালে ২৮ শে অক্টোবর চারিজন হিন্দু যুবক প্রথমে শবচ্ছেদ করেন। মধুসূদন গুপ্ত তাহাদের পথ প্রদর্শক। ১৮৩৭ সালে (David Hare) ডেভিড হেয়ার মেডিকেল কলেজের সম্পাদক (Secretary) নিযুক্ত হন।

যখন কলেজ খোলা হইল, প্রশ্ন উঠিল যে মেডিকেল কলেজের ছাত্রেরা রোগী দেখিবে কোথায়? সেই সময়ে কলিকাতাতে ইয়োরোপীয়গণদিগের নিমিত্ত জেনারেল হাসপাতাল (General Hospital) ও দেশীয়দের নিমিত্ত নেটিভ হাসপাতাল (Native Hospital), কোম্পাণীর ডাক্তারখানা ও চক্ষু রোগের চিকিৎসালয় এই চারিটি ডাক্তারখানা ছিল। এই চারিটি কলেজ হইতে দূরে অবস্থিত। ইউরোপীয়দের হাসপাতালে শিক্ষা অসম্ভব; কারণ ও প্রদর্শিত হইল"—তাহাদের রোগ এ দেশীয় লোকদিগের রোগ হইতে অনেক বিভিন্ন" "Whose maladies differed materially from those of the native constitution." তখন একটী নূতন হাসপাতাল নির্ম্মানের জন্য অনেক টাকা উঠিয়াছিল। অনেক দেশীয় সম্ভ্রান্ত লোক সাহায্য করিয়াছিলেন। সেই টাকা ও গভর্ণমেণ্ট প্রদত্ত সাহায্যে ১৮৩৮ সালের এপ্রিল মাসে বর্ত্তমান মেডিকেল কলেজ হাসপাতাল খোলা হয়। ছাত্রেরা তখন মেডিকেল কলেজে চার বৎসর পড়িত "At first the Professors held their appointments

on condition that they shonld not engage in private practice but should devote thcir whole time to the interests of the institution. The prohibition no longer exists or if it exists, it has been allowed to become a dead letter."

পূর্ব্বে মেডিকেল কলেজে Military Hospital Assistant দিগের শিক্ষার নিমিত্ত ক্লাশ ছিল। ইহাতে হিন্দি ভাষায় ডাক্তারী শিক্ষা দেওয়া হইত। পড়িবার সময় ছাত্রেরা বৃত্তি পাইত; ইহারা দেশীয় পণ্টনে হাসপাতাল এসিষ্টেন্টের কাজ করিত। আজ প্রায় ৪০ বৎসর এক্লাশ কলিকাতা হইতে উঠিয়া গিয়াছে। বাংলা ক্লাশ ১৮৫২ সালে খোলা হয়। পঞ্চাশটি ছাত্র মাসিক ৫৲ টাকা হারে মাসহারা পাইত। এতদ্ব্যতীত বিনা বেতনে অনেকে পড়িতে পাইত। দুই বৎসর পড়িলেই শিক্ষা শেষ হইত। যাহাকে ইংরেজী মিলিটারি ক্লাশ বলে তাহা ১৮৪৮ সালে খোলা হয়। ইহার পূর্ব্বে ইংরেজ ও ফিরিঙ্গী যুবকগণ হাসপাতালে কাজ করিয়াই চাকরি পাইত।

মেডিকেল কলেজ স্থাপিত হইবার পূর্ব্বে গ্রাণ্ট সাহেবের সভাপতিত্বে যে কমিটী নিযুক্ত হয় সেই কমিটীর সদস্যগণ এদেশের জনকতক বালককে ইংলণ্ডে পাঠাইয়া চিকিৎসা শাস্ত্র শিক্ষা দিবার নিমিত্ত অভিমত প্রকাশ করেন। তখনকার সাধারণ শিক্ষা সমিতি (General Committee of Public Instruction) এই মতের পোষকতা করেন। তাঁহারা বলেন যে চারিটি বালককে একজন মেডিকেল কলেজের অধ্যাপকের সহিত ডাক্তারী শিখিবার নিমিত্ত ইংলণ্ডে পাঠান উচিত খরচ চল্লিশ হাজার টাকার উর্দ্ধ হইবে না। ইঁহারা ফিরিয়া আসিয়া মেডিকেল কলেজের সহকারী অধ্যাপক প্রভৃতির কর্ম্ম করিতে পারিবেন। "to act as Assistant Professors of the Medical College, or

as independent lecturers, or as Superintendents of the Vernacular Medical Schools, which might hereafter be established in the Provinces. It was also hoped that the Court of Directors would be induced to confer upon some of them the appointment of Assistant Surgeons."

গভর্ণমেণ্ট কিন্তু স্বীকৃত হইলেন না। ১৮৪৫ সালের প্রারম্ভে দ্বারিকা নাথ ঠাকুর ইংলণ্ডে দ্বিতীয়বার যাইতে মনস্থ করেন; তিনি দুইটি বাঙ্গালী বালককে সঙ্গে লইয়া যাইতে ও তাহাদের সমস্ত ব্যয়ভার বহন করিতে ইচ্ছা প্রকাশ করেন। ডাক্তার গুডিভ (Goodeve), মেডিকেল কলেজের একজন ইংরেজ শিক্ষক, আর একটী বালককে ইংলণ্ডে লইয়া যাইতে ও তাহার পড়িবার খরচ দিতে স্বীকৃত হন। পরে এই কাজের নিমিত্ত চাঁদা উঠে ও সেই টাকাতে আর একটী বালকের খরচ সঙ্কুলান হয়। ভোলানাথ বসু, গোপাল চন্দ্র শীল, সূর্য্যকুমার চক্রবর্ত্তী, দ্বারিকানাথ বসু, এই চারিজন ছাত্র ডাক্তার গুডিভের সহিত ১৮৪৫ সালের আরম্ভে ইংলণ্ডে চিকিৎসা শাস্ত্র শিখিতে গমন করে। ডাক্তার গুডিভ ইংলণ্ডে এই বালকদিগের অভিভাবকরূপে ছিলেন ও তজ্জন্য মাহিনা পাইতেন। ১৮৪৫ সালের গ্রীষ্মের প্রারম্ভে এই চারিজন বাঙ্গালী যুবক লণ্ডনের ইউনিভার্সিটী কলেজে ভর্ত্তী হয়। সকলেই সুখ্যাতির সহিত পরীক্ষায় উত্তীর্ণ হয়। প্রথম বৎসরেই দুইজন সুবর্ণ পদক পারিতোষিক পায়। ১৮৪৬ সালে শেষে ভোলানাথ বসু, গোপাল চন্দ্র শীল, ও দ্বারিকা নাথ বসু কলেজ অব্ সার্জ্জন (College of Surgeon) পরীক্ষায় মেম্বর উপাধি প্রাপ্ত হন। দ্বারিকা নাথ বসু সেই সময়েই ফিরিয়া আসেন। বাকি তিনজন লণ্ডনে এম, ডি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া দেশে প্রত্যাবর্ত্তন করেন। যে চারিজন ছাত্র ইংলণ্ডে প্রথমে চিকিৎসা শাস্ত্র শিখিতে গিয়াছিলেন, তাহার মধ্যে তিন জন স্বধর্ম্ম পরিত্যাগ করিয়া খৃষ্টান হন;

কেবল ডাঃ ভোলানাথ বসু ধর্ম্ম ত্যাগ করেন নাই। আজ কয় বৎসর হইল তাঁহার কাল হইয়াছে, তিনি স্বীয় জীবনে যাহা উপার্জ্জন করিয়াছিলেন মৃত্যুকালে দেশের কল্যানের নিমিত্ত তাহা সমস্ত উৎসর্গ করিয়া যান।

It is now nearly twenty years since the establishment of the American Mission in Assam. During this period we have by every means in our power endeavoured to make ourselves acquainted with the people and by daily familiar intercourse acquire their language, so as to be able to communicate to them, in the most direct manner the blessings of Science and Christianity. We have also established two Printing Presses and issued the whole. New Testament, portions of the Old Testament, a number of elementary books for Schools, and a monthly paper,

all in the Vernacular. But in the prosecution of our efforts, and specially in the preparation of useful works in the Vernacular, one sore discouragement attends us. I refer to the substitution of Bengali for Assamese in all the Schools and Educational efforts of the Government, so that, instead of being able to bring our own Presses, and books and Schools to act in concert with the efforts of Government we find ourselves far less favourably situated than we had hoped, for effecting immediate and permanent good for this long neglected people.

পাদ্রীগণ যে যুক্তি প্রদর্শন করিয়া বিদ্যালয় সমূহে বাঙ্গালা ভাষার স্থানে আসামীভাষা প্রবর্ত্তন সমর্থন করিতেন সে যুক্তি সম্বন্ধে একটু আলোচনা প্রয়োজন। জন সাধারণ আসামবাসী পুস্তক লিখিত বাঙ্গালাভাষা বুঝে না। বাঙ্গলা পুস্তক বুঝাইতে হইলে প্রচলিত আসামী ভাষার কথার অর্থ অথবা লিখিতাংশের ভাব বুঝাইয়া দিতে হয়। পাদ্রীগণের এই কথাগুলি এককালে অমূলক নহে; তবে পাদ্রীগণ অনেকগুলি কথা আদৌ বলিলেন না। আসামে, বিশেষ কামরূপ বিভাগে অনেক টোল চতুষ্পাঠী আছে, তখনও ছিল। অনেক আসামী বিদ্যার্থী নবদ্বীপে আসিয়া টোল চতুষ্পাঠীতে অধ্যয়ন করিতেন। আসামে ফিরিয়া গিয়া ইঁহাদের মধ্যে অনেকেই অধ্যাপনার কাজ করিতেন। বলা বাহুল্য ইঁহারা যখন নবদ্বীপে অধ্যয়ন করিতেন, বাঙ্গালী অধ্যাপকদিগের নিকট পাঠ অভ্যাস করিতে কোন প্রকারই কষ্ট বা অসুবিধা বোধ করিতেন না। দূর পল্লীবাসী আসামী কৃষক অথবা সেই শ্রেণীর লোকেরা পুস্তকে লিখিত বাঙ্গলা যে সহজে বুঝিতে পারিত না তাহা আশ্চর্য্য নয়। একথা শুধু

আসামবাসী দিগের সম্বন্ধে খাটে তাহা নহে। বাঙ্গলা দেশের অধিকাংশ জেলার লোক সংন্ধে একথা খাটে। মানভূম সাঁওতাল পরগণা হইতে ব্রহ্মদেশের সীমা পর্য্যন্ত সকল জেলারই অজ্ঞ লোকে বিশুদ্ধ অথবা পুস্তক লিখিত বাঙ্গালা বুঝিতে অসুবিধা বোধ করে। কেবল অজ্ঞ লোক নহে, ভদ্র ঘরের বালকবালিকাদিগকেও বিশুদ্ধ বাঙ্গলা বুঝাইতে হইলে বাঙ্গলার অপভ্রংশ কথিত ও গ্রাম্য বাঙ্গলায় অর্থ বুঝা‧তে হয়। "সূর্য্য উঠিয়াছে, ক্ষুধা পাইয়াছে" ইহাদের অর্থ সূয্যি উঠেছে ক্ষিধে পেয়েছে সকল বাঙ্গালীর ছেলেরাই করিয়াছে। একথা কেবল আমাদের দেশের ‧ক্ষে খাটে এমন নহে, ই‧লণ্ড ও ইউরোপীয় অপরাপর দেশেও এইরূপ অবস্থা। তবে এখন সে সকল দেশে বাধ্যকরী শিক্ষা আইন অনুসারে প্রবর্ত্তিত হইয়াছে সেই কারণে গ্রাম্য ভাষা ক্রমে ক্রমে লোপ পাইতেছে। যে সময়ে পাদ্রীগণ নিজেদের কার্য্যের সুবিধার নিমিত্ত এই ভাবে আন্দোলন করিতেছিলেন তখন ইংলণ্ডে বাধ্যকরী শিক্ষার আ‧ন পাশ হয় নাই।

নিম্নে স্কুল ইনস্পেক্টর রবিনসন সাহেবের (Mr. Robinson) পাদ্রী গণের যুক্তির বিপক্ষে প্রতিবাদ উদ্ধৃত করিয়া দিলাম। কমিশনার জেনকিনস সাহেব (Mr. Jenkins) রবিনসন সাহেবের সহিত সম্পূর্ণভাবে একমত প্রকাশ করিয়াছিলেন। পূর্ব্বে বলিয়াছি এ আন্দোলনের ফলে পাদ্রীদিগের জয় হইল, তাহাদেরই অনুরোধ রক্ষা হইল ই‧রেজ কর্ম্মচারী-গণ পরাভূত হইলেন।

আর এক কারণে রবিনসন সাহেবের যুক্তিগুলি উদ্ধৃত করিয়া দিলাম। আজ দশ বৎসর হইল কথা উঠে, যে পূর্ব্ব বাঙ্গালায় বাঙ্গলার পরিবর্ত্তে মুসলমানী ভাষা স্কুলে প্রবর্ত্তিত হইবে। একথা সংন্ধে গবর্ণমেণ্টের পক্ষ হইতে কোনরূপ মন্তব্য বা আদেশ বাহির হইয়াছিল কিনা তাহা আমি অবগত নহি। তবে কর্ম্মচারী মহলে ও জন সাধারণের মধ্যেও একথা লইয়া আন্দোলন হইয়াছিল। যে কারণেই হউক এ আন্দোলন অনুযায়ী

তখন কোনও কাজ হয় নাই। অনেকের মনে ধারণা, যে এই প্রশ্নটী শীঘ্রই হউক বা বিলম্বেই হউক, পুনরায় উঠিবে। এমন কি বাঙ্গলা ভাষার পরিবর্ত্তে ইহার অপভ্রংশ আরও কোনও ভাষা, আংশিক ভাবেই হউক বা সম্পূর্ণ ভাবেই হউক, পূর্ব্ব ও উত্তর বঙ্গ স্কুল সমূহে প্রবর্ত্তিত হইবার সূচনা এখনই আরম্ভ হইয়াছে। পঞ্চাশ বৎসর পূর্ব্বে বর্ত্তমান ইংরেজ কর্ম্মচারীগণের পূর্ব্ববর্ত্তী স্বশ্রেণীর রাজপুরুষগণ আসাম প্রদেশে পাদ্রীগণের প্রস্তাবিত আসামী ভাষা প্রচলনের বিপক্ষে যে সকল যুক্তি প্রদর্শন করিয়াছিলেন সেই সকল যুক্তি জানিতে বাঙ্গালী মাত্রেরই কৌতুহল হইবে। সেই কারণে অংশটি দীর্ঘ হইলেও নিম্নে উদ্ধৃত করিয়া দিলাম।

Some remarks in defence of the use of Bengali in the Government Schools of Assam.

By William Robinson Esqr.

Inspector of Government Schools, Assam.

A few words will suffice to explain on what grounds I would defend the use of Bengali in the Government Schools in this Province

The language spoken in Assam I belive to be essentially the same as the Bengali

That there are a few discrepancies I admit ; but they are not of sufficient importance to affect the general truth of the proposition, and if this can be maintained it will, I trust, need no argument to show that it will be better for the interests of the people that we avail ourselves of the books that have been prepared, and may

yet be published for the thirty millions of Bengal in preference to creating a distinct literature for a comparatively small section of the people, merely for the sake of perpetuating what at best is but a dialectic difference.

I have said there are a few discrepancies between the Assamese and the Bengali-These are essentially in the Grammar and not in the Vocabulary.

When making a comparison between the Assamese and the Bengali, it should be borne in mind that during the last half century the latter has been in a transitional state. The progress of Education leading to the revival of classical literature, has exercised no inconsiderable influence in refining and polishing it, and developing its resources in a manner which harmonizes with its peculiar genius and analogies.

In many cases, an acquaintance with the classical Sanskrit has led writers into an affection of pedantry and the introduction of terms which to their morbid taste appeared more energetic and brilliant than those which the vernacular stock supplied. Indeed to so great an extent have these Sanskrit interpolations been admitted, that the so-called Bengali Compositions are perfectly unintelligible to one, unaquainted with the Sanskrit. At the same time there can be no doubt

that the Bengali has greatly benefitted by this connection. The language was extremely clumsy and uncouth. It needed a *literature* to render it compact, energetic, and harmonious. When this began to be formed, those who had imbibed from the Sanskirt its graces of diction and style, introduced them into their Native language. This reduced the elements to greater uniformity, moulded them into greater elegance, harmony, greatly diminished its uncouthness and its deformities and brought the language to its present state of refinement.

But we are not to suppose for a moment that the changes which have brought about so beneficial an effect in the Bengali language have been simultaneous and proceeded *pari passu* through every part of the country through which it is spoken. We might be sure if we reasoned only *a priori* that they *would not*, and we know from abundant evidence that they *have* not. The more remote parts of Bengal, those which were least likely to be influenced by the innovations, introduced them at the seats of learning in and about Nadia and the Directors of the periodic Press in the metropolis retain to this day not only a large number of vocables but several idioms and grammatical forms, which are unintelligible, except in those parts where they have been prescriptively used.

Dr. Buchanan in his topography of the district of Dinajpur has the following remarks, which I quote in order to show that I am not singular in my opinion :--"The prakirt or the polite language of Bengal" he states, "may be considered as a dead language. All persons of a liberal education are acquainted with it, and among them it is the usual means of correspondence and the language of ordinary composition. But among the common people probably *one in the thousand may understand it.*"

Let it not, however, be supposed that the colloquial dialect the "upobhasa" as it is termed is *identically* the same in all parts of Bengal. There are differences more or less great in almost every zillah, glottological differences as well as differences in grammatical form, so that the Bengalis coming from distantly situated zillahs are unable to understand each other except through the medium of the written language or the language of the books. Now it is, I fear, usual with those who maintain that the Assamese is a language distinct from the Bengali to draw their conclusions from a comparison of the colloquial language of Assam with refined and elegant Bangali they find in books. This is far from being a correct mode of procedure and necessarily leads to incorrect results. I have not just now means of ap-

pending a comparative statement of words and phrases in Assamese or any other dialect spoken in Bengal; but could the composition be made, I have little doubt that in most instances even the grammatical forms in which by the way the only difference exists, will be found to assimilate.

The vocables common in Assam, are essentially the same as those in use by the Bengalis, save in a very few exceptions, derived from other sources, but the number of those is so small, that they may be considered as almost a vanishing quantity, insufficient to alter the ratio of the elements of the national language. The close affinity between the two languages has however been greatly disguised by *differences of form*; not merely by those which are the consequence of natural development and progress of the Bengali, but by the interchanges of letters in the Assamese, the slovenly modes of pronounciation and the very capricious varieties of spelling, displayed by the people of Assam. To this I must add that Mr. Brown's system of spelling has tended to a still greater degree to widen the difference. It professes, I believe, to be a phonetic system, but where there is such a variety in the modes of pronounciation, it is to be inferred that Mr. Brown has adopted that most common to his part of the country, and this has

been set up as the standard. The system is at least but an arbitrary one, and the sooner it is relinquished for the conventional system of the Bengali, the sooner will the differences between the two languages vanish away.

But suppose the concessions were made that there are no more differences between the colloquial dialect of Assam and the language of the Bengali books than there are between the [illegible] and the dialects usually spoken in Bengal, it may yet be asked, whether if we intend to popularize instruction, it would not be preferable to supply the people with books in the *colloquial* dialect regardless whether that dialect be more or less closely connected *with* the more polished style in use in Bengali compositions? To this, I reply, that the elementary school-books should certainly be written in the simplest style possible, so as to suit mental capacities of the children for whom they are intended. They ought not in the early stages of their career to be bored with a phraseology they are unaccustomed to. It is far more important they should acquire new ideas than that they should be engaged in the acquisition of new words. Hence in the books we now see prepared in the English for children, the style is simple, and the phraseology such as children are accustomed to use. To introduce into our schools such works as Dr. Yate's

Translation of Solomon's Proverbs, his "Vernacular School Book Reader "etc is just as preposterous as it would be to exchange the little story books common in our nurseries for Macaulay's History of England, or works written in the ponderous style of Johnson.

But I would ask, are these simple elementory books prepared for children written in the various provincialisms which are the ordinary Colloquial dialect of the common people of England ? Are the rules of orthography, common to the language, discarded in them ? Then why should we not pare away all crudities from the provincial Assamese, and furnish our schools with books freed from all vulgurisms of expression, and have the words spelt according to the prescriptive Rules of Orthography ; and thus prepare our pupils to read with ease, the books written in the more elaborately polished styles, now common to work, written in Bengali.

If we choose to spell.

কিছু	some	কিস্থ্য
অন্যায়ী	unjust	অন্যাহ
বুড়া	old	বুঢ়া
ইন্দুর	a rat	অন্দুর
ক্ষমা	pardon	খেমা
খুঁজ	wish	খোজো

We may deceive the eye, but the difference is only in form, the word remain the same.

There is a specimen of the dialect spoken by the Lancashire peasants taken from "Th' okeawnt with Eggsheebeeshun.

"Theyme sum with granddist Karpits has avur an clapt mee een on an ondur heawfoke cud foinde ethur 'arts fur to cet thur shune on um."

Is there not some difference between this language and that used by Johnson? The orthography appears different, the grammatical forms are different, the vocables themselves, as here given, it would be impossible to find in any dictionary of the English language. Because the illiterate choose thus to murder the Queen's English, is it necessary that those who seek to elevate them by the means of Education should descend to the same level? Call this a distinct language, the Vernacular dialect of the people, having more points of difference from, than of resemblance to, the language usually known as the English, and proceed to prepare school—books in it?

And is not this just what the advocates of Assamese wish us to do?

To sum up then, I believe the language spoken in Assam to be essentially the same as the Bengali.

The vocables are the same disguised only by difference of form.

In the grammatical inflections, the differences are greater when compared with the present polished language of the books, but these deflections in grammatical structure may all be found in the Colloquial dialects of Bengal.

যে সময়ের কথা বলিতেছি সেই সময়ে আসাম হইতে আসামী বালকেরা গভর্ণমেণ্টের বৃত্তি পাইয়া কলিকাতা মেডিকেল কলেজে বাঙ্গলা ক্লাসে বাঙ্গালী ছাত্রদিগের সহিত ডাক্তারি পড়িত। বলা বাহুল্য শিক্ষকেরা বাঙ্গালী ছিলেন ও বাঙ্গালা ভাষায় শিক্ষা দেওয়া হইত।

সে কালের স্কুলের কথা।

নিম্নে সেকালের স্কুল গুলির উৎপত্তি সংক্ষেপে লিখিলাম। প্রায় সকল গুলিই এখন গভর্মেণ্টের অধীনে আসিয়াছে। বিশ্ববিদ্যালয় স্থাপন সময় যে সকল স্কুল সাহায্য পাইত তাহার তালিকা পরে দিয়াছি। স্থানে স্থানে সেকালের পারিতোষিক প্রাপ্ত ছাত্রদিগের নাম দিলাম। সে সময় যাহারা নিম্ন বৃত্তি পায় যতদূর সংগ্রহ করিতে পারিয়াছি তাহাদের তালিকা পরে দিয়াছি।

হেয়ার স্কুল।

এ স্কুলটীর অনেকবার নাম পরিবর্ত্তন হইয়াছে, প্রথমে ইহার নাম ছিল স্কুল সোসাইটী স্কুল, তাহার পরে নাম হয় হিন্দুকলেজ ব্রাঞ্চ স্কুল, তাহার পর ইহার নাম ছিল কলুটোলা ব্রাঞ্চ স্কুল পরে ইহার বর্ত্তমান নাম হয়। পূর্ব্ব পরিচ্ছেদে লিখিয়াছি যে কলিকাতা স্কুল সোসাইটী (Calcutta school Society) কলিকাতাতে পাঁচটী স্কুল স্থাপন করে। ইহার মধ্যে একটী স্কুল হেয়ার সাহেবের হাতে তাহারা প্রদান করে। তখন ইহা আরপুলিতে ছিল। ১৮৪২ সালে মে মাসে হেয়ার সাহেবের

মৃত্যুর পূর্ব্বেই ইহা শিক্ষা সমিতির (General Commitce of Public Instruction) অধীনে আসে ও ইহার নাম হিন্দু কলেজ ব্রাঞ্চ স্কুল হয়। কলিকাতা স্কুল সোসাইটী ত্রিশটী করিয়া ছাত্র হিন্দু কলেজে পাঠাইত ও তাহাদের মাহিনার স্বরূপ মাসিক দেড়শত টাকা প্রদান করিত। যখন আর চারিটী সোসাইটীর স্কুল উঠিয়া যায় তখন এই স্কুল হইতেই ত্রিশটী করিয়া ছাত্র হিন্দু কলেজে স্থান থাকিলে বিনাবেতনে পড়িতে পারিত। ১৮৫৩ সালে এই নিয়মটী উঠিয়া যায়। স্কুলটীর আর্থিক অবস্থা চিরদিনই ভাল। ১৮৪৭ সালে ভবানীচরণ দত্তের গলিতে স্কুলের গৃহ নির্ম্মাণ হয়। জায়গাটি হিন্দুকলেজের অভিভাবকগণের ছিল। ঐ গৃহে পরে বর্ত্তমান প্রেসিডেন্সি কলেজের কেমিষ্ট্রীর ল্যাবরটারিস্থান পায়। বাড়ীটি নির্ম্মাণ করিতে নয় হাজার দুই শত ষাট টাকা খরচ পড়ে। গভর্ণমেণ্ট ছয় হাজার টাকা ধার দেন, চাঁদা হইতে ১৮২০ টাকা উঠে উদ্বৃত্ত স্কুলের বেতন হইতে দুই বৎসরের মধ্যে গভর্ণমেণ্টের দেনা শোধ যায়। পরে আর দুই খানি ঘর করিতে গভর্ণমেণ্ট দুই হাজার টাকা দেনা দেয়। হিন্দু কলেজ ভাঙ্গিয়া গেলে ইহার নাম কলুটোলা ব্রাঞ্চ স্কুল হয়। ১৮৭২ সালে স্কুলটী বর্ত্তমান গৃহে উঠিয়া আসে। তখন হইতেই ইহার নাম হেয়ার স্কুল হয়।

This School is rising in great estimation among the natives and poor classes. The number of pupils on the roll on the 31st December 1845, amounted to 495, viz. 182 free and 313 pay students. It has since attained the full compliment of 500 pupils, and numerous applications are registered and kept back for want of accomodation. Average attendance during the year 1845, 397.

The School was examined by Messers Halford Rees, Jones and Brennand of the Hindu College.

HARE SCHOOL.

Report of Mr. Jones :—

1845-46.

The building of a school house, capable of accomodating 500 boys, has been commenced on the spare ground belonging to the Hindu College, on the west side of the College Street, which the Commitee of Management have agreed to allot for that purpose. The estimated cost of that building is Co.'s rupees 9,260-6-6. The Government has been pleased to sanction an advance of Co.'s rupees 6,000 out of the educational funds towards the expenses of the building to be repaid by monthly instalments of Rs. 100 and the remainder has been provided by private subscriptions and surplus contributions of schooling fees as noted below.

Advance from the educational fund repayable by instalment of Rs. 100, per month	Rs. 6,000-0-0
Private Subscription realized ...	Rs. 1,820-0-0
Interest on money lent out, ...	Rs. 139-1-0
Balance to be provided out of the surplus schooling fee (minus) the amount of interest which may be gained hereafter. ...	Rs. 1,301-5-6
Total Company's ...	Rs. 9,260-6-6

হেয়ার স্কুলে নিম্নবৃত্তি পরীক্ষায় অনেক সময় বালকেরা উচ্চ স্থান অধিকার করিতে পারিত না। তাহার এক কারণ ছিল। প্রতি বৎসর প্রথম শ্রেণী হইতে ত্রিশ জন পারদর্শী ছাত্র এই স্কুল হইতে হিন্দু কলেজে যাইয়া বিনা বেতনে পড়িতে পারিত।

"It is justice to add that the second class of the Hindu College received annually from this school it's best recruits and the greater number of my best scholars in the College were nursed in this seminary." (Mr. Rees. Prof. of Mathematics Hindu College, 1846.)

হেয়ার স্কুলের ছাত্র সংখ্যা প্রায় ৫০০ শত করিয়া হইত। ১৮৫১ সালে মাহিনার এইরূপ অবস্থা ছিল।

বিনা বেতন	...	...	১২ জন।
তিন টাকা বেতন	...	...	৩৭ জন।
দুই টাকা বেতন	...	...	৩৩৩ জন।
এক টাকা বেতন	...	...	৭৩ জন।
সর্ব্বশুদ্ধ	...	...	৪৫৫ জন।

পূর্ব্বে কেবল হিন্দু বালকই গ্রহণ করা হইত। ১৮৫২ সালে অপর সম্প্রদায়ভুক্ত বালক ভর্ত্তি করিবার নিয়ম হয়। তাহার ফলে সেই বৎসর দুইজন ইউরোপীয়, দুইজন বাঙ্গালী খ্রীষ্টান ও দুইজন মুসলমান বালক ভর্ত্তি হয়। ঐ বৎসর স্কুলের মাহিনা হইতে হাজার টাকা General Education fundএর লাভ হয়।

এখন হেয়ার সাহেবের নামে স্কুল গৃহে যে স্মৃতি প্রস্তর গাঁথা আছে, ১৮৪৭ সালে তাহা লিখিত হয়।

This Tablet Erected by His Native friends and pupils
IS
SACRED TO THE MEMORY
OF
DAVID HARE.

Who subduing the natural desire to return to the land of his birth, devoted his fortune, his energies and his life, to the best interest of India, his adopted country, where he will ever be affectionately remembered as the father of Native Education. Born in—Died in Calcutta. June 1st. 1842.

Ah, warm philanthropist ! Ah faithful friend !
Thy life devoted to one generous end—
To bless the Hindu mind with British lore,
And truths and nature's faded light restore.
If for a day that lofty aim was crost,
You grieved, like Titus, that a day was lost.
Alas ! it is not now a few brief hours.
That fate withholds, a heavier grief o'erpowers.
A nation whom you loved as if your own—
A life that gave the life of life, is gone !

হেয়ার স্কুলের প্রথম শিক্ষকদিগের নাম ।

রাধা মাধব দে ।
ডবলিউ, জে টোয়েণ্টিমান ।
জে, কে বর্জাস ।
পিয়ারী চরণ সরকার ।
গিরীশচন্দ্র দেব ।

হিন্দু কলেজ পাঠশালা।

১৮৪০ সালে ইহা স্থাপিত হয়। বাস্তবিকই ইহা পাঠশালা ছিল। চার হইতে আট বৎসরের বালক পড়িত।

Cheifly resorted by children of both rich and middle classes শিশুগুলি প্রধানতঃ বাঙ্গালা পড়িত। সর্ব্বোচ্চ শ্রেণীর পরীক্ষার ফলে জন কয়েক বিশেষ পারদর্শী বালক হিন্দু কলেজের নিম্ন শ্রেণীতে বিনা বেতনে পড়িতে পারিত।

ছাত্র সংখ্যা নিতান্ত অল্প হইত না। দেড় শত হইতে দুই শতর উপর বালক সময় সময় পড়িত। ১৮৬২ সালে বহুবাজারে একটি ভাড়াটিয়া বাটীতে এই স্কুলটী উঠিয়া যায়।

রসা পাগলা স্কুল।

মহীশুর রাজবংশীয় বালকদের শিক্ষার নিমিত্ত টালীগঞ্জে এই স্কুলটি স্থাপিত হয়। ইংরেজী, আরবী, ফারসী ও বাঙ্গালা শিক্ষা দেওয়া হইত। স্কুলের মাহিনা ছিল না। একজন ইংরেজ সৈনিক কর্ম্মচারীর অধীনে ঐ বংশীয় জনকয়েক সম্ভ্রান্ত মুসলমান পরিচালনা সভায় সভ্য থাকিতেন। ঐ সৈনিক কর্ম্মচারিটি মহীশুর রাজবংশীয়দিগের তৎকালীন তত্ত্বাবধারকের (Superintendent) কাজ করিতেন। ১৮৪৫ সালে ঐ বংশীয় বালক ভিন্ন স্কুলটী অপর সম্ভ্রান্ত বংশীয় মুসলমান বালক ভর্ত্তি করিবার অনুমতি পায়। তাহার ফলে ছাত্রসংখ্যা ১৮৪৫ সালে ৭২ জন হয়। চারি বৎসর পরে হিন্দু বালকগণকে ভর্ত্তি করিবার নিয়ম হয় সে বৎসরই ছাত্রসংখ্যা ৬০ জন হয়। তখন Gay's Fables প্রথম শ্রেণীতে পড়ান হইত। ১৮৫০ সালে প্রিন্স গোলাম মহম্মদ স্কুলে বাঙ্গালা পরীক্ষা করেন। তিনি এত অধিক ছাত্র একা পরীক্ষা করিতে পারেন নাই। প্রধান শিক্ষক ডবলিউ স্কট্ তাঁহাকে সাহায্য

করে। ১৮৫২ সালে অনেক মুসলমান বালক স্কুলটী পরিত্যাগ করে। প্রস্তাব হয় যে হিন্দু বালকদিগকে কেবল বেতন দিয়া পড়িতে হইবে এবং মুসলমানেরা বিনা বেতনে পড়িবে। বালকেরা নিম্নবৃত্তি পরীক্ষা দিবার অধিকার পায়। দশজন হিন্দু বালক এই বৃত্তিটী পায়। ১৮৬২ সালে স্কুলটী উঠিয়া যায়।

হাবড়া স্কুল।

১৮৪৩ খৃ ডিসেম্বর মাসে হাবড়া গভর্মেণ্ট স্কুল স্থাপিত হয়। Delanougerede বলিয়া একজন ফিরিঙ্গি হেড্ মাষ্টার ছিলেন। বাবু ভগবতি চরণ ঘোষ ও ভোলানাথ ঘোষ দ্বিতীয় ও তৃতীয় শিক্ষক ছিলেন। প্রথমে ৬০৲ টাকা ভাড়া দিয়া একটি বাড়ীতে স্কুল বসিত। সেই বৎসরই গৃহ নির্ম্মাণের জন্য ৩৮০০৲ টাকা উঠে। ১৮৪৮ সালে স্কুলটি নুতন গৃহে উঠিয়া আসে। ১৮৫১ সালে ভূদেব মুখোপাধ্যায় হেড মাষ্টার ছিলেন Hodgson Pratt এর (Report) রিপোর্ট হইতে লিখিলাম; "It would be impossible to find any one more fitted both in temper and in abilty to conduct important duties which are entrusted to him."

There is no reason whatever to doubt that the school continues to retain its popularity among the Hindu community who would send their wards to it in preference to any other educational establishment in the station, but if the considerable reduction it has sustained to the number originally on the rolls does not bear out the assertion it is simply because the natives who reside in and about Howrah find the increased rate of schooling three rupees a month for the two senior and two rupees for the five

junior classes much in excess of what they can spare from their limitted incomes ranging from 5 to 20 rupees a month, for the education of their children. (Report 57-58.)

J. F. Delanougerede.
ভূদেব মুখোপাধ্যায়
J. Cowpar.
} প্রধান শিক্ষক।

উত্তরপাড়া স্কুল।

১৮৪৫ সালে নভেম্বর মাসে বাবু জয়কৃষ্ণ ও রাজকৃষ্ণ মুখোপাধ্যায় উত্তরপাড়াতে একটি স্কুল স্থাপন করিতে গভর্মেণ্টের নিকট ইচ্ছা প্রকাশ করেন। ব্যয় নির্ব্বাহের নিমিত্ত বাৎসরিক ১২০০ টাকা আয়ের সম্পত্তি ও স্কুল গৃহ নির্ম্মাণের জন্য ৫০০০৲ হাজার টাকা উঠাইবার প্রস্তাব করেন।

১৮৪৩ সালের শেষে স্কুলটি খোলা হয়।

আর হ্যাণ্ড (জুনিয়ার)
রামতনু লাহিড়ী।
} প্রধান শিক্ষক।

মেদিনীপুর স্কুল।

জনকতক বাঙ্গালী ভদ্র লোক মেদিনীপুরে নিজেদের চেষ্টায় ও অর্থে একটী স্কুল স্থাপন করিয়াছিলেন। গৃহটির পাকা দেওয়াল ও খোড়ো চাল ছিল।

১৮৩৫ খৃ সেপ্টেম্বর মাসে তাঁহারা এই স্কুল গৃহটি লোকাল কমিটির (Local Commitee) হস্তে প্রদান করেন। তখন স্কুলের দুই সহস্র টাকা মজুত ছিল তাহাও তাঁহাদের হস্তে দেন।

১৮৪০ সালে ডিসেম্বর মাসে গৃহটি পুড়িয়া যায়। সেই স্থানেই পরে Government একটি পাকা বাড়ী তৈয়ার করিয়া দেন।

The school is situated to the north-west side of the Sadar city between the residences of Europeon gentry and native habitations, convenient for both.

স্কুলের মাহিনা ছিল ।০, ১৮৫০ সালে ১৲ হয়।

মেদিনীপুরে আরও পাঁচটি নিম্নশিক্ষার নিমিত্ত স্কুল ছিল ; লোকাল কমিটি কিছু কিছু সাহায্য করিতেন ; ১৮৪৫ সালে ঐ সাহায্য বন্ধ হয়।

প্রধান শিক্ষকদিগের নাম।

এফ টিড্।

ডবলিউ সিংক্লেয়ার।

রাজনারায়ণ বসু।

নিম্নবৃত্তি।

১৮৪৫।৪৬।

ক্ষেত্রমোহন জানা।

১৮৪৭।৪৮।

জয় নারায়ণ কয়াল।

চন্দ্র শেখর ঘোষ।

নীলকান্ত বোস।

হরি মোহন মল্লিক।

(আরও পাঁচজন উপযুক্ত হইয়াছিল)।

বাঁকুড়া স্কুল।

অনেক বৎসর হইতে বাঁকুড়ায় একটি স্কুল ছিল ইহা বাঙ্গালীরা স্থাপন করিয়াছিলেন ও প্রতিপালন করিতেন। কোন প্রকার মাহিনা গ্রহণের প্রথা ছিলনা। ১৮৩৯।৪০ স্কুলটির অভিভাবকগণ জেনারাল কমিটির হাতে

উহা Probational School স্বরূপ প্রদান করেন। সে সময়ে স্কুলে ইংরেজী বাঙ্গলা ও সংস্কৃত এই তিনটি বিভাগ ছিল প্রায় দুই শত ছাত্র পড়িত। কৈলাস চন্দ্র চট্টোপাধ্যায় ৬৫৲ টাকা বেতনে প্রধান শিক্ষক ছিলেন। ১৮৪০ সালে স্কুলের অভিভাবকগণ চাঁদার টাকা হইতে একটি স্কুল গৃহ নির্ম্মান করেন।

কমিটির হাতে আসিয়া স্কুলটির বড় সুবিধা হয় নাই। ১৮৪৩ সালে ছাত্র সংখ্যা ৬০ জন মাত্র হয় তাহার মধ্যে আসিত ৩৪ জন। সেই বৎসর গভর্ণমেণ্ট প্রস্তাব করিলেন যে যদি কর্ত্তৃপক্ষগণ মাসিক এক শত টাকা আয়ের সম্পত্তি অথবা তদনুরূপ কোম্পানীর কাগজ দিতে পারেন তবে গভর্ণমেণ্ট পুনরায় স্কুলটির ভার গ্রহণ করিবেন ও মাসিক দুই শত টাকা সাহায্য প্রদান করিবেন।

পুরাতন স্কুলের সহিত গভর্ণমেণ্টের সম্বন্ধ শেষ হওয়াতে ১৮৪৬ সালে April মাসে বাঁকুড়ায় গভর্ণমেণ্ট স্কুল স্থাপিত হয়। বাবু চন্দ্রশেখর চৌধুরী সদর আমীন আলা ও ৩ জন ইংরেজ কর্ম্মচারী লোকাল কমিটির সদস্য নিযুক্ত হন।

G. Beatson প্রধান শিক্ষক, নবকৃষ্ণ সরকার ও যাদবেন্দু মুখোপাধ্যায় দ্বিতীয় ও তৃতীয় শিক্ষক ছিলেন। পরিত্যক্ত পুরাতন সিপাহী হাঁসপাতালে স্কুল বসিত।

১৮৪৮ সালে প্রধান শিক্ষক Spear বরতরফ (dismissed) হন তাহার স্থলে Watson বলিয়া আর একজন নিযুক্ত হন। কানাইলাল বসাখ, যাদবেন্দু মুখোপাধ্যায় শিক্ষক থাকেন।

বাঁকুড়ায় যে পুরাতন অবৈতনিক স্কুলটি ছিল সেটি এ বৎসর উঠিয়া যায়, ঐ বাড়িটি পুরাতন স্কুল সেক্রেটারী গভর্ণমেণ্টের হাতে প্রদান করেন। ফিরিঙ্গী প্রধান শিক্ষক সেই বাড়িতে থাকিতেন।

নিম্নবৃত্তি (১৮৪৭-৪৮) ।

১ । বরদানন্দ মুখোপাধ্যায়,

২ । যদুনাথ মুখোপাধ্যায় ।

৩ । মধুসূদন মুখোপাধ্যায় ।

ইহাদিগকে কৃষ্ণনগর কলেজে পরে পড়িতে হয় ।

"I had to comment severely upon the dress of the students and upon the slight restraint they put on their manners and habits. They were as free in the School room as they could be in the jungles. (Report of the Inspector. 47-48)

প্রধান শিক্ষকগণের নাম ।

জি বিট্‌সন ।

জে ডবলিউ ওয়াট্‌সন্ ।

নবকৃষ্ণ সরকার ।

রামপুর বোয়ালিয়া স্কুল ।

রামপুর বোয়ালিয়াতে অনেক দিন হইতে স্কুল ছিল । ১৮৩২ সালে সাধারণ প্রদত্ত চাঁদার টাকা হইতে স্কুল গৃহ নির্ম্মাণ হয় । তাহার দুই বৎসর পরে অর্থের অভাবে স্কুলটী বন্ধ থাকে । ১৮৩৬ সালে পুনরায় স্কুলটী খোলে ।

"The Rajshahi school house is pleasantly situated in a healthy open spot having the river Ganges within about a quarter of mile to the south of it......The school house is a matted thatch roof Bunglow with an open Verandah about 8 feet wide all round. The school consists of only one long room about 54 feet in length and 20 feet breadth.

১৮৪৯ সালে পুরাতন স্কুলটীর নিকট একটি নূতন বাটী নির্ম্মাণ করিবার কথা হয়। প্রায় ছয় হাজার টাকা সাধারণ চাঁদা হইতে উঠিয়াছিল। প্রসন্ননাথ রায় (দিঘাপতিয়া) ১০০০৲ টাকা ও নাটোরের রাজা ৫০০ টাকা প্রদান করেন। ১৮৫১ সালে নূতন গৃহে স্কুলটী উঠিয়া যায়। কিরূপ ভাবে শিক্ষা দেওয়া হইত—আর ছাত্রগণ কি ভাবে তখন ইংরেজী শিখিত তাহা বুঝিবার নিমিত্ত পরিদর্শন মন্তব্য হইতে কিয়ংদশ উদ্ধৃত করিলাম (১৮৪৩।৪৪)।

"The school was inspected by Mr. S. V. Seddon Principal Nizamat College and the result as reported by him, was considered to reflect much credit on the Headmaster (Saroda Prosad Bose) and his assistants.

"On the 15th, I examined the class (1st) in Hamlet, Macbeth and Othello. Brojosundor as Horatio acquitted himself indifferently well with animation. Visseswar's delivery was most impressive his voice clear and emphasis good."

At the Master's suggestion they read the portion from Othello beginning

"Excellent wretch! Perdition catch thy soul,
"But I do love thee!

but this which would have been read with passionate irony, was delivered with unmoved monotony. With the exception of one or two more difficult passages, the explanations were so good and correct as to eviden e very clear application.

রামপুর বোয়ালিয়া স্কুল।

১৮৩৭।

ছাত্রসংখ্যা—১৪১
খৃষ্টান—৪
মসলমান—১
হিন্দু—১৩৬

প্রধান শিক্ষক
সারদা প্রসাদ বসু—
সি রিজ।
হরগোবিন্দ সেন।

১৮৪৩—৪৪।

নিম্নবৃত্তি।

কুঞ্জলাল বন্দ্যোপাধ্যায়।

১৮৪৫—৪৬।

১। দ্বারিকা নাথ সেন।

১৮৪৭—৪৮।

নিম্নবৃত্তি।

ব্রজনাথ মুখোপাধ্যায়।
রামকমল সাহা।

ইঁহারা ঢাকায় উচ্চবৃত্তি পড়িতে যান।

Five proved themselves qualified for scholarship but none was available. Two were obtained by transfer form Sylhet.

পারিতোষিক প্রাপ্ত ছাত্রগণ।

হরিহর মুখোপাধ্যায়।

দুর্গা নাথ তলারস্ত।

গুরুসুন্দর সিংহ।

রাজ চন্দ্র সান্যাল।

কেদার মোহন মৈত্র।

কালিনাথ বিশ্বাস।

রামপুর বোয়ালিয়া "লোকনাথ মৈত্র স্কুল।"

১৮৪৮ সালে বাবু লোকনাথ মৈত্র এই স্কুলটী স্থাপন করেন। স্কুলটী প্রতিপালনের নিমিত্ত বার্ষিক ১২০০৲ টাকা আয়ের একটী পত্তনী সম্পত্তি প্রদান করেন। ১৮৫১ সালে ছাত্রসংখ্যা ১৬৮ জন ছিল তাহাদের মধ্যে ৭৫ জন ইংরাজী পড়িত বাকী বাঙ্গালা পড়িত। কেহই মাহিনা দিত না। W. B. Richardson নামে একজন ইউরোপীয় শিক্ষক ছিলেন।

বারাসত স্কুল।

১লা জানুয়ারী ১৮৪৬ সালে এই স্কুলটি খোলা হয়। সেই বৎসর এপ্রেল মাস হইতে মাহিনা লওয়া হইত ৷৷০, ৷৵০, ১৲ মাহিনার নিয়ম ছিল। স্কুলের গৃহ নির্ম্মাণ পর্য্যন্ত, ইহা জেলের এক অংশে বসিত—" "A circumstance highly inexpedient for the convenience of the scholars and dangerous to their moral habits from the contamination arising out of the daily contact with prisoners" (Education Report) ১৮৫২ সালে স্কুল গৃহ নির্ম্মাণ হয়।

এই সময়ে বারাসতে অনেক প্রকার স্কুল খোলা হয়, সকলগুলিই বাঙ্গালীদের চেষ্টায় ও যত্নে হইয়াছিল—শিক্ষা প্রভৃতি মঙ্গলকর কার্য্যে

কালীকৃষ্ণ মিত্র বিশেষ উদ্যোগী ছিলেন। বারাসত বালিকা বিদ্যালয় কৃষি বিদ্যালয় বোর্ডিং এই সব ইহাদের চেষ্টায় স্থাপিত হয়। বারাসতে আর একটি ইংরেজী স্কুল খুলিবার কথা হয়—উদ্যোগকারীগণের সহিত গভর্ণমেণ্টর এই নিয়ম হয় যে যতদিন পর্য্যন্ত বালিকা বিদ্যালয়টী থাকিবে ততদিন পর্য্যন্ত তাহার অভিভাবকগণ ৬০টি করিয়া ছাত্র অর্দ্ধবেতনে বারাসত স্কুলে মনোনীত করিতে পারিবেন। এই সময়ে বারাসতের নিকটে বামুনমুড়ো নিবাধুতে ও ইংরেজী স্কুল স্থাপিত হয়—বালিকাবিদ্যালয়ও কিছু দিনের জন্য খোলা হইয়াছিল।

বালকদিগকে অল্প সময়ের মধ্যে ভাল করিয়া শিখাইবার নিমিত্ত পিয়ারী চরণ সরকার ১৮৫২ সালে "Exprimental class" খুলেন Education report হইতে নিম্নের অংশ উদ্ধৃত করিলাম।

"The experimental class opened about the end of November 1852 to demonstrate by a fair trial that by proper methods of teaching and with suitable class books, native boys can generally be made to reach to junior scholarship standard with much greater facility within a shorter time than usual, has made a very satisfactory progress boys from 5 to 12 years of age have been found within the last 17 months to have made the same progress in reading, spelling, Geography, Grammar and Arthimetic that could be otherwise expected in double the time."

"The Hon'ble A. Eden took the History, Gramamr, Litrature and Geography of the 2nd class and reading of all the classes." (57-58.)

বোর্ডিং এ থাকিতে আহার ও বাসার খরচ দুই টাকা করিয়া দিতে হইত। ১৭।৫৮ সালে ২॥ টাকা করিয়া হয়।

নিম্নবৃত্তি পরীক্ষার ফল।

৪৭।৪৮।

রাজকৃষ্ণ মিত্র।

দীননাথ ঘোষ।

ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়।

৪৮।৪৯।

বিশ্বম্ভর চট্টোপাধ্যায়।

বেণীমাধব চট্টোপাধ্যায়।

দীননাথ মুখোপাধ্যায়।

চণ্ডীচরণ চক্রবর্ত্তী।

প্রধান শিক্ষক।

পিয়ারী চরণ সরকার।

নবীনচন্দ্র দাস।

যশোহর স্কুল।

১৮৪০ সালে জুন মাসে স্কুল গৃহটী সাধারণের চাঁদা হইতে নির্ম্মাণ হয়। "The whole of the requisite funds for its erection were raised by subscriptions amongst the wealthy natives and residents of the district, Europeans and East Indians.

"The school House at Jessore is situated at the south side of the sudder station and south also of the houses tenanted by Covenanted and Uncovenanted officers who alone constitute the gentry European and East Indian, at the station."

(Report of General Committee 1840-41-42.)

নিম্নবৃত্তি।

১৮৪৩।১৮৪৪।

আনন্দ মোহন মজুমদার।

কৃষ্ণচন্দ্র মজুমদার।

শ্যামাচরণ মুখোপাধ্যায়।

১৮৪৫।

দুর্গাচরণ হালদার।

আনন্দ মোহন দাস।

নীলমণি গাঙ্গুলী।

রাসবিহারী বসু।

১৮৪৮।

দীনবন্ধু চট্টোপাধ্যায়।

নীলকমল ভাদুড়ী।

শশীভূষণ ভাদুড়ী।

প্রসন্ন চন্দ্র রায়।

১৮৫০ ।

পারিতোষিক প্রাপ্ত ছাত্রগণ ।

প্রথম শ্রেণী । দ্বারিকা নাথ ঘোষ ·
উপেন্দ্র চন্দ্র মজুমদার ।
কালী প্রসন্ন রায় ।
শ্যামা চরণ চট্টোপাধ্যায় ।

দ্বিতীয় শ্রেণী । শ্যামানন্দ সেন ।
দুর্গা চরণ মিত্র ।
ইন্দ্র ভূষণ বসু ।
অভয় চরণ বাগচি ।
তারা চরণ মিত্র ।
শিশির কুমার ঘোষ ।
আনন্দলাল সেন ।

"The school had suffered somewhat from the severe break of cholera and fever in the district." Dr. Mouatt's Report 1852.

যশোহর স্কুলের প্রধান শিক্ষক ।

ডি, সুজা । (De Souza.)

জে, স্মিথ্ । (J. Smith.) ইনি পচিশ বৎসর হেড মাষ্টারী করেন ।

নোয়াখালী স্কুল ।

এ স্থানে পূর্ব্বে মিষ্টার জোন্স্ বলিয়া একজন ইউরোপীয় কর্ত্তৃক পরিচালিত একটী ক্ষুদ্র স্কুল ছিল । ১৮৫৩ সালের শেষে ইহা হইতে জেলা

স্কুল হয়। মিষ্টার জোন্‌স্‌ দ্বিতীয় শিক্ষকের পদে নিযুক্ত হন। রাজা প্রতাপ চন্দ্র সিংহ এবং রাজা ঈশ্বর চন্দ্র সিংহ, রাণী কাত্যায়নীর দুইজন পৌত্র—ইহাঁরা স্কুলের প্রধান পৃষ্ঠপোষক ছিলেন ও বার্ষিক ৩০০৲ টাকা সাহায্য করিতেন।

"The liberality of feeling, the public spirit and munificence of these Rajahs is well known."

তাঁহাদের কর্ম্মচারী গুরু চরণ দাস স্কুলের উন্নতির নিমিত্ত বিশেষ চেষ্টা করিতেন।

"The school is at present without furnitures, as desks, benches, and even instruments of instructions as maps, globes blackboards." H. Gregory বলিয়া একজন ইউরোপীয় প্রধান শিক্ষক ছিলেন। স্কুলের মাহিনা ছিল আট আনা।

ফরিদপুর স্কুল।

১৮৪৯ সালে এই স্কুলটী স্থাপিত হয়। ভগবতী চন্দ্র গাঙ্গুলী প্রধান শিক্ষক ছিলেন—তখন স্কুলের মাসিক আয় ছিল ৮৪৲ টাকা। পর বৎসর জানুয়ারী মাসে ইহা গভর্ণমেণ্টের সাহায্যকৃত স্কুল হয়; তখন স্কুলে ছাত্র সংখ্যা ছিল ৭৫ জন, তাহাদের মধ্যে একজন ছিল খৃষ্টান, ১১ জন মুসলমান বাকী ৬৩ জন হিন্দু। প্রথম হইতেই মাহিনার প্রথা হয়, সকলকেই একটাকা করিয়া মাহিনা দিতে হইত। যখন স্কুল গভর্ণমেণ্টের অধীনে আসে তখন মাসিক আয় ছিল ১২১৲ টাকা, খরচ বাদ ২১৲ টাকা জমিত। ইংরেজী, বাঙ্গলা ও ফারসী পড়াইবার নিয়ম ছিল। সেই বৎসর ১৪৮৪৲ টাকা চাঁদা উঠে—১৮৫২ সালে এই স্কুলটি গভর্ণমেণ্ট তালিকাভুক্ত হয় তখন

স্কুলটির জন্য একটি স্বতন্ত্র গৃহ নির্ম্মাণ হয়। ১৮৫৩ সালে নভেম্বর মাসে ইহা জিলা স্কুল হয়।

প্রধান শিক্ষকগণের নাম।

ভগবতী চরণ গাঙ্গুলী।

এফ, লে ফেভার।

"I was as much gratified as surprised to learn that two little boys Krishna Chandra Nag and Chandra Kumar Nag sons of Joy Gopal Nag and Ram Gopal Nag agents to a Zamindar, in order to attain this School, crossed the river Padma twice a day—a river which at this season is not crossed in less than two hours."

Mr. Lewis.

Principal of Dacca College. 1854.

রাজা বিশ্বনাথ সিংহ স্কুলটীর প্রধান পৃষ্ঠপোষক ছিলেন।

ত্রিবেণী স্কুল। (Probational)

বাবু জগৎ চন্দ্র সেন এই স্কুলটি স্থাপন করেন। ১৮৪০ সালে ইহা শিক্ষাসমিতির হস্তে আসে, ছাত্র সংখ্যা ছিল ৯১ জন। স্কুলে কেবল কমিটি পুস্তক সাহায্য করিতেন।

১৮৪৩ সালে স্কুলটি উঠিয়া যায়। সেই বৎসরই স্থানীয় ভদ্রলোকগণ ত্রিবেণীতে আর একটি স্কুল খুলেন।

সীতাপুর স্কুল।

হুগলী হইতে ১৫ ক্রোশ দক্ষিণপশ্চিমে ঝিক্‌ড়ে নামক গ্রামে এই স্কুলটী স্থাপিত হয়। ইহার নিকট সীতাপুর বলিয়া গ্রাম ছিল। তাহার নামে ইহার নাম সীতাপুর স্কুল হয়।

পূর্ব্বে ঐ স্থানে সীতাপুর মাদ্রাসা ছিল। হুগলীর ইমামবাড়ীর মাতোয়ালী তাহার অধ্যক্ষ ছিলেন পরে ১৮৩৯ সালে হুগলী কলেজের শাখা স্বরূপ সীতাপুর স্কুল খোলা হয় ও ইংরেজী শিক্ষা প্রদানের নিয়ম হয়।

সেই বৎসর স্কুলটি গভর্ণমেণ্টের তত্ত্বাবধানে আসে শ্রীনাথ মজুমদার ৮০৲ টাকা বেতনে প্রথম শিক্ষক নিযুক্ত হ'ন। যখন স্কুল খোলা হয় তখন গৃহ নির্ম্মাণ হয় নাই, মতিলাল ক্ষেত্রী বলিয়া একজন ভদ্রলোক তাঁহার একটি বাটী স্কুলের ব্যবহারের নিমিত্ত দান করেন।

১৮৫১ সালে ইংরেজী বিভাগ উঠিয়া যায় ও বিদ্যালয়টি পুনরায় মাদ্রাসা হয়।

১৮৪৪-৪৫।

উচ্চবৃত্তি।

যদুনাথ দাস।

নিম্নবৃত্তি।

পূর্ণ চন্দ্র বন্দ্যোপাধ্যায়।

চট্টগ্রাম স্কুল।

শ্রীরামপুরের ব্যাপ্‌টিষ্ট (Baptist) পাদ্রীগণ অনেকদিন পূর্ব্বে চট্টগ্রামে একটি স্কুল খুলিয়াছিল। ১৮৩৫ খৃ ড্যাম্‌পিয়ার্ (Mr. Dampier) চট্টগ্রাম বিভাগের কমিশনার ছিলেন। প্রধানতঃ তাঁহারই চেষ্টায় এই স্কুল ১৮৩৬ সালে স্থাপিত হয়।

"I have the honour to request that you will place before the Commitee my request, that they will aid in the establishment of an English School here for the purpose of affording the people means of acquiring a competent knowledge of the English language and literature."

১লা জানুয়ারি ১৮৩৭ সালে স্কুলটি গভর্ণমেণ্টের অধীন আসে, এই সালে স্কুলের ছাত্র সংখ্যা ছিল ৬১ জন। ১৮৩৮ সালে স্কুল গৃহ নির্ম্মাণ হয়। চাঁদা হইতে এই টাকা উঠিয়াছিল। J. Gunn বলিয়া একজন ইউরোপীয় প্রধান শিক্ষক ছিলেন। ৪৩ সালে মাহিনা প্রথা আরম্ভ হয়।

ভ।

১৮৪৩।৪৪।

রাম কুমার বসু।

১৮৪৮ আদিনাথ তেওয়ারি। (Dacca College.)

১৮৫০ জে ডা কষ্টা।

The Commisonner of circuit and the magistrate of the district, have encouraged the students by appointing some of them in the Police department three, having daroghaships and three mohureerships. (Report 1853.)

কুমিল্লা স্কুল।

২০শে জুলাই ১৮৩৭ সালে এই স্কুলটী খোলা হয়। প্রথম দিন ত্রিশটী বালক ভর্ত্তি হয়। বৎসরের শেষে ছাত্র সংখ্যা ৮৮ হয়। ইহাদের মধ্যে ছিল দুই জন খৃষ্টান, চার জন মুসলমান আর ৮২ জন হিন্দু। প্রায়

সকলেই স্কুলে আসিয়া কণ্ণ শিখে। ১৮৩৮ সালে চাঁদার টাকা হইতে স্কুল গৃহ নির্ম্মাণ হয়।

"The school is situated in the centre of the saddar station and from 3 to 800 yards of the residences of the Eurepean gentry of the station. The school is held in a large pucca house of one room with thatched verandas one of which is enclosed and supplies an additional room which is used for the meetings of the Commitee and occupied by a class.

নিম্নবৃত্তি।

১৮৪০।

কৃষ্ণচন্দ্র সেন পরে ঢাকা কলেজ হইতে উচ্চবৃত্তি পান।

রামশঙ্কর সেন গোবিন্দ চন্দ্র বসু কৃষ্ণচন্দ্র রায়	Raja of Tiperrah's Scholars.

১৮৫০ সালে ৭৫ ছাত্র পড়িত, স্কুলের মাহিনা ছিল ॥০ হইতে ১৲। কেবল মাত্র ১৭ জন ছাত্রের মাহিনা তাহাদের অভিভাবকগন দিত। যাঁহারা স্কুলে সাহায্য করিতেন তাঁহারা নির্দ্দিষ্ট সংখ্যক বালক বিনা বেতনে ভর্ত্তি করিতে পারিতেন। একা ত্রিপুরার মহারাজার ২৯ জন এরূপ বালক ভর্ত্তি করাইবার অধিকার ছিল। ডাঃ সূর্য্যকুমার চক্রবর্ত্তী এই স্কুলে পড়িতেন।

রাজা সত্যচরণ ঘোষাল ১৮৪৯ সালে একটী ৮৲ টাকা মাসিক বৃত্তি প্রদান করেন। ১৮৫৫ সাল পর্য্যন্ত কুমিল্লা স্কুল হইতে ৩৪ জন নিম্ন বৃত্তি পায়। বৃত্তি পাইয়া সকলেই ঢাকা কলেজে পড়ে; তাহাদিগের মধ্যে

চারি জন উচ্চ বৃত্তি পাইয়াছিলেন। H. G. Leicester বলিয়া একজন ইউরোপীয় প্রায় ২৫ বৎসর প্রধান শিক্ষক ছিলেন।

দিনাজপুর স্কুল।

দিনাজপুর স্কুলের প্রথম ইতিহাস বড়ই শোচনীয়। ১৮৩৭ সালে বোর্ড অভ্ রেভিনিউর অধীনে জন কয়েক বালক (ward) ছিল। তাঁহারা প্রস্তাব করেন যে বালকগুলি কলিকাতায় আসিয়া লেখা পড়া শিখিবে। অনেক কারণে তাহা সুবিধাজনক না হওয়াতে পরে প্রস্তাব হইল যে দিনাজপুরে একটী স্কুল খুলিতে হইবে। এক শতটী ছেলে পড়িবে; চাঁদা হইতে মাসে ৭০৲ হইতে ১০০৲ টাকা তুলিতে হইবে আর কতক টাকা Board of Revenue দিবেন।

১৮৩৮ সালে জুন মাসে ২০টী ছাত্র লইয়া স্কুল খোলা হইল। সত্বরেই ছাত্র সংখ্যা ১০০ হয়। স্কুল গৃহ নির্ম্মাণের জন্য চাঁদা উঠাইবার চেষ্টা হইল, বিশেষ কেহ কিছু দিল না। তাহার উপর যে বাড়ীতে স্কুল বসিত তাহাও পুড়িয়া গেল। ১৮৪১ সালে ডিসেম্বর মাসে স্কুলটী উঠিয়া গেল। ১৮৫৩ সালে স্কুলটি আবার খুলা হয়; ১৮৫৫ সালে ১২৬ জন ছাত্র ছিল। গুরুচরণ চট্টোপাধ্যায় প্রধান শিক্ষক ছিলেন।

ময়মনসিংহ স্কুল।

ময়মনসিংহে পূর্ব্বে একটী বাঙ্গালীদিগের পরিচালিত (private) স্কুল ছিল। ১৮৪৬ সালে ময়মনসিংহে ইংরজী স্কুল স্থাপিত হয়। ২০০০৲ টাকা চাঁদা উঠে ছাত্র দিগের বেতনে ও চাঁদার টাকা হইতে স্কুল চলিত। কালীকৃষ্ণ রায়, ভৈরব চন্দ্র চৌধুরী ইহার প্রধান পৃষ্ঠ পোষক ছিলেন।

১৮৫৩ সালের শেষে ইহা জেলা স্কুলে পরিণত হয়। পুরাতন স্কুল-গৃহটী একখানি খড়ের আটচালায় বসিত; তাহাতেই ১০৭ জন ছাত্র লইয়া নূতন স্কুল খোলা হয়। ভগবান চন্দ্র বসু, প্রথম শিক্ষক হন। মাহিনার হিসাব ছিল আট আনা হইতে এক টাকা।

"The fee is fixed by the committee with reference to the position in society and means of the parents of guardians of the boys."

শীঘ্রই নূতন গৃহ নির্ম্মাণ হয়। যাহারা সাহায্য করিয়াছিলেন তাঁহাদের নাম নিম্নে দিলাম।

MYMENSING SCHOOL.

STATESMENT OF DONERS.

1.	Babu Bhyrub Chunder Chowdry	Rs.	500
2.	W. T. Trotter Esq. C. S. (Judge)	Rs.	100
3.	F. B. Kemp Esq. C. S. (Collector)	Rs.	100
4.	R. Alexander Exq. C. S. (Magistrate)	Rs.	50.
5.	H. N. Elton Esq. Civil Ast. Surgeon	Rs.	50
6.	A. C. Davidson	Rs.	50
7.	U. S. Brodie Esq.	Rs.	50
8.	A. Manson Esq.	Rs.	100
9.	Messrs Wise & Glass	Rs.	100
10.	The Principal Sadar Ameen	Rs.	10
11.	বাবু কৃষ্ণ কুমার ও গোবিন্দ কুমার চৌধুরী	Rs.	100
	তারামণি চৌধুরাণী		৫০
	হরকিশোর চৌধুরী		২৫

গোলক মোহন চৌধুরী	৫০
জাহ্নবী চৌধুরাণী	৫০
রামচরণ মজুমদার	৫০
রাজা প্রাণকৃষ্ণ সিংহ	১০০
কালিচরণ চৌধুরী	২০০
কালিকিশোর রায় চৌধুরী	২৫০
তারিণীকান্ত লাহিড়ী	১০০
সর্ব্বসমেত	=২০৯০ টাকা

বৰ্দ্ধমান স্কুল।

বৰ্দ্ধমানে অনেক দিন হইতে ইংরেজী স্কুল ছিল। বৰ্দ্ধমানের মহারাজা ১৮১৭ সালে একটি স্কুল স্থাপন করেন ও তাহা নিজ ব্যয়ে প্রতিপালন করিতেন। তাঁহার প্রতিষ্ঠিত স্কুলে কোন প্রকার মাহিনা লওয়া হইত না। এতদ্ব্যতীত Church of England Mission আর একটি অবৈতনিক স্কুল স্থাপিত করে। ১৮৪৫ সালে অক্টোবর মাসে বৰ্দ্ধমানে একটি গভর্ণমেণ্ট সাহায্যকৃত স্কুল স্থাপিত হয়। পূর্ব্বে যে স্থানে গভর্ণমেণ্টের বারিক ছিল তাহাই পরে কলেক্টারের আফিস হয়, তাহারই এক অংশে স্কুলটি বসিত। ওয়ার্ড বলিয়া একজন ইউরোপীয় প্রধান শিক্ষক ছিলেন; ইনি তাহার পূর্ব্বে মহারাজার স্কুলে ঐ কাজ করিতেন প্রথম কয়মাস স্কুলে মাহিনা লওয়া হইত না, তাহার ফলে অধিক ছাত্র সংখ্যা হয়, পরে যখন মাহিনা গ্রহণ পদ্ধতি প্রচলিত হইল তখন প্রায় সব বালকই স্কুলটি পরিত্যাগ করে, ৫২ জন মাত্র থাকে। ।।০ হইতে ১৲ মাহিনার হার হয়। তখন মহারাজার স্কুলে প্রায় ৩০০ জন ছাত্র পড়িত।

১৮৫২ সালে বর্দ্ধমানের মহারাজা প্রস্তাব করেন যে যদি গভর্ণমেণ্ট স্কুলটি উঠাইয়া দেওয়া হয় তিনি নিজের স্কুলের অবস্থা আরও উন্নত করিবেন। "The Maharajah intimated to him that if the Government Institution were withdrawn he would place his school upon a better footing and gurantee that no one really desirous of free education in Burdwan should be deprived of it"। পরে তাহাই হয়।

প্রধান শিক্ষকগণের নাম

১—জে ওয়ার্ড।

২—জে ডবলিউ ওয়াটসন।

৩—রামতনু লাহিড়ি।

শ্রীহট্ট স্কুল।

১৮৪০ সালে সেপ্টেম্বর মাসে ইহা স্থাপিত হয় ও সেই সময়ে ইহা শিক্ষা সমিতির অধীনে আসে। Kelso বলিয়া এক জন ফিরিঙ্গি ১০০৲ টাকা বেতনে প্রধান শিক্ষক ছিলেন। প্রথমে ইহা Probational School ছিল; গভর্ণমেণ্ট কেবল পুস্তকাদির জন্য ২০ টাকা মাসে দিতেন। স্কুলটী প্রথমে ভাল চলিত না। ১৮৪৮ সালে উঠাইয়া দিবার কথা হয়। ৪৪টী মাত্র ছাত্র ছিল, বেতন ছিল ।০ আনা। তবে শীঘ্রই স্কুলের অবস্থার পরিবর্ত্তন হয়। ১৮৫৩ সালে নূতন গৃহ নির্ম্মাণের নিমিত্ত গভর্ণমেণ্ট ৪০০০৲ টাকা প্রদান করেন।

পুরাতন গৃহটী এইরূপ ছিল ঃ—

"The shed in which the school building is held and

which appears to me to be in a very ruinous and precarious state being almost inaacessible during the rains without first taking off the shoes and stockings and so pervious to the heat during another large portion of the year as to preclude a stay in it when filled with pupils, of more than a few minutes at a time. The Commissioner of revenue of this division made a futile attempt to visit this school which was flooded at the time during his brief stay in Sylhet. The cane flooring of the shed is also in such decayed condition that to walk across it interrupts instruction and endangers the feet."

(Inspection Report 1853.)

১৮৬১ সালের Report হইতে দেখা যায় যে "The committee of the Council of Education will recognise great improvement in tne Sylhet school not only from the time when one of the senior scholars devided grammar into "Syntax, Prosody, and Dysentery" and another could only explain "Couple" to mean "Cock and a hen" and a third surprised his examiner by declaring India to be bounded on the north by the Neapolitan dominions.

কৃষ্ণসুন্দর ঘোষের সময় হইতে স্কুলটীর অবস্থা ভাল হয়। ১৮৫৫ সালে স্কুলটী জিলা স্কুলে পরিণত হয়। সিলেট স্কুল হইতে ১২ জন বালক নিম্নবৃত্তি পায়। সকলেই ঢাকায় পড়িত। হেড মাষ্টার ছিলেন W. H. Fox, কৃষ্ণ সুন্দর ঘোষ ও উমা চরণ দাস।

শ্রীহট্ট স্কুল।

১৮৫০।

পারিতোষিক প্রাপ্ত ছাত্রগণ।

১ম শ্রেণী কালীনাথ কর
গোবিন্দ প্রসাদ চক্রবর্ত্তী
কালী নাথ কর।
২য় " মহেশ চন্দ্র শর্ম্মা
মথুর নাথ ঘোষ
বৈদ্য নাথ দে

১৮৫২ সালে ১.০ হিন্দু ও তিন জন মুসলমান পড়িত তখন পর্য্যন্ত স্কুলটী ঢাকা কলেজের সহিত (affiliated) সংলগ্ন হয় নাই।

Rev. Mr. Pryse বলিয়া একজন পাদ্রীর একটী অবৈতনিক স্কুল ছিল। শ্রীহট্টে খৃষ্টান বালকদিগের জন্য আর একটী স্কুল ছিল। ১৮৫২ সালে ৬৪ জন ছাত্র পড়িত। প্রায় সকলেই খৃষ্টান।

"The object of the school which has no separate fund of its own but is supported by private subscriptions is to give a plain Education in English and Bengali and to fit its pupils for clerkships."

লস্করপুর স্কুল (শ্রীহট্ট)।

রামতারক রায় শ্রীহট্টের মুনসেফ্ ছিলেন। ১৮৪৯ সালে তিনি শ্রীহট্ট হইতে প্রায় ২২ ক্রোশ দূরে Kney নদীর ধারে একটী স্কুল স্থাপন করেন। ৫২ সালে ৩০টী ছাত্র ছিল। সকলেই ৷৹ করিয়া মাহিনা দিত। গ্রামের লোক মাসিক ২৫ টাকা চাঁদা দিত।

বরিশাল স্কুল।

সকল জেলার ন্যায় বরিশালেও বাঙ্গালী দিগের স্থাপিত একটী স্কুল ছিল। গার্ডিনার (Gardiner) বলিয়া একজন ইংরেজ সিভিলিয়ান স্কুলের গৃহটি নির্ম্মাণ করিয়া দেন। ১৮৪০ সালে স্কুলটী সাধারণ শিক্ষা সমিতির অধীনে আসে তখন ইহাকে Probational স্কুল বলিত। শিক্ষা সমিতি কেবল মাত্র পুস্তক সাহায্য করিত। ১৮৪২ সালে স্কুলের নিমিত্ত যে গৃহটী ছিল তাহা পুড়িয়া যায়। সদর আমিন আলার যে কাছারী ছিল স্কুলের ব্যবহারের নিমিত্ত গভর্ণমেণ্ট সেই গৃহটী প্রদান করেন। স্কুলটী অনেক দিন মুমুর্ষ অবস্থায় ছিল। ১৮৪৪ সালে ৪৪টী মাত্র ছাত্র থাকে। ৫টী খৃষ্টান বাকী হিন্দু। সেই বৎসর গভর্ণমেণ্ট যে সামান্য সাহায্য করিতেন তাহা বন্ধ করেন ও গভর্ণমেণ্টের সাহায্য কৃত তালিকা হইতে স্কুলের নামটী খারিজ করিয়া দেন।

সে সময়ে স্কুলের সম্পত্তি নিতান্ত অল্প ছিল না। এগার হাজার এক শত টাকা কোম্পানীর কাগজ ছিল তাহার উপর শতকরা বার টাকা হিসাবে সুদ পাওয়া যাইত। সর্ব্বশুদ্ধ মাসিক ৫২৭৲ টাকা আয় হইত। গভর্ণমেণ্টের সহিত সম্পর্ক উঠিয়া যাইলেও স্কুলটী বন্ধ হয় নাই। রাজা সত্যচরণ ঘোষাল ও গোপাল লাল ঠাকুর ইহাঁরা প্রধান পৃষ্টপোষক ছিলেন। ১৮৫১ সালে ছাত্র সংখ্যা ৫৮ জন হয় তাদের বেতন হইতে মাসিক ৩৭ টাকা উঠিত। সর্ব্বশুদ্ধ স্কুলের আয় (সম্পত্তির উপসত্ত্ব বাদে) তখন মাসে ১৩৫ টাকা। ব্যয় বাদেও প্রায় বিশ টাকা মাসে জমিত। উপরে লিখিত স্কুলের সম্পত্তি হইতে অভিভাবকগণ একখানি বাঙলা খরিদ করেন। তাহাতে তাহাদের বিশেষ ক্ষতি হয়। ১৮৫৪ সালে ১লা এপ্রেল মাসে স্কুলটী জেলা স্কুল হয় ও পুনরায় গভর্ণমেণ্টের অধীনে আসে। সেই বৎসরেই ছাত্র সংখ্যা ১৬৭ জন হয়। বনমালী মিত্র ১৫০৲ টাকা বেতনে

প্রধান শিক্ষক নিযুক্ত হন। স্কুলের মাহিনা এক টাকা নির্দিষ্ট হয়। সে সময়কার (১৮৫৪ সালে) পারিতোষিক প্রাপ্ত ছাত্রগণের নাম দিলাম।

দ্বিতীয় শ্রেণী—

চন্দ্রশেখর বসু
কালীকান্ত বসু

তৃতীয় শ্রেণী—

দুর্গামোহন দাস
গিরীশ চন্দ্র চক্রবর্ত্তী
অভয়চরণ সেন

চতুর্থ শ্রেণী—

তারাপ্রসাদ মিত্র
দুর্গাচরণ রায়
বরদা কান্ত মিত্র

পঞ্চম শ্রেণী—

পিয়ারী মোহন ঘোষ
সর্ব্বানন্দ দাস
মহেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়

ষষ্ঠ শ্রেণী—

রসিক চন্দ্র গুহ
বৈকুণ্ঠ চন্দ্র সেন।

ঢাকা পোগোজ স্কুল।

এন, সি, পোগোজ ঢাকা জেলার একজন জমীদার ছিলেন, তিনি ঢাকা কলেজে লেখা পড়া শিখেন। তিনি একটি স্কুল স্থাপন করেন ও তাঁহারই সাহায্যে স্কুলটী চলিত। ১৮৫১ সালে ছাত্র সংখ্যা ৮০ জন ছিল। স্কুলের খরচ মাসিক ৯০৲ টাকা হইত। ছাত্রদিগের বেতন হইতে ৫০৲ টাকা উঠিত বাকী টাকা পোগোজ সাহেব দিতেন। নিম্নবৃত্তি পর্য্যন্ত পাঠের সীমা ছিল। কালীকিশোর চট্টোপাধ্যায়, কৃষ্ণকিশোর চট্টোপাধ্যায়, উমাশঙ্কর সেন প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শিক্ষক ছিলেন। ইহাঁরা সকলেই ঢাকা কলেজের ছাত্র।

নাটোর স্কুল।

১৮৪৯ সালে এই স্কুলটী স্থাপিত হয়। ১৮৫১ সালে ছাত্র সংখ্যা ৭০ জন ছিল, মাহিনা হইতে মাসিক ২০৲ টাকা উঠিত। তখন স্কুলটীর অবস্থা বড় ভাল ছিল না। ১৮৫২ সালে জুলাই মাসে পরেশ নাথ রায় স্কুলটীর প্রতিপালনের নিমিত্ত এক লক্ষ টাকা প্রদান করেন। ঐ মাসে ঢাকা কলেজে দুইটী ছাত্র পাঠাইবার নিমিত্ত নাটোর স্কুল অনুমতি পায় তখন ছাত্র সংখ্যা ছিল ৭৭ জন; কেহ মাহিনা দিত না।

পাবনা স্কুল।

১৮৫১ সাল পর্য্যন্ত এই স্কুলটী প্রাইভেট স্কুল ভাবে ছিল, তখনও গভর্ণমেণ্ট স্কুলে পরিণত হয় নাই। ছাত্র সংখ্যা ১০৮ জন ছিল। আট আনা হইতে একটাকা মাহিনা ছিল। স্কুলের আয় ৬০৲ টাকা হইত, ব্যয় ১০০৲ টাকা ছিল। যে টাকা কম পড়িত সাধারণ চাঁদা হইতে উঠিত। রামচন্দ্র নন্দী হুগলী কলেজের ছাত্র, প্রধান শিক্ষক ছিলেন। ১৮৫২ সালে ছাত্র সংখ্যা ছিল ১১০ জন; ইহাদের মধ্যে তিনজন ছিল মুসলমান।

বীরভূম স্কুল।

১৮৫১ সালে ডিসেম্বর মাসে এই স্কুলটী খোলা হয়। নবীনচন্দ্র দাস ১৫০ টাকা বেতনে প্রধান শিক্ষক নিযুক্ত হন। স্কুলে ১০৪ জন ছাত্র পড়িত তাহার মধ্যে মুসলমান ছিল ৫ জন।

বীরভূম স্কুলের প্রথম পারিতোষিক প্রাপ্ত ছাত্রগণের নাম —

পূর্ণানন্দ মুখোপাধ্যায়
পীতাম্বর দে
করালীকিঙ্কর মুখোপাধ্যায়
প্রতাপচন্দ্র মুখোপাধ্যায়
গদাধর গড়াল

১৮৫৪ সালে নিম্ন লিখিত ছাত্রগণ নিম্নবৃত্তি পায়—

দুর্গাচরণ ভড়
অযোধ্যা নাথ সরকার
রঘুনন্দন ভাতুড়ী
ধনকৃষ্ণ মুখোপাধ্যায়
ভোলানাথ মুখোপাধ্যায়

পুরুলিয়া স্কুল।

১৮৫৩ সালে ১লা মে মাসে এই স্কুলটী সংস্থাপিত হয়; প্রধানতঃ আমলাদের ছেলেরা পড়িত, কালীচরণ দত্ত ১০০৲ টাকা বেতনে প্রধান শিক্ষক ছিলেন। ১৮৫৪ সালে ৫৯ জন বালক পড়িত।

মনোরঞ্জন ইতিহাস ও ধারাপাত; সর্ব্বোচ্চ শ্রেণীতে (Keith) কিথ্ সাহেবের ব্যাকরণ, হার্‌লে (Harle) সাহেবের পাঠিগণিত ও ইয়েট্ (Yate) সাহেবের রিডার, মার্স্‌ম্যান (Marshman) সাহেবের বাঙ্গালার ইতিহাস ও পাদ্রী পিয়ার্সের (Pearee) এর ভূগোল, পাঠের নিমিত্ত নির্দ্দিষ্ট হইল।

যথাসময়ে গভর্ণর জেনারেলের আদেশ পত্র সদর বোড্ অফ্ রেভেনিউর নিকট পৌছিল ও তাহার সভ্যগণ একর্ম্মের ভার গ্রহণ করিয়া গভর্মেণ্টকে পত্র লিখিলেন। পত্রে তাঁহারা আর একটি কথার উল্লেখ করিলেন।

"The more opulent natives of each district, the Board think might be very usefully stimulated to establish a place under the control of the officers of the Government vernacular schools such as are now proposed at their own expense by being made to understand that one of the surest methods of showing that they merit elevation and distinction from the Government. (G. Plowden, Officiating Secretary to the Sadar Board of Revenue.)

বাঙ্গলাদেশে যে যে স্থানে স্কুলগুলি স্থাপিত হইয়াছিল তাহার তালিকা এই পরিচ্ছেদের শেষে দিয়াছি। কথা হইয়াছিল যে স্কুলগৃহ নির্ম্মাণ করিয়া দিতে পারিলে গভর্ণমেণ্ট হইতে শিক্ষকের বেতন দেওয়া হইবে। অনেকস্থলেই সাধারণ চাঁদা হইতে স্কুল গৃহ নির্ম্মাণ করিবার নিমিত্ত টাকা উঠিত। কোথায় বা দুই একজন অর্থশালী ব্যক্তি স্কুল গৃহ নির্ম্মাণ করিয়া দিতেন। স্কুল গৃহ নির্ম্মাণ পর্য্যন্ত স্থানে স্থানে গ্রামের কোন ভদ্র লোকের বাটিতে স্কুল বসিত। বর্দ্ধমান, ছোট জাগুলিয়া, রাজপুর প্রভৃতি স্থানে

সাধারণ চাঁদা হইতে স্কুলগৃহ নির্ম্মাণ হয়। ঢাকা রাজনগরে কালিনাথ সেন নিজ ব্যয়ে একটি গৃহ নির্ম্মাণ করেন। বাখরগঞ্জের রাজচন্দ্র রায় লাকুটিয়ায়, নাটোরে রাজা আনন্দ নাথ রায়, তাহিরপুরে বীরেশ্বর রায়, সেরপুরে (মৈমনসিংহ) নবকুমার চৌধুরী স্কুল গৃহ তৈয়ার করিয়া দেন। মৌলভি ফৌজল আলী বরিসাল জেলায় গোপালপুরের স্কুলের প্রধান পৃষ্ঠ পোষক ছিলেন। মজিলপুরে রামধন ঘোষের বাটিতে স্কুল বসিত। বুলুয়ার স্কুলগৃহ রাণী কাত্যায়নী নির্ম্মাণ করিয়া দেন "who is well-known by the Government, as a lady who has repeatedly promoted benevolent and useful designes by liberal donations from her private purse."

সময়ে সময়ে স্কুল গৃহ নির্ম্মাণ লইয়া একটু রহস্য হইত। গভর্মেণ্টের খাস জমীদারিতে কে স্কুল গৃহ নির্ম্মাণ করিবে তাহা লইয়া প্রশ্ন উঠিত। চট্টগ্রাম বিভাগে রামু পরগনা খাসমহলের অন্তর্গত ছিল। ঐ বিভাগের কমিশনার লিখিলেন ;—

"Mr. Scone (Collector) recommends that this school should be considered wholly a free school. This school is in fact established by the Government as zamindar. In acknowledgment of the priciple that property has it duties as well as right—assuredly it must be a free school. The Government, as the Government may act on the principle that that the lowest scale of education to be really valued must be paid for but as zemindar of Ramoo if we really mean to do good and confer a benefit on our rentpayers we must offer the ehildren of our Ramoo ryots such an education as will be useful to them in

their position without demanding a fee. We had drawn 50,000 rupees per annum from Ramoo each year for these ten years and I feel as against this, our first acknowledgment of owner's duty cannot be dispensed.

স্কুলটি ঐ ভাবে স্থাপিত হয় কিন্তু আক্ষেপের বিষয় প্রথম দিন হইতে একটী বালকও স্কুলে আসে নাই।

উপরে জেলায় কলেক্টার কর্ত্তৃক পরিদর্শনের কথা লিখিয়াছি কি ভাবে পরিদর্শন হইত নিম্নে দুই এক স্থানের পরিদর্শন বিবরণ উদ্ধৃত করিয়া দিলাম।

Bakargange :—

The Collector was not well pleased with the pupils of the Gopalpore school. Three only of the boys of the first class passed a fair examination. The others reflected no crediton the masters. Mr. Read pointed out to the master the faults he observed in the pupils and he looks for an improvement on his next visit in the school.

Mymensing, Nasirabad :—

The Collector took the opportunity of urging upon the master and the boys of the first class the necessity of increased attention to their studies.

Birbhum :—

The Collector visited in February last and reports that the attendance was very small and that only four boys of the school could read at all.......The scanty attendance he ascribed to the circumstance of their being many indigenous schools in the neighbouring villages at

a little distance from Hetampore and has recommended its abolition but as the school was reported last year to be favourably progressing the Board has resolved to give it a further trial (Report of Sadar Board of Revenue).

" The Dhumrya (Dacca) school was visited by the Commissioner who spent some hours in examining the boys there. Of the progress since its first establishment he could form no judgment as he was ignorant of their attainments when admitted but was pleased on the whole with what he had heard and seen."

" The Collector (Murshidabad) had not been able to visit the school at Kandi, during the year. But from what he had heard he was disposed to think that it was in a prosperous condition."

" The collector of Burdwan had not visited the school in his district but the result of two examinations by the Abkari superintendent is stated to be satisfactory."

" The Collector speaks well of this school but I fear it must shortly be closed. It is situated in a valuable pargana, the property of Babu Debendra Ntah Tagore who erected the school house. The whole pargana is now leased te Mr. Delaney who positively refuses to afford any assistance to the school."

১৮ই ডিসেম্বর ১৮৪৪ সালে স্কুল গুলি স্থাপনের নিমিত্ত লর্ড হার্ডিঞ্জ সদর বোর্ড অফ্ রেভেনিউর উপর আদেশ প্রদান করেন। সদর বোর্ড

অফ্ রেভিনিউ ১৮৪৫ সালে জানুয়ারী মাসে বিভাগস্ত কমিশনর দিগকে গভর্ণমেণ্টের আদেশ কার্য্যে পরিণত করিবার নিমিত্ত বন্দোবস্ত করিতে বলেন। সেই বৎসরই স্থানে স্থানে স্কুল সংস্থাপিত হয়। প্রথম হইতেই তাহাদের উপযোগিতা ও স্থায়িত্ব সম্বন্ধে মতভেদ হয়। যশোহর ও মুর্শিদাবাদ বিভাগে স্কুল গুলি মন্দ চলিত না। পূর্ব্ব ও উত্তর বাঙ্গলায় তত সুবিধা হয় নাই। ম্যাজিষ্ট্রেট্ প্রভৃতি কর্ম্মচারীগণ পরিদর্শন করিয়া নানাপ্রকার মত প্রকাশ করিতেন। বেহারে স্কুল গুলির অবস্থা এরূপ হয় যে দুই বৎসরের মধ্যেই তাহাদিগকে উঠাইয়া দিতে রেভেনিউ বোর্ড অনুরোধ করেন। কোন কোন কর্ম্মচারী বলিতেন যে কেবলমাত্র জেলার সদরে স্কুলগুলি স্থাপিত হওয়া উচিত। কেহ বলিতেন যে বাঙ্গলা স্কুল উঠাইয়া দিয়া ইংরাজী স্কুল বসান উচিত।

"In the town of Nattore I (Collector visited a native patshala held in a most indifferent shed. It was taught by a Bairagi who received no salary and did not desire the pay of Government. My stopping at the patshala attracted a crowd; and when they learned the object of my enquiry they at once expressed ridicule for the Government institution while they were lavish in the praises of their own. They said that they did not want Government to teach them their own language."

কেহ বলিতেন স্কুল গুলি অবৈতনিক হওয়া উচিত

"It is among the respectable classes of the community here and elsewhere so much an object of merit and social ambition to provide gratis education that they look wlth more than indifferent eyes upon a system which is

opposed to their preconceived opinion. The people are not indifferent to education.

১৮৪৯ সালে স্কুল গুলির উপকারিতা সম্বন্ধে গভর্মেণ্ট মত প্রকাশ করিলেন যে শিক্ষা দিবার নিমিত্ত, প্রত্যেক গ্রামে স্কুল গুলি স্থাপিত হয় নাই। দেশে অনেক পাঠশালা আছে তাহাদের পক্ষে গভর্মেণ্ট স্থাপিত স্কুল গুলি আদর্শ বিদ্যালয় হইবে ইহাই তাহাদের ইচ্ছা।

"It is not the design of these institntions to supply the means of education iu every village. It is a design of the Government to afford models for the mass of schools and to extend generally an improved system of elementary instruction."

এ দিকে স্কুল গুলি একে একে উঠিয়া যাইতে লাগিল। তৃতীয় বৎসরেই তৎকালীন ডেপুটি গভর্ণর মত প্রকাশ করিলেন যে বিদ্যালয় গুলিতে ভাল রকম শিক্ষা দেওয়া হয় না, স্কুলগুলি উঠিয়া যাইবার তাহাই কারণ।

His Honor was disposed to attribute this want of success in the Government establishments to no other cause than the character of the education therein inparted which was in no way superior to that obtained in the indigenous schools.

সেই কারণে উৎকৃষ্টতর শিক্ষাপ্রণালী ও শিক্ষক নিয়োগের নিমিত্ত অনুরোধ করেন।

স্কুল গুলির অবস্থা ক্রমেই মন্দ হইতে লাগিল। অল্প দিনের মধ্যেই অধিকাংশ স্কুল উঠিয়া গেল। ১৮৫২ সালে সদর বোর্ড অফ রেভেনিউর কর্তৃত্ব হইতে স্কুলগুলি কাউন্সিল অফ এডুকেশনের তত্ত্বাবধানে আসে। তাঁহারা লিখিলেন :—

'Most of the schools appear to be in a languishing state and not to have fulfilled the expectation formed at their formation.

পর বৎসর তাঁহারা লিখেন

"Their present state is very unsatisfactory."

বিশ্ববিস্থালয় স্থাপনের সময় এ স্কুল গুলি প্রায় সকলই উঠিয়া যায়।

প্রথমে যে সকল পুস্তক পড়াইবার নিমিত্ত স্থির হয় তাহাদের তালিকা পূর্ব্বে দিয়াছি। পরিদর্শন করিয়া জেলার হাকিমগণ অনেকরূপ অনুরোধ করিতেন। কেহবা জমিদারী হিসাব শিখাইতে অনুরোধ করিতেন। কেহ বা বলিতেন জমিজরিপ (mensuration and surveying) প্রভৃতি কার্য্য শিক্ষা দেওয়া উচিত। স্কুলের মাহিনা গ্রহণ সম্বন্ধেও মতভেদ হইত। কি শ্রেণীর বালক পড়িবে সে সম্বন্ধে একমত ছিল না। কেহ বলিতেন মধ্যবিৎ ও ভদ্র শ্রেণীর বালকদের নিমিত্ত স্কুল গুলি স্থাপিত হইয়াছে—কেহ বলিতেন প্রধানতঃ কৃষক শ্রেণীর বালকেরা পড়িবে ইহাই স্কুলগুলি স্থাপনের উদ্দেশ্য। ফল কথা স্কুলগুলির সম্বন্ধে ভিন্ন ভিন্ন কর্ম্মচারী প্রায় সকল বিষয়েই বিভিন্ন মত প্রকাশ করিতেন।

কি কারণে লর্ড হার্ডিঞ্জের স্থাপিত স্কুলগুলি এত শীঘ্র উঠিয়া গেল সে সম্বন্ধে একটু আলোচনার চেষ্টা করা এককালে নিষ্প্রয়োজন অথবা নিস্ফল বোধ করি না। প্রথমে শুনিতে কথাটি সহজ। দেশ মধ্যে, দেশীয় ভাষায় শিক্ষা প্রদান করিতে দেশের শাসন কর্ত্তা স্বয়ং উৎসুক হন। সেই উদ্দেশ্যে গুটি কতক বাঙ্গলা স্কুল স্থাপিত হইয়াছিল। জেলার প্রধান প্রধান কর্ম্মচারীদিগের উপর ঐ সব স্কুলের পরিদর্শনের ভার পড়ে। কিন্তু অল্প দিনের মধ্যেই স্কুল গুলি উঠিয়া গেল। একে একে কারণ গুলি নির্দ্দেশ করিবার চেষ্টা করা যা'ক।

১৮৫৫ সালে ইন্সপেক্টর অফ্ স্কুল (Inspector of school Woodrow) উড্রো সাহেব তাহাদের সম্বন্ধে লেখেন।

The few vernacular schools established some years ago had been imperfectly superintented and had fallen out of sight and notice. In this most difficult department of our labour, everything has yet to be done and even the principles and the plan on which we should proceed have yet to a great extent to be discovered and determined. দুই বৎসর পরে শিক্ষা বিভাগের অধ্যক্ষ্য (Director of Public Instruction) মত প্রকাশ করিলেন We have had to contend with great difficulties chiefly on account of diversities of opinion as to the precise system to be pursued.

দেশীয় ভাষায় শিক্ষা বিস্তারের প্রবর্ত্তক ছিলেন তৎকালীন শাসনকর্ত্তা লর্ড হার্ডিঞ্জ। তাঁহার পরবর্ত্তী শাসনকর্ত্তা লর্ড ডেলহাউসিরও (Lord Dalhousie) একার্য্যে যথেষ্ট সহানুভূতি ছিল। জেলার এবং বিভাগের প্রধান কর্ম্মচারী স্কুল গুলি পরিদর্শন করিতেন। দেশের লোকও নিতান্ত উদাসীন থাকে নাই। স্কুল গৃহ নির্ম্মাণ না করিলে স্কুল খোলা হইবে না ইহাই ছিল নিয়ম। সকল স্থানেই হয় কোন অর্থশালী ব্যক্তি অথবা দেশের সাধারণ লোক চাঁদা করিয়া স্কুলের জন্য গৃহ নির্ম্মাণ করিয়া দিত। কিন্তু কি উদ্দেশ্যে স্কুলগুলি স্থাপিত হইল এ সম্বন্ধে পরিস্কার জ্ঞান কাহারও ছিল না। এ তত্ত্ব সংগ্রহ করিবার চেষ্টা কাহারও হয় নাই। দশ বৎসর পূর্ব্বে ইংরেজ কর্ম্মচারী Adam সাহেব দেশীয় ভাষার শিক্ষা সম্বন্ধে তত্ত্ব সংগ্রহ করিয়াছিলেন, কিন্তু তাঁহার কোন অনুরোধই রক্ষা হয় নাই। জেলার হাকিম দেশের শাসন কর্ত্তার নিকট হইতে স্কুল পরিদর্শন করিবার আদেশ পাইলেন। তখন দেশে রেল ছিল

না, রাস্তারও বিশেষ সুবিধা হয় নাই। তিনি কর্ত্তব্য পালনের অনুরোধে বৎসরান্তে একবার নূতন স্থাপিত গভর্ণমেণ্ট পাঠশালায় গিয়া উপস্থিত হইতেন। নিজে পরীক্ষা করিতেন, দেখিতেন ছাত্র নাই অথবা ছাত্রদের সংখ্যা অতি সামান্য। সরকারী কার্য্যের নিয়ম অনুসারে পরিদর্শন করিয়া স্কুল সম্বন্ধে মন্তব্য পাঠাইতেন। মন্তব্য প্রায় প্রতিকূল হইত ও তাহার ফলে স্কুলগুলি উঠিয়া যাইত। স্থল বিশেষে কোন কোন কর্ম্মদক্ষ ম্যাজিষ্ট্রেট সাহেব দেশের বালকগণের শিক্ষা সম্বন্ধে অভাব কল্পনা করিয়া লইতেন ও সেই অভাব পূরণের নিমিত্ত গভর্ণ-মেণ্টের নিকট তাঁহার মন্তব্যে অনুরোধ করিতেন। নিজের কর্ত্তব্য যেরূপ বুঝিতেন সরকারী কর্ম্মের হিসাবে স্কুল গুলির সম্বন্ধে সেই ভাবে কাজ করিতেন।

তাহার পর দেশের অর্থশালী অথবা সেই সময়ের শিক্ষিত লোক এই প্রকার স্কুলের সম্বন্ধে কি ভাবিতেন তাহা নির্ণয় করা কঠিন। পূর্ব্বে সদর রেভিনিউ বোর্ডের পত্র হইতে যে অংশ উদ্ধৃত করিয়া দিয়াছি তাহা হইতে বোধ হয় যে বোর্ডের কর্ম্মচারীগণ ভাবিতেন যে লর্ড হার্ডিঞ্জের আদেশ পত্র তাহাদের হস্তে প্রভুত্ব বিস্তারের এক নূতন কারণ হইল।

"The more opulent natives of each district, the Board think, might be very usefully stimulated to establish a place under the control of the officers of the Government Vernacular Schools such as are now proposed at their own expense by being made to understand that one of the surest methods of showing that they merit elevation and distinction from the Government."

Sd. G. Plowden,
Offg. Secretary to the Sadar
Board of Revenue).

এ প্রশস্ত ইঙ্গিতের অর্থ অনুমান করা কঠিন নয়। অনেক জমীদার অথবা অর্থশালী ব্যক্তি যে নিজ ইচ্ছায় এবং আগ্রহে দেশের হিতের জন্য এইরূপ স্কুল গৃহ নির্ম্মাণ করিয়াছিলেন সে বিষয়ে সন্দেহ নাই। কিন্তু ম্যাজিষ্ট্রেটের পরোয়ানা, সাক্ষাৎ সম্ভাষ এবং সুব্যক্ত ইঙ্গিত পল্লীগ্রামের জমীদারের নিকট, স্বাধীন চেষ্টার বিশেষ অনুকূল নহে। এরূপ স্থলে স্কুলের উৎপত্তির সহিত বাধ্যকারী আইনের কথা মনে হয়। তবে তখন আইন পাশ হয় নাই, ইঙ্গিত অথবা হুকুমে কাজ চলিত। এরূপ অবস্থায় জমীদার বা তাহাদের আমলাগণ স্থাপিত স্কুলগুলিকে যে সদয়ভাবে দেখিতেন তাহা আশা করা যায় না।

শেষ কথা যাহারা পড়িবে তাহারা কি প্রকার শিক্ষা চায়, কি উদ্দেশ্যে স্কুলে আসিবে, মাহিনা দিয়া পড়িয়া তাহাদের কি লাভ হইবে, ইত্যাদি তত্ত্ব সংগ্রহ করা কাহারও মনে উদয় হয় নাই। ইংরেজ কর্ম্মচারীগণ, বিশেষ জেলার ম্যাজিষ্ট্রেট চিরকালই বুঝেন যে তাঁহাদের সহিত দেশীয় লোকদিগের কাজ কর্ম্মের সম্বন্ধ সরকারী নিয়মানুসারে পরিচালিত হয়। দেশীয় সাধারণ লোকের মত নিয়মিতভাবে সংগ্রহ করা কর্ত্তব্য কার্য্য, এ শ্রেণীর কর্ম্মচারীগণ কখন ভাবিয়াছেন কিনা এরূপ উদাহরণ মনে হয় না; অন্ততঃ শিক্ষা সম্বন্ধে দেশের লোকে কি চায় এতত্ব কখনও সংগৃহীত হয় নাই।

জেলার সদরে ইংরেজী স্কুল স্থাপন করিত উকিল এবং আমলা এবং অপরাপর কর্ম্মচারীগণ; ইহারাই হইতেন প্রধান উদ্যোগী। প্রধানতঃ তাহাদিগের ছেলেরাই এই সকল স্কুলে পড়িত। স্কুলে পড়িয়া তাহারাই আবার উকিল, আমলা ও কর্ম্মচারী হইত। এস্থলে উদ্দেশ্য ও উপায় উভয়ই স্পষ্ট করিয়া বুঝা যায়। সুদুর পল্লীগ্রামে অশিক্ষিত বা অল্প শিক্ষিত লোকদিগের ছেলেরা কি উদ্দেশ্যে লেখা পড়া শিখিতে চায় কি প্রণালীতে শিক্ষা দেওয়া হইবে লেখা পড়া

শিখিলে কি ফল হইবে বিচার করিয়া বুঝাইবার, এবং পথ নির্ণয় করিবার লোকও ছিল না। আমলা উকীলেরা নিজেদের ছেলেদের শিক্ষা লইয়াই ব্যস্ত থাকিত। পাড়াগাঁয়ে কৃষকের ছেলেদের শিক্ষার কথা ভাবিবার কাহারও ইচ্ছা বা অবসর থাকিত তাহা বোধ হয় না।

লর্ড হার্ডিঞ্জ যখন আদেশ প্রদান করেন, তখন তিনি শিক্ষার উদ্দেশ্য সাধারণ ভাবে উল্লেখ করিয়াছিলেন। যে শিক্ষা কাজে আসে (Sound and useful elementary knowledge) সেই শিক্ষা প্রদানের কথা বলিয়াছিলেন। আমাদের দেশে প্রয়োজনীয় শিক্ষা এ কথার অর্থ এখন পর্য্যন্ত আমরা বুঝিতে পারি নাই। যেখানে জেলা স্কুল অথবা ইংরেজী স্কুল স্থাপিত হইত সে স্থলে প্রয়োজনের অর্থ অনুমান করা কঠিন নহে। চাকরী, ওকালতী বা তদনুরূপ কোন উপায়ে অর্থোপার্জ্জন ইহাই ছিল প্রয়োজন। বাঙ্গলা স্কুলে নূতন প্রণালীতে বাঙ্গলা শিক্ষার অভাব তখন কেহও বুঝিতে পারে নাই। এখনও বুঝিয়াছে কিনা সন্দেহ। সকল দেশেই শিক্ষার উপকারিতা বুঝাইবার ও শিক্ষা প্রদানের ভার, দেশের শিক্ষিত সম্প্রদায় গ্রহণ করে। যে কয়জন সে সময় অল্পবিস্তর ইংরেজী শিখিয়াছিলেন তাঁহারা যে এ সম্বন্ধে চিন্তা করিতেন তাহার কোন প্রমান পাওয়া যায় না। এ ভার পড়িল ইংরেজ কর্ম্মচারীর উপর। তাঁহারা জেলার অথবা দপ্তরের অপরাপর কর্ম্ম যে ভাবে করিতেন এ কর্ম্মও সেই ভাবে করিলেন। তাঁহারা দেখিলেন যে স্কুলে ছেলে আসে না, রিপোর্ট করিলেন যে এদেশের লোকেরা এরূপ স্কুল চায় না; তাহার ফলে স্কুলগুলি উঠিয়া গেল।

কথাগুলি একত্র করা যাক। পল্লীগ্রামের লোকদিগের যে শিখিবার ইচ্ছা ছিল না তাহা নহে। শিক্ষার্থীর অভাব এ দেশে কখনও হয় নাই।

শিক্ষা দিবার উদ্দেশ্য কর্ম্মচারীগণ যে স্পষ্ট করিয়া বুঝিতেন তাহাও বোধ হয় না। যে আয়োজন হইয়াছিল তাহাও অতি সামান্য। আকায়াব (Akyab) ও আসাম হইতে আরম্ভ করিয়া বক্সর (Buxar) ও উড়িষ্যার প্রান্ত পর্য্যন্ত দেশের মধ্যে একশত একটি স্কুল খুলিবার আয়োজন হয়। এদেশে তখন পাঁচকোটীর উপর লোকের বাস। অনেক জেলায়, যেমন ফরিদপুর, একটিও স্কুল স্থাপিত হয় নাই। সমগ্র বাঙ্গলা বিভাগে ছাত্র সংখ্যা কখনও দুই সহস্র হয় নাই। সকল স্থানেই দেশের লোক অর্থ দিয়া স্কুল গৃহ নির্ম্মাণ করে। গভর্ণমেণ্টপক্ষ হইতে অর্থ সাহায্য অতি সামান্যই ছিল।

এসব সত্বেও যদি দেশের লোক স্কুলগুলির উপকারিতা বুঝিত অথবা যাহা তাহাদের প্রয়োজন তাহা অন্ততঃ কতকাংশে পাইত তাহা হইলে স্কুলগুলি চলিত। অনেক স্থলে তাহাদের বুঝিবার শক্তি ছিল না। সকল দেশে এ কর্ত্তব্য দেশের শিক্ষিত সম্প্রদায় গ্রহণ করে। আমাদের দেশে এ ভার কেহ গ্রহণ করে নাই। স্থানে ২ গ্রামবাসীগণ নিজেদের অভাব জ্ঞাপন করিয়াছিল। কর্ত্তৃপক্ষগণ তাহাতে বিশেষ মনোযোগ দেন নাই। দেশের শাসনকর্ত্তার আদেশ প্রতিপালনের ভার পড়িল জেলার ম্যাজিষ্ট্রেটদিগের উপর। তাঁহারও যে ভাবে সকল সরকারী কাজ করেন এ কাজও সেই ভাবে করিলেন পরিদর্শন করিলেন, রিপোর্ট লিখিলেন, ও অতি শীঘ্রই স্কুলগুলি উঠিয়া গেল।

লর্ড হার্ডিঞ্জের স্থাপিত বাঙ্গলা স্কুল।

(১৮৪৫ সাল)

জেলা বাঁকুড়া—সোনামুখী, বিষ্ণুপুর।

„ বারাসত—জাগুলিয়া, ছোট জাগুলিয়া।

বৰ্দ্ধমান-- কালনা, জামালপুর, মামুদপুর।

হুগলি—বৈঁচি, কোন্নগর, মানকুণ্ড।

যশোহর—লোহারগড়, রারুলি, মাগুরা।

নদীয়া—সুখসাগর, গোবরডাঙ্গা, শান্তিপুর।

রঙ্গপুর—কুন্তি, পুরনভাগ, বগুড়িয়া।

ভাগলপুর বিভাগ।

দিনাজপুর—দিনাজপুর।

মালদহ মালদহ, সবিগঞ্জ।

কটক বিভাগ।

মেদিনীপুর—মেদিনীপুর, পিঙ্গলা, গগনেশ্বর।

চট্টগ্রাম বিভাগ।

চট্টগ্রাম—পতুরা, কালীপুর, রামু।

ত্রিপুরা—থোরলা, কশবা, বড় কামটা।

বুলুয়া --নোয়াথালী।

২৪ পরগনা—মজিলপুর, রাজপুর, মনিরামপুর।

ঢাকাবিভাগ।

বাখর গঞ্জ—বানরীপাড়া, লাকুটিয়া।

ঢাকা—লোহাজঙ্গ, ধুমড়িয়া, নারায়নগঞ্জ।

মৈমন সিংহ—গৌরীপুর, নসীরাবাদ, সেরপুর, সন্তোষ।

শ্রীহট্ট—নবীগঞ্জ—জয়ন্তীয়া, ছাতক।

মুর্শিদাবাদ বিভাগ।

বীরভূম --হেতমপুর।

বগুড়া—বগুড়া।

মুর্শিদাবাদ—সেরপুর, সৈদাবাদ।

রাজসাহী—জঙ্গীপুর, বোয়ালিয়া, নাটোর, তাহিরপুর, পুটিয়া।

শিল্প বিদ্যালয়।

এদেশের কারিগর শ্রেণীর বালকদিগকে শিল্প শিক্ষা দিবার অভিপ্রায়ে ১৮৫৪ সালে কলিকাতা সহরে এক সমিতি গঠিত হয়। সমিতির উদ্দেশ্য স্থির হইল যে দেশমধ্যে কারিগরী ও শিল্প শিক্ষার নিমিত্ত অনেকগুলি বিদ্যালয় খুলিতে হইবে।

"Shall be the establishment and maintenance of the schools (not one school) in which instructions of a practical kind shall be given."

আরও স্থির হইল যে স্কুলগুলিতে যে সকল সামগ্রী প্রস্তুত হইবে সেই সকল বিক্রয় করিয়া যাহা লাভ হইবে তাহা হইতে যথা সম্ভব স্কুল প্রতিপালনের ব্যয় নির্ব্বাহ হইবে।

সভাতে ইংরেজ বাঙ্গালী উভয়ই সদস্য ছিলেন। তাঁহাদের মধ্যে কর্ণেল গডউইন (Col. Godwin R. E.) হডসন প্র্যাট (Hodson Pratt) রাজা প্রতাপ চন্দ্র সিংহ, হীরালাল শীল ইঁহাদের নাম বিশেষ উল্লেখ যোগ্য। H. Scott Smith বলিয়া শিক্ষা বিভাগের একজন কর্ম্মচারী ইহার সম্পাদক নিযুক্ত হ'ন। প্রথমে নিম্ন লিখিত বিষয় শিক্ষা দেওয়া হইবে স্থির হইয়াছিল।

(1) Elementary drawing. Drawing from models and Natural objects and architectural drawing.

(2) Etching and engraving on wood, metals and stone.

(3) Modelling including pottery.

১৪ই অগাষ্ট ১৮৫৪ সালে রাজা প্রতাপ চন্দ্র সিংহের অট্টালিকায় স্কুল খোলা হয়। যেই বৎসর নভেম্বর মাসে স্কুলটির বাস গৃহ সহর হইতে দূর হওয়াতে হীরালাল শীল (মতি শীলের জ্যেষ্ঠ পুত্র) তাঁহারই একটি গৃহ

স্কুলের ব্যবহারের নিমিত্ত দান করেন। দুই বৎসর পর্য্যন্ত কোন ভাড়া লইতেন না, তাহার পর নাম মাত্র ভাড়া নির্দ্ধারিত হয়।

১৮৫৫ সালে ফেব্রুয়ারি মাসে স্কুলের সংশ্লিষ্ট একটি সঙ্গীত বিদ্যালয় খুলিবার কথা হইয়াছিল কিন্তু এ প্রস্তাব তৎক্ষণাৎ পরিত্যক্ত হয়। সেই বৎসরের আরম্ভে ইংলণ্ড হইতে একজন কাঠের খোদাই শিখাইবার নিমিত্ত শিক্ষক আনা হয়। ঐ বৎসরই স্থির হয় যে স্কুলের তিনটি বিভাগ হইবে—

1. Modelling and Moulding Department.
2. Engraving and Lithographic Department.
3. Department of higher Drawing and Printing.

এতদ্ব্যতীত Photographic printing শিখাইবারও বন্দোবস্ত হয়। ইট গড়ান শিখাইবার কথা উঠে—স্থির হয় যে স্কুলে এ বিষয় শিক্ষা না দিয়া পাথুরেঘাটায়—("where pottery clay is abundant") ইহার নিমিত্ত একটি স্বতন্ত্র স্কুল খোলা হইবে। এরূপ স্কুল কখন গঠিত হয় নাই। উপরে যে তিনটি বিভাগের কথা বলিলাম নিয়ম হইল যে ছাত্রেরা শিখিবার নিমিত্ত প্রতি বিভাগে আড়াই টাকা করিয়া মাসিক বেতন দিবে। তবে তাহাদিগের কর্ত্তৃক নির্ম্মিত সামগ্রী বিক্রয় করিয়া যাহা লাভ হইবে তাহার এক অংশ তাহারা পাইবে।

যখন স্কুল গুলি খুলিবার প্রস্তাব হয় তখন স্থির হইয়াছিল যে সাধারণ হইতে চাঁদা সংগ্রহ করিয়া স্কুলের ব্যয় নির্ব্বাহ হইবে। প্রথম দুই বৎসর মাসে ২ প্রায় ২০০৲ টাকা চাঁদা উঠিত, তদ্ব্যতীত এককালীন দান হইতেও কিছু টাকা জমে। দুই বৎসরের পর চাঁদার টাকা অনেক কমিয়া যায়। পরে গভর্মেণ্টের সাহায্য স্কুল প্রতিপালনের প্রধান অবলম্বন হয়। বিশ্ববিদ্যালয় সংস্থাপনের সময় গভর্মেণ্ট হইতে Grant-in-aid হিসাবে মাসিক ৬০০৲ টাকা দেওয়া হইত।

প্রথম বৎসর যখন স্কুলটি খোলা হয় তখন ২৬৩ জন ছাত্র ভর্ত্তি হয় কিন্তু অল্প সময়ের মধ্যেই তাহাদের অধিকাংশ ছাড়িয়া দেয়। বৎসরের শেষে ৫৩ জন মাত্র ছাত্র ছিল। গড়ে ৬০ জন করিয়া ছাত্র পড়িত। ১৮৫৪ সালে অগাষ্ট মাসে স্কুলটি স্থাপিত হয়। ১৮৫৮ সালের এপ্রিল মাসের শেষ পর্য্যন্ত সর্ব্বশুদ্ধ ৫০৪ জন ছাত্র ভর্ত্তি হয়।

ইউরোপীয়—২

ফিরীঙ্গি—১৩৭

বাঙ্গলী হিন্দু—৩৫৬

বাঙ্গালী মুসলমান ৭

হিন্দুস্থানী—২

মোট ৫০৪

উপরে লিখিয়াছি প্রথম দুই বৎসর সাধারণে যথেষ্ট সাহায্য করিত। ইংলণ্ড হইতে ২৫০৲ টাকা বেতনে ড্রইং ও উড্ এন্‌গ্রেভিং শিখাইবার নিমিত্ত একজন শিক্ষক আনা হয়। ১৮৫৮ সালে জুলাই মাসে Moulding ও Modelling শিখাইবার নিমিত্ত আর একজন ইউরোপীয় শিক্ষক M. Regaud নিযুক্ত হয়। সেই সময় হইতেই স্কুলের অবস্থা হীন হইয়া আসে। ১৮৫৮ সালে পরিদর্শক Lt. Williams স্কুল পরিদর্শন করিয়া মন্তব্য প্রকাশ করেন :—

I am disposed to recommend Government to undertake the entire management of the school connecting it perhaps in some way with the C. E. College and looking to it to ultimately become a normal school for native drawing masters.

যে লোকটি Moulding ও Modelling শিক্ষাদিতে আসিয়াছিলেন

তিনি যতদিন ছিলেন ছাত্রদিগের বিশেষ উপকার হইয়াছিল। তিনি ১৮৫৮ সালের শেষে কার্য্য পরিত্যাগ করেন ও সেই সঙ্গে ক্লাসটি ও বন্ধ হইয়া যায়। ১৮৬০ সালে স্কুলের পরিচালকগণ একটি কুম্ভকারের ক্লাস খুলিতে মনস্থ করেন। ১১৮০ টাকা খরচ করিয়া একটি চুলা (Furnace) নির্ম্মাণ হয়। শিক্ষাদিবার নিমিত্ত একজন ইউরোপীয় ও একজন দেশীয় কুম্ভকার মাদ্রাজ হইতে আসে। কার্য্যারম্ভের পূর্ব্বেই কিন্তু উইরোপীয় কুম্ভকারটির মৃত্যু হয় ও পাণের ভয়ে মাদ্রজীটী স্বদেশে ফিরিয়া যায়। কাঠে খোদাই কার্য্যের ও বিশেষ সুবিধা হইত না। ১৮৬০ সালে ঐ শ্রেণীর সকল ছাত্র স্কুল ছাড়িয়া দেয়। তাহারা বলে যে বাহিরে কাজ করিলে অধিক উপার্জ্জনের সম্ভাবনা হয়। ঐ বৎসরই চিত্রশিক্ষা (drawing and oil painting) শ্রেণী বিশেষ উন্নতি লাভ করে। ৪২ জন বালক এই কার্য্য শিখিত।

স্ত্রী শিক্ষা।

এ দেশে বালিকা বিদ্যালয় স্থাপন সম্বন্ধে নানা প্রকার কিম্বদন্তি আছে। অনেকের মনে বিশ্বাস, যে এ সম্বন্ধে বেথুন সাহেব পথ প্রদর্শক ও তাঁহারই চেষ্টায় ও উদ্যোগে এদেশে প্রথমে বালিকা বিদ্যালয় স্থাপিত হয়। কথাটি অমূলক।

পূর্ব্বের এক পরিচ্ছেদে লিখিয়াছি যে রাজা রাধাকান্ত দেবের বাটীর নাট মন্দিরে পাঠশালার গুরু মহাশয় ও বালকগণের পরীক্ষা, ও পারিতোষিক বিতরণ হইত। সেই সময় বাঙ্গালী বালিকাদিগকে ও পারিতোষিক দেওয়া হয়। ইহা একবার মাত্র হইয়াছিল। বলা বাহুল্য এ কার্য্যে মিশনারীগণই বিশেষ উদ্‌যোগী ছিলেন। তাঁহাদের প্রকৃত উদ্দেশ্য বাঙ্গালীউদ্যোগ-কারীগণ সত্বরে বুঝিতে পারিয়াছিলেন ও সেই কারণে তাঁহারা এ বিষয়ে মিশনারীগণের সহিত সম্পর্ক শীঘ্রই পরিত্যাগ করেন।

এ দেশে স্ত্রী শিক্ষা কোন কালেই একেবারে অপরিচিত নহে। অনেক বাঙ্গালী গৃহে স্ত্রীলোকেরা লিখিতে পড়িতে শিখিত। স্ত্রীলোক কর্ত্তৃক কবিতা শ্লোক রচনা এক কালে অবিদিত সামগ্রী নয়, অনেক স্থলে বৈষ্ণব রমণীগণ গৃহস্থের গৃহে বালক বালিকাদিগকে শিক্ষা প্রদান করিত। তবে ইংরেজী হিসাবে পাশ্চাত্য শিক্ষা প্রদান পূর্ব্বে কেহ চেষ্টা করে নাই, যে চেষ্টা পরে হইল।

যখন সকল ভদ্র গ্রামে ইংরেজী স্কুল স্থাপনের চেষ্টা হইতেছিল সেই সময় অনেক স্থানেই বালিকা বিদ্যালয় খুলিবার প্রস্তাব হয়। কোন্ গ্রামে প্রথমে এইরূপ বিদ্যালয় স্থাপিত হইয়াছিল তাহা নির্ণয় করা কঠিন; করিতে পারিলেও বিশেষ ফল হইবে না। বারাসাতে প্রথমে বালিকা বিদ্যালয় গঠিত হইয়াছিল ইহাই সাধারণের ধারণা; কথাটীও সত্য কালিকৃষ্ণ মিত্র ছিলেন এই কার্য্যেরপ্রধান উদ্যোগী। পিয়ারী চরণ সরকার, সুখময় বন্দোপাধ্যায়, গিরিশচন্দ্র রায়, কালিপ্রসাদ বন্দোপাধ্যায় কেদারনাথ মুখোপাধ্যায়, নবীনচন্দ্র মিত্র, দুর্গাচরণ চট্টোপাধ্যায় তাঁহারা উঁহাদের সহোযোগী ছিলেন। নিঃস্ব বালকদিগের নিমিত্ত ইঁহারা বারাসতে একটি অবৈতনিক স্কুল খুলেন ও গভর্ণমেণ্টের নিকট ঐ স্কুলটী চালাইতে সাহায্য প্রার্থনা করেন। গভর্ণমেণ্ট সাহায্য দানে অস্বীকৃত হন তবে বালিকা বিদ্যালয়ের সম্বন্ধে কালিকৃষ্ণ মিত্র ও তাঁহার সহযোগীগণকে জানান হইল যে যতদিন পর্য্যন্ত তাঁহাদের প্রতিষ্ঠিত বালিকা বিদ্যালয়টি জীবিত থাকিবে ততদিন পর্য্যন্ত ইহার অভিভাবকগণ ৬০টি করিয়া দরিদ্র বালক মনোনীত করিতে পারিবেন ও সেই বালক গুলি বিনা বেতনে গবর্ণমেণ্ট স্কুলে পড়িতে পারিবে।

শিক্ষা সম্বন্ধে পশ্চিম বাঙ্গলায় জয়কৃষ্ণ মুখোপাধ্যায় ও তাঁহার ভ্রাতা রাজকৃষ্ণ মুখোপাধ্যায় এই দুই জনের নাম শীর্ষস্থানীয়। ১৮৪৯ খৃষ্টাব্দে এসম্বন্ধে শিক্ষাসমিতির নিকট তাঁহারা যে পত্র লিখেন ও তাহার উত্তর

নিয়ে দিলাম। বেথুন সাহেবের নামে যে বালিকা বিদ্যালয়টি আছে তাহা বারাসতে স্থাপিত বালিকা স্কুলের পরে স্থাপিত হয়।

Proposal to establish a female school at Ooterparah.

In August 1849, the Council (General Council of Education) received the following communication from Baboos Joykissen and Rajkissen Mookherjee, relative to the establishment of a female school at Ooterparah near Howrah.

" Relying upon the hopes of assistance held out by the Council in your letter No. 46, dated 11th June 1845, we have been enabled at last to mature our plan for female education and have now the pleasure to submit the following proposal for the favourable consideration of the Council of Education.

" It has been observed by persons who have discussed the subject that insuperable obstacles exist in the way of educating the females of India until some great change takes place, in the social condition of the country, and the utter impossibility is maintained in imparting education to the females of the respectable portion of the community under the peculiar manners, customs and habits of the people of India.

" The education of the females of India, however, has not yet gone through that ordeal of actual experiment, which would enable us to form a fair criterion

of the value of opinions expressed unfavourably to a subject of such importance.

"Many respectable people of this neighbourhood concur with us in thinking that if an experimental school for the education of female children should be established here under the patronage of Government, it may, if successful, eventually lead to the establishment of others all over the country. We therefore beg to propose to place in the hands of Government, landed property yielding a clear monthly income of 60 rupees provided the Government will pay a like sum for the furtherance of the object—the cost of the building will be about 2,000 rupees, which shall be equally borne by the Government and ourselves.

"We will also give a suitable piece of land for the erection of a school-house. We beg to subjoin a list of monthly expenditure prepared after due enquiries for the information of Government.

1 Head European Mistress ..	Rs.	80
1 Old Pundit	,,	15
1 Female servant	,,	4
1 Male servant	,,	4
Books and stationery ..	,,	7
Working materials such as wool, cotton, and paint &c. ..	,,	10
	Rs.	120

"We need hardly add that, to ensure success, the proposed institution should not be only free of expense to the pupils, but also the whole of the things worked by them should be given them gratis, independent of prizes, which particular individuals may earn by their own exertions.

"The course of study should be confined, to drawing, and needle-work, with this proviso that English education should be imparted to such of the pupils, whose parents or guardians may desire it by written application." (Education Report—1849).

প্রত্যুত্তরে শিক্ষা সমিতি উত্তর প্রদান করিলেন ঃ—

"They regretted that the existing state of the education funds would not permit them to entertain the proposal submitted."

এদেশে সকল প্রকার শিক্ষা বিস্তারের নিমিত্ত লড হার্ডিঞ্জ বিশেষ উদ্যোগী ছিলেন। বাঙ্গালাস্কুলস্থাপণের কথা যথাস্থানে লিখিয়াছি। তাঁহার পরবর্ত্তী শাসনকর্ত্তা লর্ড ডেলহাউসি কিছুপরিমাণে সেই ভাব রাখিয়া ছিলেন। স্ত্রী শিক্ষা সম্বন্ধে তিনি যে মন্তব্য প্রকাশ করেন তাহা হইতে এদেশের উন্নতির সহিত তাঁহার সহানুভূতির পরিচয় পাওয়া যাইবে। তবে কোনও প্রকার শিক্ষা বিস্তারের সহিত সাধারণ এংলো-ইণ্ডিয়ান কর্ম্মচারীদিগের যে কোন কালে বিশেষ ঘনিষ্ঠ সম্পর্ক ছিল তাহার প্রমান পাওয়া কঠিন। বাঙ্গলা স্কুলগুলি রাখিবার নিমিত্ত বরং কিছুদিন চেষ্টা হইয়াছিল, স্ত্রী শিক্ষা সম্বন্ধে জেলার কর্ম্মচারীগণ কি করিয়াছিলেন তাহার ইতিহাস আজও (উপাদান অভাবে) লিখিত হয় নাই।

"The most important occurrence of the past year was an intimation from the Government that the Council of Education were hence forward to consider their functions as comprising the superintendence of Native Female Education. The following communication on the subject, addressed by the Government of India to the Government of Bengal, was communicated to the Council, for their information and guidance in April last. (1850).

Native Female Education.

FEMALE EDUCATION.

From—F. J. Halliday, Esq., Secretary to the Government of India,

To—J. P. Grant, Esq., Secretary to the Government of Bengal.

Sir,

The attention of the Governor General in Council has been lately directed toward the subject of female Education in Bengal. Thirty five years have elapsed, since the establishment of the Hindu College gave the first great impulse to that desire for European knowledge, which is now so general throughout the Country. Under the influence of the new ideas which have been widely disseminated among large and influential classess of the community, through the Government Schools and Colleges, it is

Home Depart

reasonable to believe that further attempts for improving the moral and social condition of the people, may be successfully made, which at an earlier period would have failed altogether to produce any satisfactory result.

2. It is the opinion of the Governor General in Council thnt no single change in the habits of the people is likely to lead to more important and beneficial consequences, then the introduction of education for their female children. The general practice is to allow them to grow up in absolute ignorance; but this custom is not required or even sanctioned by their religion; and in fact a certain degree of education is now given to the female relatives of those who can afford the expense of entertaining special instructors at their own houses. This method of imparting knowledge is impracticable as a general system, but it appears to the Governor General in Council that it is quite possible to establish female schools, in which precautions may be adopted for as close seclusion of the girls as the customs of the country may require. An experiment of a school of this kind in Calcutta has been tried by the Hon'ble Mr. Bethune since May of last year; which, in the face of considerable, opposition, such as every novelty is sure to encounter in Bengal, at present contaius thirty-four pupils, the children of persons of

good caste and respectable connexions. The success which has been accomplished in so short a time, far exceeding any expectation its most sanguine supporters would have been justified in entertaining at the commencement, receives a double value from the consideration that it has been achieved by the exertions of a private individual, and cannot be attributed to the influence of the power of Government.

3. The example given by Mr. Bethune in his school has His Lordship in Council is informed, been imitated by educated natives in other parts of Bengal.

4. The Governor General in Council considers that a great work has been done in the first successful introduction of Native Female Education in India on a sound and solid foundation and that the Government ought to give to it, its frank and cordial support.

5. The Governor General in Council requests that the Council of Education may be informed that it is henceforward to consider its functions as comprising the Superintendence of Native Female Education, and that, wherever any disposition is shown by the natives to establish female schools, it will be its duty to give them all possible encouragement ; and further their plans in every way, that is not inconsistent with the efficiency of the insti-

tutions already under their management. It is the wish also of the Governor-General in Council that intimation to the some effect should be given to the chief civil officers of the Moffussil, calling their attention to the foregoing disposition among the Natives to establish female schools and directing them to use all means at their disposal for encouraging those institutions, and for making it generally known that Government views them with very great approbation.

I have, etc.,

Council Chamber — F. J. Halliday,

11th April 1850. — *Secy to the Govt. of India.*

"The Council (General Council of Education) lost no time in making known the sentiments of the Government to all persons connected with the Institutions already under their charge, requesting them to give the fullest possible effect to the Government instructions, by making them generally known to all in their neighbourhood who take an interest in or are likelyly to aid the cause."

এই আদেশ পত্রে বিশেষ কিছু কাজ হয় নাই, বালিকা বিদ্যালয় স্থাপনের নিমিত্ত কোন প্রজার সাহায্য প্রদান অথবা প্রদানের প্রতিশ্রুতি হয় নাই। সেই উদ্দেশ্যে কোনপ্রকার নিয়ম বিধিবদ্ধ হয় নাই। পূর্ব্বের ন্যায় পল্লীগ্রামে যে স্থানে লোকেরা পারিত সেই স্থানে বালিকা বিদ্যালয় স্থাপিত হইত। এরূপ স্কুলগুলি প্রায়ই উৎসাহ অভাবে অল্পদিনের মধ্যে উঠিয়া যাইত। ১৮৫৪ সালে ভারত পরিচালনা সভা শিক্ষা সম্বন্ধে

যে মন্তব্য পাঠান (Educational Despatch of 1854) তাহাতে স্ত্রী শিক্ষার কথা ছিল। বালকদিগের শিক্ষার জন্য যে প্রকার সাহায্য দান প্রথার (Grant-in-aid) কথা উঠে বালিকা বিদ্যালয়ে উৎসাহ প্রদান সম্বন্ধে সেই প্রকার ইঙ্গিত ছিল। ভারত পরিচালনা সভার মন্তব্য হইতে স্ত্রী শিক্ষা সম্বন্ধে অংশ টুকু নিম্নে উদ্ধৃত করিলাম।

"The importace of female education in India cannot be over-rated ; and we have observed with pleasure the evidence which is now afforded of an increased desire on the part of many of the natives of India to give a good education to their daughters. By this means a far greater proportional impulse is imparted to the educational and moral tone of the people than by the education of men. We have already observed that schools for females are included among those to which grant-in-aid may be given, and we cannot refrain from expressing own cordial sympathy with the effort which are being made in this direction. Our Governor-General in Council has declared in communication to the Government of Bengal that the Government ought to give the native female education in India its frank and cordial support, in this we heartily concur and we specially approve of the bestowal of marks of honor upon such native gentlemen as Rao Bahadur Magaubhai Karamchand, who devoted 20,000 rupees to the foundation of two native female schools in Ahmedabad, as by such

means our desire for the extension of female education becomes generally known."

এইরূপ সহানুভূতি প্রদর্শনেও স্ত্রীশিক্ষার বিশেষ উপকার হইল না। যখন সাহায্য প্রদান প্রথা এদেশে প্রবর্ত্তিত হইবার চেষ্টা হইতেছিল তখন সেই সম্বন্ধে কতকগুলি নিয়ম লিপিবদ্ধ হয়। সত্বরেই দেখা গেল যে বালক ও বালিকাদিগের স্কুল সম্বন্ধে একপ্রকার নিয়ম হইলে বালিকা বিদ্যালয়ের পক্ষে সাহায্যপ্রাপ্তি একপ্রকার অসম্ভব হইবে। বাঙ্গলা প্রাদেশিক গভর্ণমেণ্ট ভারত গভর্ণমেণ্টকে এ কথা জানাইলেন, ভারত গভর্ণমেণ্ট নিয়মগুলির কোন প্রকার পরিবর্ত্তন করিতে সম্মত হইলেন না।

এই সম্বন্ধে বাঙ্গলা গভর্ণমেণ্ট ও ভারতবর্ষীয় গভর্ণমেণ্ট হইতে যে চিঠিপত্র লেখালেখি হয় তাহাদের মূল নিম্নে দিলাম।

From

The Junior Secretary to the Government of Bengal,

To

The Secretary to the Government of India, Home Department.

Dated Fort William, the 13th April, 1858.

SIR, I am directed to bring to the notice of the Hon'ble the President in Council that the Lientenant-Governor has received applications from the Director of Public Instruction for grant-in-aid of numerous Native Female Schools

General Education.

which it is proposed to establish in different districts in East and South Bengal, but at present his Honour finds himself precluded from giving any assistance to these Institutions unless the rules in force regarding ordinary grant-in-aid are to some extent, specially relaxed in their favour.

"It can admit of little doubt that Female Schools, if heartily encouraged and carefully—fostered, will be most important and useful in the promotion of civilisation and the Hon'ble the Court of Directors in their Despatch No. 96 of the 1st October, 1856 to the address of the Government of India were pleased to give a certain amount of hope of encouragement by exempting Female Schools from the payment of schooling fees:—

"But the very slender hold which these institutions have at present on the sympathies of the people renders it absolutely necessary that some further concession should be made in their favour until their good effects may come to be more widely felt and appreciated by the native public.

"The principal obstacle which is encountered in any attempt to establish a female school is to be found in the reluctance with which the respectable inhabitants of a Hindu town or a village can be pursuaded to allow their girls to attend such an institution. If their consent

to this point is obtained it must be considered that a great object is accomplished and where even this much is effected, it would be a pity to withdraw from the field without taking advantage of this favourable manifestation of opinion. If but a small beginning is made. it may, in a short time, become that the daughters of a native family should be educated, and their attendance at school may come to be looked on as much a matter of course, as it is now for the boys of a family.

"From the applications before the Lieutenant-Governor it appears that in most instances the people of the villages have offered to provide a house for the school. This is generally the utmost that can he expected from their scanty means and timid mind, but where this is done, and as many as 20 girls of decent parentage can be got to attend the school, who can say how great an end is obtained ?

"The number of applications now pending before the Lieutenant-Governor is 26, and the number of the girls expected to attend the schools is 871, and His Honour confidently but respectfully solicits the authority of the Hon'ble the President in the Council so far to modify the existing Rules regarding grant-in-aid on behalf of female schools, that whenever a suitable school house is provided and the attendance of as many as 20 girls is

promised, the payment of all the other expenses of maintaining the school shall be defrayed by the Government.

I have etc.

C. T. Buckland.

Junior Secretary to the Government of Bengal.

"From

C. Beadon Esq.

Secretary to the Government of India.

To

C. T. Buckland Esq.

Junior Secretary to the Government of Bengal.

Sir,

" I am directed to acknowledge the receipt of your Letter No. 695, dated the 13th ultimo proposing that Government should bear the whole of the expense of Female Schools, upon condition that the people provide some kind of a school house, and that at least 20 girls attend at each school.

Home Department Education.

" The Hon'ble the President in Council is unwilling to allow of the abrogation of the grant-in-aid rules in favour of Female schools and informs His Honour in Council that unless Female Schools are really and materially supported by voluntary aid, they had better

not be established at all, and indeed that the voluntary aid of the neighbourhood is by far the most important element of success.

"The present proposition cannot therefore be entertained.

I have etc.,

(Signed) Cecil Beadon,

Secretary to the Government of India

Council Chamber, the 7th May 1858.

তাহার পর সিপাহী বিদ্রোহ হইল। সিপাহী বিদ্রোহের পর এদেশের সকল প্রকার শাসন সংক্রান্ত কার্য্য, ইংলণ্ডে কর্ত্তৃপক্ষগণের সমালোচনার অধীনে আসে। সকল প্রকার শিক্ষার সহিত দেশের লোকদিগের অসন্তোষের সম্বন্ধ, ইংলণ্ডে বিচারের সামগ্রী হয়। তৎকালীন ইংলণ্ডস্থিত Board of Controlএর সভাপতি ভূতপূর্ব্ব গভর্ণর জেনারল লর্ড এলেনবরা ভারত পরিচালনা সভার সভাপতিকে ভারতবর্ষে অসন্তোষের সম্বন্ধে এক তীব্র-মন্তব্য পাঠান। মন্তব্যখানি এদেশে আসিলে শিক্ষাবিভাগের অধ্যক্ষ শিক্ষা সম্বন্ধে তাহার প্রত্যুত্তর দান করেন। স্ত্রী শিক্ষা সম্বন্ধে Board of Controlএর সভাপতির লেখার ভাব হইতে মনে হয় যে তিনি ভাবিতেন এদেশে যে সকল বালিকা-বিদ্যালয় স্থাপিত হইয়াছিল তাহাতে এদেশের লোকেরা বাধ্য হইয়া নিজ কন্যাগণকে পাঠাইত। তিনি লিখিলেন যে ভারতবাসী সকল শ্রেণীর মধ্যে বিশেষ ভদ্র পরিবারদিগের মধ্যে স্ত্রী শিক্ষা অতিশয় অপ্রীতিকর।

9. 'To send a female child to any school, to which

any man whatever can be present, is so entirely at variance with native feelings, that it is hardly credible that the attendance of any such children can have been really voluntary, on the part of the parents.

10. There is throughout India, specially among the higher classes, a strong prejudice in favour of domestic education."

ইহার উত্তরে বাঙ্গলা দেশের শিক্ষাবিভাগের অধ্যক্ষ (Director of Public Instruction) লিখিলেন ;—

"There is undoubtedly a prejudice among the higher classes in favour of domestic education for female children (as there is among ourselves I believe) ; but many of these who can not effect this kind of education are willing to send their daughters under marriageable age to be taught by old pundits or female teachers. The willingness is rapidly spreading in those parts of Bengal where the advantages of education are appreciated and instances are not wanting of girls being sent to boy's schools rather than to none at all. As one instance of what is to be done—in this way, I may briefly advert to the forty female schools set up by Pundit Iswar Chandra Sarma in villages in Burdwan and Hughly. During the course of the last twelve months or less, the attendance of which, before they were abolished (as they have recently been done under orders from the Supreme Government)

amounted to about 1370 girls. No one will I think suspect the pundit of having acted as he did merely to curry favour with his superiors. Indeed he has found to his cost that the result has been just the reverse and that owing to his having acted in anticipation of the circular of the Government, he is in danger of suffering severely, in purse and credit.

তখন বালকদিগের নিমিত্ত জেলায় ২ মডেল স্কুলস্থাপনের প্রস্তাব হইয়েছিল। সেই ভাবের আটটি মডেল বালিকা বিদ্যালয় হুগলী বর্দ্ধমান ও ২৪ পরগণায় স্থাপন করিবার নিমিত্ত ভারত গবর্ণমেণ্ট ইংলণ্ডে Secretary of State সমীপে আবেদন করেন। ভারত গভর্ণমেণ্ট এ কার্য্যের নিমিত্ত বার্ষিক ১০০০৲ টাকা ব্যয় করিবার অনুমতি প্রার্থণা করেন। "That a grant not exceeding Rs. 1000 per mensem, should be made for the establishment of Female Schools in Hughly, Burdwan and the 24-Pargannas a portion to be expended in assisting such schools as are established by Pundit Iswar Chunder Sarma, and a portion in a few Model Schools to be supported by the Government."

আবেদনের প্রত্যুত্তরে তৎকালীন ভারতসচীব জানাইলেন যে ;—

"Her Majesty's Government cannot entertain the proposal during the existing financial pressure."

১৮৫৯ সালে কলিকাতা ও ২৪ পরগণার ডেপুটি ইনস্পেক্টর লিখিলেন :—"মজিলপুরে (তাঁহার নিজ জন্মস্থান) ডাক্তার প্রিয় নাথ রায় একটি বালিকা বিদ্যালয় খুলিয়াছেন। ৩১টী বালিকা শিক্ষালাভ করে। সৈয়দপুরে ঈশান চন্দ্র চট্টোপাধ্যায় একটী স্কুল খুলিয়াছেন, ৪০টি বালিকা

পড়ে ; অধিকাংশ ব্রাহ্মণ কন্যা। বারাসতের নিকট নিবধোতে গোপাল চন্দ্র দত্ত একটি স্কুল খুলিয়াছেন, নৈইহাটীতে শ্যামাচরণ সরকার একটী স্কুল স্থাপন করিয়াছেন, যশোহর জেলায় রারুলি ও নাজুরাস্তে দুইটি স্কুল হইয়াছে। ঢাকাসহরে তিনটী স্কুল আছে। The Deputy Inspector of Dacca remarks in his report that :—

"It is worthy of your notice that the people are not so much averse to Female Education as to female schools. Every here and there, girls as well as ladies, daughters as well as wives of respectable families are heard, although under certain restrictions to be going on with the elements of the Bengali language."

The Deputy Inspector of Jessore says :—

"There is however one cheering circumstance connected with female education in Jessore. In many circles there are girls who attend the schools along with their brothers and cousins. Indeed, I have found by reference that female education in this shape seems never to be objected to, whilst education in schools professedly for girls has invariably to contend with some prejudice more or less strong."

ঢাকার পোগোজ স্কুলের ছাত্রগণ ১৮৫৯ সালে নিজেরা একটী বালিকা বিদ্যালয় খুলে।

Native Female Schools. (১৮৫৯-৬০)

ঢাকা বাঙ্গলা বাজার	২০
„ লালবাগ	১৭

যশোহর খাজুরা	১০
„ রাড়ুলি	১৪
২৪ পরগনায় সৈয়দপুর	৪০

স্বাধীন

ঢাকা বঙ্গ স্কুল	২৫
নিবুধো	২০
নৈহাটী	২০
বারাসত	১৯
মজিলপুর	৩১

বালকদিগের স্কুলে বালিকাদিগের সংখ্যা

২৪ পরগণায় ১৩টী স্কুলে	৫২
বারাসতে ০টী স্কুলে	১৬
যসোহরে ৪টী স্কুলে	৮

২৯২

শিক্ষা বিভাগের অধ্যক্ষ গভর্ণমেণ্টকে জানাইলেন যে বালিকা-বিদ্যালয়ের সংখ্যা আরও বাড়িত, তবে ভারত গভর্ণমেণ্টের আদেশ ফলে নূতন বিদ্যালয় খুলিবার চেষ্টা হয় নাই।”

“The number of such schools would doubtless have increased, but measures for extending the operations of the Department in this direction were discontinued in compliance with the orders of the Supreme Government.

“His Honour the President in Council being of opinion that unless Female Schools are really supported by voluntary aid they had better not be established at all.”

এদেশে পাশ্চাত্য প্রণালীতে স্ত্রী-শিক্ষা প্রবর্ত্তন ও প্রচারের কাহিনী অতি অল্প কথায় লিখিতে পারা যায়। উনবিংশ শতাব্দীর প্রথম ভাগে পাদ্রী-গণ নিজেদের অভিপ্রায় সিদ্ধির নিমিত্ত স্ত্রী-শিক্ষা প্রচলনের চেষ্টা করেন। তৎকালীন জনকয়েক ইউরোপীয় মহিলাগণ সভা সমিতি করিয়া তাহাদের এ কার্য্যে সাহায্য করিবার চেষ্টা করিয়াছিলেন। রাধাকান্ত দেব প্রমুখ দেশীয় নেতৃগণ প্রথমে যথেষ্ট সহানুভূতি প্রকাশ করেন। তবে পাদ্রীগণের মূল অভিসন্ধি বুঝিতে পারিয়া তাঁহারা তাঁহাদের সম্পর্ক শীঘ্রই পরিত্যাগ করেন। এদিকে ইংরেজী শিক্ষা দেশ মধ্যে বিস্তৃত হইতে লাগিল; নব শিক্ষিত বাঙ্গালীরা নিজ ভগ্নি কন্যাদিগকে পাশ্চাত্য প্রণালীতে শিক্ষা দিবার নিমিত্ত ব্যস্ত হইয়া উঠিল। নিম্ন ও উচ্চ বৃত্তিধারী যুবকদল স্ত্রী-শিক্ষা সম্বন্ধে আলোচনা করিতে লাগিলেন। ১৮৪০ সালের পর হইতেই যে গ্রামে ভদ্রলোকেরা বাস করিতেন তথায় বালিকা স্কুল স্থাপন সম্বন্ধে আন্দোলন ও চেষ্টা হইত। ছোটজাগুলিয়াতে ইংরেজী স্কুল, বাঙ্গলা স্কুল, বালিকা-বিদ্যালয় এ তিনই এক সময়ে স্থাপিত হয়। এ সম্বন্ধে বারাসাত এক প্রকার পথ প্রদর্শক ছিল। যে সময়ের কথা বলিতেছি তখন বারাসাত জেলায় সদর ছিল। এক্ষণে যাহাকে প্রেসিডেন্সি বিভাগ বলে পূর্ব্বে তাহারই এক অংশকে বারা-সাত বিভাগ বলিত। ১৮৪০ হইতে ১৮৫০ সালের মধ্যে বারাসাতে একদল কৃতবিদ্য দেশ হিতৈষী আদর্শ চরিত্র বাঙ্গালীর অভ্যুদয় হয়। তাঁহাদের মধ্যে দুই জনকার নাম, কালীকৃষ্ণ মিত্র ও পিয়ারী চরণ সরকার বিশেষ উল্লেখ যোগ্য। ১৮৪০ সালের পর হইতেই বালিকা-বিদ্যালয়ের সূচনা বারাসাতে হয়। তখন বারাসতের নিকটে অনেক বর্দ্ধিষ্ণু গ্রাম ছিল। নিবাধু, বামুনমুড়ো, জাগুলিয়া, এ সকল গ্রামে অনেক শিক্ষিত ও সম্ভ্রান্ত ব্যক্তি বাস করিতেন। তাঁহারও স্ব স্ব গ্রামে বালক বালিকা দিগের শিক্ষার নিমিত্ত স্কুল স্থাপন করেন। জয়কৃষ্ণ

